তাহাতে সমস্ত রুদ্র, আদিত্য, অশ্বিনীকুমার ও বসু উপস্থিত ছিলেন এবং অগ্নি, চন্দ্র ও সূর্য্যের ন্যায় উজ্জ্বলমূর্ত্তি প্রধান প্রধান মহর্ষি, রাজর্ষি, সিদ্ধ, চারণ, যক্ষ ও মহানাগ—ইঁহারা সকলে পদ, গৌরব ও প্রভাব অনুসারে উপযুক্ত স্থানে উপবেশন করিয়া অলঙ্কারপ্রভৃতির কিরণে জ্বলিতেছিলেন; গন্ধর্ব্বগণ বীণা বাজাইতেছিলেন, অলৌকিক মনোহর গান চলিতেছিল এবং প্রধান প্রধান সমস্ত অপ্সরা নৃত্য করিতেছিল, কুরুশ্রেষ্ঠ পৃথানন্দন! এমন সময়ে নাকি আপনি নির্নিমেষ নয়নে একমাত্র আমাকেই দেখিয়াছিলেন ॥৪০—৪৫॥

তখন দেবগণের সেই আসরটী সমাপ্ত হইলে, আপনার পিতার (ইন্দ্রের) অনুমতিক্রমে দেবতারা আপন আপন গৃহে চলিয়া গেলেন ॥৪৬॥

এবং আপনার পিতা বিদায় দিলে পর, প্রধান ও অপ্রধান সকল অপ্সরাই আপন আপন গৃহে চলিয়া গেল ॥৪৭॥

(৪৪) ..বীণাসু ঘট্ট্যমানাসু—পি (৪৫) ত্বং কিলানিমিষঃ—পি।
(৪৬)...তত্র চাবভৃথে তস্মিন্—বা ব কা নি।

ততঃ শক্রেণ সন্দিষ্টশ্চিত্রসেনো মমান্তিকম্।
প্রাপ্তঃ কমলপত্রাক্ষ! স চ মামব্রবীদথ ॥৪৮॥
ত্বৎকৃতেঽহং সুরেশেন প্রেষিতো বরবর্ণিনি!।
প্রিয়ং কুরু মহেন্দ্রস্য মম চৈবাত্মনশ্চ হ ॥৪৯॥
শক্রতুল্যং রণে শূরং রূপৌদার্য্যগুণান্বিতম্।
পার্থং প্রার্থয় সুশ্রোণি! ত্বমিত্যেব তদাব্রবীৎ ॥৫০॥
ততোঽহং সমনুজ্ঞাতা তেন পিত্রা চ তেঽনঘ!।
তবান্তিকমনুপ্রাপ্তা শুশ্রূষিতুমরিন্দম! ॥৫১॥
ত্বদ্গুণাকৃষ্টচিত্তাহমনঙ্গবশমাগতা।
চিরাভিলষিতো বীর! মমাপ্যেষ মনোরথঃ ॥৫২॥

ভারতকৌমুদী

তথেতি। বিশিষ্টাঃ প্রধানাঃ। অন্যা অবিশিষ্টা অপ্রধানাশ্চ ॥৪৭॥
তত ইতি। সন্দিষ্টঃ সন্দিশ্য প্রেষিতঃ। প্রাপ্ত উপস্থিতঃ, স চিত্রসেনঃ ॥৪৮॥
কিমব্রবীদিত্যাহ—ত্বদিতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে। প্রিয়ং প্রীতিকরং কার্য্যম্ ॥৪৯॥
কিং তৎ প্রিয়মিত্যাহ—শক্রেতি। পার্থমর্জ্জুনম্, প্রার্থয় রমণমিতি শেষঃ ॥৫০॥
তত ইতি। তেন চিত্রসেনেন। শুশ্রূষিতুং রমণেন সেবিতুম্ ॥৫১॥
ত্বদিতি। চিরাভিলষিতস্ত্বম্। অতএব এষ সঙ্গমঃ, মমাপি মনোরথস্তদ্বিষয়ঃ ॥৫২॥

ভারতভাবদীপঃ

সমাসঃ ॥২৭॥ অবেদ্যবৎ দোষবৎ ॥২৮—৪৫॥ অবভৃথো যজ্ঞান্তস্নানং তৎপ্রাপ্য ॥৪৬—৫০॥ তেন

হে পদ্মনয়ন! তাহার পর, দেবরাজ চিত্রসেনকে বক্তব্য বিষয় বলিয়া দিয়া আমার নিকট পাঠাইয়া দিলেন, তিনিও আসিয়া আমাকে বলিলেন—॥৪৮॥

"বরবর্ণিনি! দেবরাজ তোমার জন্যই আমাকে পাঠাইয়া দিয়াছেন, অতএব তুমি দেবরাজের, আমার ও নিজের প্রিয় কার্য্য কর ॥৪৯॥

সুনিতম্বে! অর্জ্জুন—যুদ্ধে ইন্দ্রেরই তুল্য বীর, বিশেষতঃ রূপ ও উদারতা-প্রভৃতি গুণসম্পন্ন, সুতরাং তুমিই যাইয়া তাঁহার নিকট রতি প্রার্থনা কর" এইরূপই চিত্রসেন বলিয়াছেন ॥৫০॥

হে নিষ্পাপ শত্রুদমন! তাহার পর আমি চিত্রসেনের এবং আপনার পিতার অনুমতিক্রমে আপনারই সেবা করিবার জন্য আপনার নিকট আসিয়াছি ॥৫১॥

বীর! আমার চিত্ত আপনার গুণে আকৃষ্ট হইয়াছে, আমি কামের বশীভূত হইয়া পড়িয়াছি, আপনি আমার চিরাভিলষিত, সুতরাং এ বিষয়টা আমারও অভীষ্ট" ॥৫২॥

বৈশম্পায়ন উবাচ।

তাং তথা ব্রুবতীং শ্রুত্বা ভৃশং লজ্জাবৃতোঽর্জ্জুনঃ।
উবাচ কর্ণৌ হস্তাভ্যাং পিধায় ত্রিদশালয়ে ॥৫৩॥
দুঃশ্রুতং মেঽস্তু সুভগে! যন্মাং বদসি ভাবিনি!।
গুরুদারৈঃ সমানা ত্বং নিত্যমেষা মতির্মম ॥৫৪॥
যথা কুন্তী মহাভাগা যথেন্দ্রাণী শচী মম।
তথা ত্বমপি কল্যাণী নাত্র কার্য্যা বিচারণা ॥৫৫॥
যচ্চেক্ষিতাসি বিস্পষ্টং বিশেষেণ ময়া শুভে!।
তচ্চ কারণপূর্ব্বং হি শৃণু সত্যং শুচিস্মিতে! ॥৫৬॥
ইয়ং পৌরববংশস্য জননী বিদিতেতি হ।
ত্বামহং দৃষ্টবাংস্তত্র বিজ্ঞায়োৎফুল্ললোচনঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

তামিতি। পিধায় আবৃত্য, মাতৃস্থানীয়তয়া তদ্বচনস্যাশ্রাব্যত্বাদিত্যাশয়ঃ ॥৫৩॥
দুরিতি। দুঃশ্রুতম্ অন্যায্যমাকর্ণিতম্। গুরুদারৈঃ সমানা, পিতৃভুক্তত্বাৎ ॥৫৪॥
গুরুদারসমানত্বমাহ—যথেতি। ত্বমপি তথা, পিত্রা ইন্দ্রেণ ভুক্তত্বাদিতি ভাবঃ ॥৫৫॥
তর্হি তদা কথং মাং তথা দৃষ্টবানসীত্যাহ—যদিতি। কারণপূর্ব্বং বিশেষকারণপ্রযুক্তম্ ॥৫৬॥
কিং তৎ কারণমিত্যাহ—ইয়মিতি। ইয়মুর্ব্বশী, পৌরববংশস্য জননী উৎপাদয়িত্রী, বিদিতা সর্ব্বৈরবগতা, ইতি বিজ্ঞায় সংস্মৃত্য অহম্, উৎফুল্ললোচনঃ সন্, তত্র নৃত্যসময়ে, ত্বাং দৃষ্টবান্, ঈদৃগ্ দীর্ঘবয়া অধুনাপি নবযৌবনৈব স্থিতেতি বিস্ময়াৎ কৌতুকাচ্চ ন পুনঃ কামাদিত্যাশয়ঃ। মনোঃ পৌত্রঃ পুরূরবা ভোগায় স্বর্গাদুর্ব্বশীমানিনায়, তস্যা গর্ভে পুরূরবস আয়ুপ্রভৃতয়ঃ

বৈশম্পায়ন কহিলেন—উর্ব্বশী এইরূপ বলিলে, অর্জ্জুন তাহা শুনিয়া অত্যন্ত লজ্জিত হইলেন এবং সেই স্বর্গলোকে হস্তযুগলদ্বারা কর্ণযুগল আবৃত করিয়া বলিলেন—॥৫৩॥

"ভাগ্যবতি! আপনি আমাকে যাহা বলিলেন, তাহা আমার শ্রবণ করাই অসঙ্গত হইল। কারণ, আপনি আমার গুরুপত্নীতুল্য, ইহাই আমার সর্ব্বদা ধারণা ॥৫৪॥

আমার নিকট যেমন কুন্তী এবং যেমন মহাভাগা শচী, আপনিও তেমনই; এ বিষয়ে বিচার করাই উচিত নহে ॥৫৫॥

তবে, আমি যে বিশেষরূপে ও সুস্পষ্টভাবে আপনাকে দেখিয়াছিলাম, তাহা কোন কারণবশতঃ, সে বিষয়ে সত্যকথা শুনুন ॥৫৬॥

(৫৪)…ভামিনি! নি ‥গুরুদারৈঃ সমানা মে নিশ্চয়েন বরাননে।—বা ব কা নি।
(৫৫) এষ শ্লোকঃ পি নাস্তি। (৫৭)…জননী মুদিতেহি হ—বা ব কা।

ন মার্মর্হসি কল্যাণি! অন্যথা মন্তুমপ্সরঃ।।
গুরোগু´রুতরা মে ত্বং মম বংশবিবর্দ্ধিনী ॥৫৮॥
উর্ব্বশ্যুবাচ।
অনাবৃতাশ্চ সর্ব্বাঃ স্ম দেবরাজাভিনন্দন!।
গুরুস্থানে ন মাং বীর! নিযোক্তুং ত্বমিহার্হসি ॥৫৯॥
পুরোর্বংশে হি যে পুত্রা নপ্তারো বা ত্বিহাগতাঃ।
তপসা রময়ন্ত্যস্মান্ ন চ তেষাং ব্যতিক্রমঃ ॥৬০॥

ভারতকৌমুদী

ষট্পুত্রা জাতাঃ। আয়োঃ পুত্রো নহুষঃ, নহুষস্য পুত্রো যযাতিঃ, যযাতেশ্চ পুত্রঃ পুরুঃ। অতিপ্রসিদ্ধত্বেন তস্যৈবাত্রোপাদানম্। পুরুতঃ সপ্তত্রিংশঃ পুরুষোঽর্জ্জুন ইত্যেতৎ সর্ব্বমাদিপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥৫৭॥

নেতি। হে কল্যাণি। অপ্সরঃ। মাম্, অন্যথা মন্তুং কামেন দৃষ্টবানস্মীতি সম্ভাবয়িতুম্, নার্হসি, উক্তাদেব হেতোরিতি ভাবঃ। ত্বং মে গুরোর্মাতৃতোঽপি গুরুতরা, আদিপুরুষজননাৎ মাতুরপি গুরুত্বাচ্চেত্যাশয়ঃ। কিঞ্চ মম বংশবিবর্দ্ধিনী। অতোঽপি ত্বং পূজ্যেতি ত্বয়া সহ রমণমতীবান্যায্যমিত্যভিপ্রায়ঃ। "বা চ জলৌকঃসমাপ্সরসঃ" ইতি শ্রীপতিনা অপ্সরঃশব্দস্য বহুত্ববিকল্পবিধানাদপ্সর ইত্যেকবচনম্ ॥৫৮॥

অনেতি। দেবরাজমভিনন্দয়তি সর্ব্বতোভাবেনানন্দয়তীতি সঃ, তৎসম্বোধনম্। বয়ং সর্ব্বা এবাপ্সরসঃ, অনাবৃতাঃ পুরুষবিশেষেণ কুলবধূবদনিরুদ্ধাঃ, বেশ্যাত্বেন সর্ব্বপুরুষভোগ্যত্বাদিত্যাশয়ঃ। অতএব হে বীর! ত্বং মাং গুরুস্থানে মাতৃপদে, নিযোক্তুং স্থাপয়িতুং নার্হসি ॥৫৯॥

অথ ভব বেশ্যা, তথাপি স্ববংশজননীতয়া ত্বয়া সহ মম রমণং নিতরামেবান্যায্যং পাপ-

ভারতভাবদীপঃ

চিত্রসেনেন তব পিত্রা চেন্দ্রেণ, শুশ্রূষিতুং সেবিতুম্ ॥৫১—৫৩॥ দুঃশ্রুতং মেঽস্তু মম শ্রবণং ব্যর্থমস্তু—যৎ ত্বমেবংবিধদুষ্কর্ম্মযোগ্যতাং ময়ি সম্ভাবয়সীত্যর্থঃ ॥৫৪ ৫৭॥ অপ্সর ইত্যেকত্ব-

---

'ইনি পুরুবংশের সর্ব্বজনবিদিত জননী' ইহা স্মরণ করিয়াই আমি উৎফুল্ল নয়নে তখন আপনাকে দেখিয়াছিলাম ॥৫৭॥

অতএব কল্যাণি। আপনি আমাকে অন্যরূপ মনে করিতে পারেন না। আপনি আমার গুরুপত্নী অপেক্ষাও গুরুতরা এবং আমার বংশের বৃদ্ধিকারিণী" ॥৫৮॥

উর্ব্বশী বলিল—"দেবরাজনন্দন। আমরা অপ্সরারা সকলেই অনিয়ন্ত্রিত। অতএব বীর। আপনি আমাকে গুরুপত্নীস্থানে স্থাপন করিতে পারেন না ॥৫৯॥

---

(৫৮)···অন্যথা ধ্যাতুমপ্সরঃ।—বা ব কা নি।

তৎ প্রসীদ ন মামার্ত্তাং বিসর্জ্জয়িতুমর্হসি ।
হৃচ্ছয়েন চ সন্তপ্তাং ভক্তাঞ্চ ভজ মানদ ! ॥৬১॥

অর্জ্জুন উবাচ ।

শৃণু সত্যং বরারোহে ! যত্ত্বাং বক্ষ্যাম্যনিন্দিতে ! ।
শৃণ্বন্তু মে দিশশ্চৈব বিদিশশ্চ সদেবতাঃ ॥৬২॥
যথা কুন্তী চ মাদ্রী চ শচী চেহ মহানঘে ! ।
তথা চ বংশজননী ত্বং হি মেঽদ্য গরীয়সী ॥৬৩॥

ভারতকৌমুদী

জনকঞ্চেত্যাহ পুরোরিতি। হি তথাহি, পুরোর্বংশে, যে পুত্রা অস্মাকং পুত্রস্থানীয়াঃ, নপ্তারঃ পৌত্রস্থানীয়াঃ, বা শব্দাদপরে বিরুদ্ধসম্বন্ধিনশ্চ, তপসা ইহ স্বর্গে আগতাঃ, তেঽপি অস্মান্ রময়ন্তি, তেন চ তেষাং ব্যতিক্রমঃ অন্যায্যকারিত্বং পাপং বা ন ভবতি ; মর্ত্ত্যশরীরপরিহার-পূর্ব্বকস্বর্গশরীরধারণেন পূর্ব্বপূর্ব্বসম্বন্ধানাং লুপ্ততয়া ব্যক্ত্যন্তরত্বাপাতাৎ স্বর্গে বেশ্যাভোগে চ পাপাভাবাৎ স্বয়ং দেবরাজাদৌ তথা দর্শনাদিত্যাশয়ঃ ॥৬০॥

অথাস্তাং ময়ি বংশজননীতয়া দীর্ঘপরম্পরয়া মাতৃত্বম্, তথাপি কামার্ত্তায়াঃ পরিত্যাগে মহাপাপম্, ভক্তায়াঃ পরিত্যাগে নিতরামন্যায্যত্বং মানদস্য মানিন্যাঃ সম্মানভঙ্গে মহীয়ান্ দোষশ্চেত্যাহ – তদিতি। হৃচ্ছয়েন কামেন। ভক্তামনুরক্তাম্। কামার্ত্তায়াঃ পরিত্যাগে দোষমাহ নৈষধচরিত-টীকায়াং নারায়ণধৃতা স্মৃতিঃ—"স্মরার্ত্তাং বিহ্বলাং দীনাং যো ন কাময়তে স্ত্রিয়ম্। ব্রহ্মহা স তু বিজ্ঞেয়ো ব্যাসো বচনমব্রবীৎ ॥" ॥৬১॥

শৃণ্বিতি। হে বরারোহে! উত্তমস্ত্রি! বিদিশ আগ্নেয্যাদয়ঃ ॥৬২॥

যথেতি। কিঞ্চ কুন্ত্যাদিভ্যোঽপি গরীয়সী, বংশজননীত্বাদেবেতি ভাবঃ। অন্যেষাং স্বর্গশরীরপরিগ্রহেণ তব রমণে দোষাভাবেঽপি মম তন্মর্ত্ত্যশরীরতাদবস্থ্যেন স্বজাতত্বতাদবস্থ্যাদ্দোষ এবেতি সমুদায়াশয়ঃ ॥৬৩॥

দেখুন—পুরুবংশের যে সকল পুত্র, পৌত্র বা অন্যান্য লোক তপোবলে এখানে আসিয়াছেন, তাঁহারা সকলেই আমাদের সহিত রমণ করিয়াছেন ; তাহাতে তাঁহাদের কোন ব্যতিক্রম ঘটে নাই ॥৬০॥

অতএব আপনি প্রসন্ন হউন, আমি কামপীড়িতা বলিয়া আপনি আমাকে ত্যাগ করিতে পারেন না, আমি কামসন্তপ্তা এবং আপনার প্রতি অনুরক্তা ; অতএব আপনি আমাকে ভজন করুন" ॥৬১॥

অর্জ্জুন বলিলেন—"বরারোহা! আমি যাহা সত্য বলিব, তাহা আপনি শ্রবণ করুন, আর দেবগণের সহিত দিক্ এবং বিদিক্ সকলও শ্রবণ করুন ॥৬২॥

নিষ্পাপে! আমার নিকট কুন্তী, মাদ্রী ও শচীদেবী যেমন, বংশের জননী বলিয়া আপনিও তেমনই, কিংবা তাঁহাদের অপেক্ষাও আপনি আমার নিকট গুরুতরা ॥৬৩॥

গচ্ছ মূর্দ্ধ্না প্রপন্নোঽস্মি পাদৌ তে বরবর্ণিনি।
ত্বং হি মে মাতৃবৎ পূজ্যা রক্ষ্যোঽহং পুত্রবত্ত্বয়া ॥৬৪॥

বৈশম্পায়ন উবাচ

এবমুক্তা তু পার্থেন উর্ব্বশী ক্রোধমূর্চ্ছিতা।
বেপন্তী ভ্রূকুটীং কৃত্বা শশাপাথ ধনঞ্জয়ম্ ॥৬৫॥

উর্ব্বশ্যুবাচ।

তব পিত্রাভ্যনুজ্ঞাতাং স্বয়ঞ্চ গৃহমাগতাম্।
যস্মান্মাং নাভিনন্দেথাঃ কামবাণবশং গতাম্ ॥৬৬॥
তস্মাত্ত্বং নর্ত্তনঃ পার্থ! স্ত্রীমধ্যে মানবর্জ্জিতঃ।
অপুমানিতি বিখ্যাতঃ ষণ্ডবদ্বিচরিষ্যসি ॥৬৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইদানীং স্পষ্টং প্রত্যাখ্যানং করোতি—গচ্ছেতি। প্রপন্নঃ প্রাপ্তঃ। রক্ষ্যঃ পাপাৎ ॥৬৪॥

এবমিতি। ক্রোধেন মূর্চ্ছিতা গতচেতনেব, কর্ত্তব্যাকর্ত্তব্যবিবেকবিহীনত্বাদিতি ভাবঃ। বেপন্তী ক্রোধেনৈব বেপমানা। সাতিশয়তপোমহিম্না লব্ধদেবভাবায়া উর্ব্বশ্যা বেশ্যাত্বেনাপি স মহিমা নাবিকক্ষীণঃ, পারদাবিকস্য দ্বৈপায়নস্য মহিমবৎ। অতশ্চাস্যাঃ শাপদানশক্তিঃ ফলিতশ্চ স ইতি মন্তব্যম্ ॥৬৫॥

তবেতি। নাভিনন্দেথাঃ ক্লীববদেব রমণায় নাদ্রিয়েথাঃ। নর্ত্তনো নর্ত্তয়িতা। অপুমান্ ক্লীবঃ। ষণ্ডবৎ ক্লীববৎ। এতেন বস্তুতো ন ক্লীব ইতি সূচিতম্ ॥৬৬—৬৭॥

ভারতভাবদীপঃ

মার্যম্। যদ্বা "স্যাদেকত্বেঽপ্সরা অপি" ইতি শব্দার্ণবাদেকত্বং সাধু ॥৫৮—৬৪॥ ভ্রুকুট্যা বক্রা, ন তু মনসা, হিতার্থত্বাচ্ছাপস্যেতি ভাবঃ ॥৬৫—৮০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৩৯॥

অতএব বরবর্ণিনি! আপনি যান; আমি মস্তকদ্বারা আপনার চরণযুগলে প্রণত হইতেছি। আপনি মাতার ন্যায় আমার পূজনীয়া এবং আমিও পুত্রের ন্যায়ই আপনার রক্ষণীয়" ॥৬৪॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন এইরূপ বলিবামাত্রই উর্ব্বশী ক্রোধে মূর্চ্ছিত-প্রায় হইয়া, কাঁপিতে থাকিয়া, ভ্রূকুটী করিয়া অর্জ্জুনকে অভিসম্পাত করিল ॥৬৫॥

উর্ব্বশী বলিল—"অর্জ্জুন! তোমার পিতা অনুমতি দিয়াছেন, আমিও নিজেই তোমার ঘরে আসিয়াছি এবং আমি কামার্ত্তা, তথাপি তুমি যখন (নপুংসকের মত) আমাকে আদর করিলে না, তখন তুমি নর্ত্তক ও সম্মানহীন

(৬৫)…বেপন্তী ভ্রূকুটীবক্রা—বা ব কা নি।

বৈশম্পায়ন উবাচ।

এবং দত্ত্বার্জ্জুনে শাপং স্ফুরদোষ্ঠী শ্বসন্ত্যথ।
পুনঃ প্রত্যাগতা ক্ষিপ্রমুর্ব্বশী গৃহমাত্মনঃ ॥৬৮॥
পার্থোঽপি লব্ধ্বা শাপং তং তাং নিশাং দুঃখিতোঽবসৎ।
বিবক্ষুশ্চিত্রসেনায় প্রাতঃ সর্ব্বমহৃষ্টবৎ ॥৬৯॥
ততঃ প্রভাতে বিমলে গন্ধর্ব্বায় যথাতথম্।
নিবেদয়ামাস তদা চিত্রসেনায় পাণ্ডবঃ ॥৭০॥
তচ্চ সর্ব্বং যথাবৃত্তং শাপঞ্চৈব পুনঃ পুনঃ।
ন্যবেদয়চ্চ শক্রস্য চিত্রসেনোঽপি সর্ব্বশঃ ॥৭১॥
তত আনায্য তনয়ং বিবিক্তে হরিবাহনঃ।
সান্ত্বয়িত্বা শুভৈর্বাক্যৈঃ স্ময়মানোঽভ্যভাষত ॥৭২॥

ভারতকৌমুদী

এবমিতি। স্ফুরদোষ্ঠী ক্রোধেন কম্পমানাধরা। শ্বসন্তী ক্রোধাদেব শ্বাসং ত্যজন্তী ॥৬৮॥
পার্থ ইতি। সর্ব্বং বিবক্ষুর্বক্তুমিচ্ছুঃ, অহৃষ্টবৎ বিষণ্ণ ইব ॥৬৯॥
তত ইতি। যথাতথং রাত্রিজাতমুর্ব্বশ্যা বৃত্তান্তম্ ॥৭০॥
তদিতি। শক্রস্যান্তিকে পুনঃ পুনর্ন্যবেদযৎ, তৎপ্রতীকারাযেতি ভাবঃ ॥৭১॥
তত ইতি। তনয়মর্জ্জুনম্, বিবিক্তে নির্জ্জনে, হরিবাহন ইন্দ্রঃ ॥৭২॥

হইয়া, অপুরুষ বলিয়া প্রসিদ্ধ থাকিয়া, নপুংসকেরই মত স্ত্রীলোকদের মধ্যে বিচরণ করিবে" ॥৬৬—৬৭॥

বৈশম্পায়ন বলিলেন—উর্ব্বশী অর্জ্জুনকে এইরূপ অভিসম্পাত করিযা কম্পিত ওষ্ঠে নিশ্বাস ত্যাগ করিতে করিতে আপন গৃহে ফিরিয়া গেল ॥৬৮॥

অর্জ্জুনও সেই অভিসম্পাত পাইযা, প্রাতঃকালে সমস্ত বিষয় চিত্রসেনকে বলিবার ইচ্ছা করিযা, বিষণ্ণের ন্যায দুঃখিত থাকিয়া সেই রাত্রি অতিবাহিত করিলেন ॥৬৯॥

তাহার পর, অর্জ্জুন নির্ম্মল প্রভাতকালে চিত্রসেন গন্ধর্ব্বের নিকট রাত্রির বৃত্তান্ত যথাযথভাবে জানাইলেন ॥৭০॥

চিত্রসেনও সেই সমস্ত বৃত্তান্ত এবং শাপের বিষয় যথাযথভাবে বার বার ইন্দ্রের নিকট জানাইলেন ॥৭১॥

তাহার পর, ইন্দ্র নির্জ্জনস্থানে অর্জ্জুনকে আনাইযা, মৃদু মৃদু হাস্য করিতে থাকিয়া, মনোহর বাক্যে আশ্বস্ত করিয়া বলিলেন—॥৭২॥

---

(৬৯) ইতঃ প্রভৃতি বিবিধাঃ পাঠভেদা দৃশ্যন্তে।

সুপুত্রাস্থ পৃথা তাত! ত্বয়া পুত্রেণ সত্তম!।
ঋষয়োঽপি হি ধৈর্য্যেণ জিতা বৈ তে মহাভুজ! ॥৭৩॥
যস্তু দত্তবতী শাপমুর্ব্বশী তব মানদ!।
স চাপি তেঽর্থকৃত্তাত! সাধকশ্চ ভবিষ্যতি ॥৭৪॥
অজ্ঞাতবাসো বস্তব্যো ভবদ্ভির্ভূতলেঽনঘ!।
বর্ষে ত্রয়োদশে বীর! তত্র ত্বং ক্ষপয়িষ্যসি ॥৭৫॥
তেন নর্ত্তনবেশেন অপুংস্ত্বেন তথৈব চ।
বর্ষমেকং বিহৃত্যৈব ততঃ পুংস্ত্বমবাপ্স্যসি ॥৭৬॥
এবমুক্তস্তু শক্রেণ ফাল্গুনঃ পরবীরহা।
মুদং পরমিকাং লেভে ন চ শাপং ব্যচিন্তয়ৎ ॥৭৭॥
চিত্রসেনেন সহিতো গন্ধর্ব্বেণ যশস্বিনা।
রেমে স স্বর্গভবনে পাণ্ডুপুত্রো ধনঞ্জয়ঃ ॥৭৮॥

ভারতকৌমুদী

সুপুত্রেতি। পৃথা কুন্তী। তে ত্বয়া জিতাঃ, উর্ব্বশ্যাঃ প্রত্যাখ্যানাদিতি ভাবঃ ॥৭৩॥
যমিতি। অর্থকৃৎ অজ্ঞাতবাসরূপপ্রয়োজননিষ্পাদকঃ, সাধকঃ স্ত্রীমধ্যে বাসস্য ॥৭৪॥
অজ্ঞাতেতি। বস্তব্যঃ কর্ত্তব্যঃ। ক্ষপয়িষ্যসি, ক্লীববেশেনেমং শাপমিতি শেষঃ ॥৭৫॥
তেনেতি। অপুংস্ত্বেন ক্লীবভাবেন। আভ্যাং বচনাভ্যাং স শাপো নিয়মিতঃ ॥৭৬॥
এবমিতি। শাপং ন ব্যচিন্তয়ৎ, শক্রনিয়মিতত্বেনোপকারত্বৈব সম্ভবাৎ ॥৭৭॥

"বৎস সাধুশ্রেষ্ঠ! আজ কুন্তীদেবী তোমা হেন পুত্রদ্বারাই সুপুত্রা হইলেন। কারণ, মহাবাহু! তুমি আজ ধৈর্য্যদ্বারা ঋষিগণকেও জয় করিয়াছ ॥৭৩॥

কিন্তু বৎস। উর্ব্বশী তোমাকে যে শাপ দিয়াছেন, তাহাও তোমার পক্ষে প্রয়োজনসম্পাদক ও কার্য্যসাধকই হইবে ॥৭৪॥

কারণ, হে নিষ্পাপ বীর! ত্রয়োদশ বৎসরের সময়ে ভূতলেই তোমাদের অজ্ঞাতবাস করিতে হইবে, তখন তুমি এই শাপ ক্ষয় করিবে ॥৭৫॥

তুমি সেই নপুংসকের ভাবে নর্ত্তকের বেশে এক বৎসরকাল থাকিয়া, পরে আবার পুরুষত্ব লাভ করিবে" ॥৭৬॥

ইন্দ্র এইরূপ বলিলে, শত্রুহন্তা অর্জ্জুন অত্যন্ত আনন্দ লাভ করিলেন এবং শাপের বিষয় একেবারেই চিন্তা করিতে লাগিলেন না ॥৭৭॥

তাহার পর, অর্জ্জুন যশস্বী চিত্রসেনগন্ধর্ব্বের সহিত মিলিত হইয়া স্বর্গলোকে আনন্দ ভোগ করিতে থাকিলেন ॥৭৮॥

---

(৭৪) যত্ত দত্তবতী—বা ব কা, যশ্চ দত্তবতী—নি।

য ইদং শৃণুয়ান্নিত্যং বৃত্তং পাণ্ডুসুতস্য বৈ ।
ন তস্য কামঃ কামেষু পাপকেষু প্রবর্ত্ততে ॥৭৯॥
ইদমমরবরাত্মজস্য ঘোরং শুচি চরিতং বিনিশম্য ফাল্গুনস্য ।
ব্যপগতমদদম্ভরাগদোষাস্ত্রিদিবগতাভিরমন্তি মানবেন্দ্রাঃ ॥৮০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
ইন্দ্রলোকাভিগমনে উর্ব্বশীশাপে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

চিত্রেতি। রেমে বিচরণাদিনা আনন্দমনুবভূব ॥৭৮॥

য ইতি। যো জনঃ, ইদং পাণ্ডুসুতস্যার্জ্জুনস্য, বৃত্তং চরিত্রম্, নিত্যং শৃণুয়াৎ, তস্য জনস্য, কামোঽভিলাষঃ, পাপকেষু পাপজনকেষু, কামেষু গুরুদারাদিসঙ্গমরূপকামব্যাপারেষু, ন প্রবর্ত্ততে, অর্জ্জুনচরিত্রস্যৈবানুসরণসম্ভবাৎ ॥৭৯॥

ইদমিতি। মানবেন্দ্রাঃ, অমরবরাত্মজস্য ইন্দ্রপুত্রস্য, ফাল্গুনস্য অর্জ্জুনস্য, ইদং ঘোরং দুষ্করমিত্যর্থঃ, শুচি পবিত্রং চরিতম্, বিনিশম্য শ্রুত্বা, ব্যপগতা দূরীভূতা মদদম্ভরাগা এব দোষা যেষাং তে তথাভূতাঃ, অন্তে ত্রিদিবগতাশ্চ সন্তঃ, অভিরমন্তি আনন্দন্তি। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৮০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
ইন্দ্রলোকাভিগমনে ঊনচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যে লোক অর্জ্জুনের এই চরিত্র সর্ব্বদা শ্রবণ করে, সে লোকের ইচ্ছা কখনও পাপজনক কামব্যাপারে প্রবৃত্ত হয় না ॥৭৯॥

মনুষ্যশ্রেষ্ঠগণ ইন্দ্রপুত্র অর্জ্জুনের এই দুষ্কর ও পবিত্র চরিত্র শ্রবণ করিয়া মত্ততা, কপটতা ও অনুরাগদোষ পরিত্যাগ করিয়া স্বর্গে যাইয়া আনন্দ ভোগ করিতে থাকেন ॥৮০॥

—:*:—

* '…ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ' – বা ব কা,…'চতুশ্চত্বারিংশোঽধ্যায়ঃ'—পি নি ।

চত্বারিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

কদাচিদটমানস্তু মহর্ষিরথ লোমশঃ।
জগাম শক্রভবনং পুবন্দরদিদৃক্ষয়া ॥১॥
স সমেত্য নমস্কৃত্য দেববাজং মহামুনিঃ।
দদর্শার্দ্ধাসনগতং পাণ্ডবং বাসবস্য হি ॥২॥
ততঃ শক্রাভ্যনুজ্ঞাত আসনে বিষ্টরোত্তমে।
নিষসাদ দ্বিজশ্রেষ্ঠঃ পূজ্যমানো মহর্ষিভিঃ ॥৩॥
তস্য দৃষ্ট্বাঽভবদ্বুদ্ধিঃ পার্থমিন্দ্রাসনে স্থিতম্।
কথং নু ক্ষত্রিয়ঃ পার্থঃ শক্রাসনমবাপ্তবান্ ॥৪॥
কিং বানেন কৃতং কর্ম্ম লোকা বা কে বিনির্জ্জিতাঃ।
যদেবমনুসংপ্রাপ্তঃ স্থানং দেবনমস্কৃতম্ ॥৫॥

ভারতকৌমুদী

কদাচিদিতি। অটমানো বিচরন্। শক্রপুরন্দবেতি ভগ্নপ্রক্রমতা আর্ষত্বাৎ সহ্যা ॥১॥
স ইতি। পাণ্ডবমর্জ্জুনম্, বাসবস্য হি ইন্দ্রস্যৈব অর্দ্ধাসনগতং দদর্শ ॥২॥
তত ইতি। বিষ্টবেষু কুশময়েষু আসনেষু মধ্যে যদুত্তমং তস্মিন্ ॥৩॥
তস্যেতি। তস্য লোমশস্য, বুদ্ধির্বিতর্কঃ। মানুষস্য ইন্দ্রাসনপ্রাপ্তিরাশ্চর্য্যা ॥৪॥
কিমিতি। অনেন পার্থেন। বিনির্জ্জিতাঃ, তপসেতি শেষঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কোন সময়ে মহর্ষি লোমশ বিচরণ করিতে করিতে ইন্দ্রকে দেখিবার ইচ্ছায় ইন্দ্রভবনে উপস্থিত হইলেন ॥১॥

তিনি উপস্থিত হইয়া, ইন্দ্রকে নমস্কার করিয়া, অর্জ্জুনকে ইন্দ্রেরই অর্দ্ধাসনে উপবিষ্ট দর্শন করিলেন ॥২॥

তদনন্তর লোমশ ইন্দ্রের অনুমতিক্রমে উত্তম কুশাসনে উপবেশন করিলেন; তখন অন্যান্য মহর্ষিরা তাঁহার সম্মান করিলেন ॥৩॥

তখন অর্জ্জুনকে ইন্দ্রের আসনে অবস্থিত দেখিয়া লোমশের সন্দেহ হইল যে, 'অর্জ্জুন ক্ষত্রিয় হইয়া কি প্রকারে ইন্দ্রের আসন লাভ করিলেন ॥৪॥

ইনি কি কার্য্য করিয়াছেন? তপোবলে কোন্ লোকই বা জয় করিয়াছেন? যে, দেবপূজিত এমন স্থান লাভ করিলেন!' ॥৫॥

---

(১) মহর্ষিরুত—বা ব কা। (৩)…বিষ্টরোত্তরে—বা ব কা। (৫) কিং স্বস্য সুকৃতং ঽঽক লোকা বৈ কে বিনির্জ্জিতাঃ। স এবমনুসংপ্রাপ্তঃ—বা ব কা নি।

তস্য বিজ্ঞায় সঙ্কল্পং শক্রো বৃত্রনিসূদনঃ।
লোমশং প্রহসন্ বাক্যমিদমাহ শচীপতিঃ ॥৬॥
ব্রহ্মর্ষে! শ্রূয়তাং যত্তে মনসৈতদ্বিচিন্তিতম্।
নায়ং কেবলমর্ত্ত্যো বৈ ক্ষত্রিয়ত্বমুপাগতঃ ॥৭॥
মহর্ষে! মম পুত্রোঽয়ং কুন্ত্যাং জাতো মহাভুজঃ।
অস্ত্রহেতোরিহ প্রাপ্তঃ কস্মাচ্চিৎ কারণান্তরাৎ ॥৮॥
অহো নৈনং ভবান্ বেত্তি পুরাণমৃষিসত্তমম্।
শৃণু মে বদতো ব্রহ্মন্! যোঽয়ং যচ্চাস্য কারণম্ ॥৯॥
নরনারায়ণৌ যৌ তৌ পুরাণাবৃষিসত্তমৌ।
তাবিমাবভিজানীহি হৃষীকেশধনঞ্জয়ৌ ॥১০॥
বিখ্যাতৌ ত্রিষু লোকেষু নরনারায়ণাবৃষী।
কার্য্যার্থমবতীর্ণৌ তৌ পৃথ্বীং পুণ্যপ্রতিশ্রয়াম্ ॥১১॥

ভারতকৌমুদী

তস্যেতি। সঙ্কল্পং সন্দেহাত্মকং মনোভাবম্। প্রহসন্ কৌতুকাৎ ॥৬॥
ব্রহ্মর্ষ ইতি। তে ত্বয়া। কেবলমর্ত্ত্যো ন, অপি তু দেবসংসৃষ্টঃ ॥৭॥
মহর্ষ ইতি। অস্ত্রহেতোঃ অস্ত্রশিক্ষাহেতোঃ। কারণান্তরাৎ শক্রজয়েচ্ছাতঃ ॥৮॥
অহো ইতি। পুরাণং প্রাচীনম্। অস্য এতন্মূর্ত্তিপরিগ্রহস্য ॥৯॥
নরেতি। হৃষীকেশধনঞ্জয়ৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥১০॥
বিখ্যাতাবিতি। পুণ্যস্য প্রতিশ্রয়াম্ আস্পদীভূতাম, অন্যথানয়োরবতরণং ন স্যাৎ ॥১১॥

তখন বৃত্রহন্তা শচীপতি ইন্দ্র লোমশের সেই মনের ভাব বুঝিয়া হাসিতে হাসিতে তাঁহাকে এই কথা বলিলেন—॥৬॥

"ব্রহ্মর্ষি! আপনি মনে যাহা চিন্তা করিয়াছেন, তাহা শ্রবণ করুন—ইনি ক্ষত্রিয়ত্বপ্রাপ্ত কেবল মানুষ নহেন ॥৭॥

মহর্ষি! এই মহাবাহু—আমার পুত্র, কুন্তীর গর্ভে জন্মিয়াছেন; ইনি কোন কারণবশতঃ অস্ত্রশিক্ষা করিবার জন্য এখানে আসিযাছেন ॥৮॥

কি আশ্চর্য্য! আপনি এই প্রাচীন ঋষিশ্রেষ্ঠকে জানেন না। ব্রাহ্মণ! ইনি যে এবং ইঁহার এই মূর্ত্তি ধারণ করিবার যে কারণ, তাহা আমি বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥৯॥

নর ও নারায়ণনামে সেই যে দুইজন ঋষিশ্রেষ্ঠ ছিলেন, তাঁহারাই এই কৃষ্ণ ও অর্জ্জুন; ইহা আপনি অবগত হউন ॥১০॥

(১০)···তাবিমাবনুজানীহি—বা ব কা নি।

যন্ন শক্যং সুরৈর্দ্রষ্টু মৃষিভির্বা মহাত্মভিঃ।
তদাশ্রমপদং পুণ্যং বদরীনাম বিশ্রুতম্ ॥১২॥
স নিবাসোঽভবদ্বিপ্র! বিষ্ণোর্জিষ্ণোস্তথৈব চ।
যতঃ প্রবৃত্তে গঙ্গা সিদ্ধচারণসেবিতা ॥১৩॥
তৌ মন্নিয়োগাদ্ব্রহ্মর্ষে! ক্ষিতৌ জাতৌ মহাদ্যুতী।
ভূমের্ভারাবতরণং মহাবীর্যৌ করিষ্যতঃ ॥১৪॥
উদ্বৃত্তা হ্যসুরাঃ কেচিন্নিবাতকবচা ইতি।
বিপ্রিয়েষু স্থিতাস্মাকং বরদানেন দর্পিতাঃ ॥১৫॥
তর্কয়ন্তে সুরান্ হন্তুং বলবীর্য্যসমন্বিতাঃ।
দেবান্ ন গণয়ন্ত্যেতে তথা দত্তবরা হি তে ॥১৬॥

ভারতকৌমুদী

যদিতি। আশ্রমরূপং পদং স্থানম্ আশ্রমপদম্, আস্ত ইতি শেষঃ ॥১২॥

স ইতি। নিবসতঃ অস্মিন্নিতি নিবাসঃ। জিষ্ণোরেতদর্জ্জুনমূর্ত্তের্নরস্য ॥১৩॥

তাবিতি। ভূমের্ভারাবতরণং করিষ্যতঃ, অসুরাদিবিনাশেনেতি ভাবঃ ॥১৪॥

উদ্বৃত্তা ইতি। ব্রহ্মণো বরদানেন দর্পিতাঃ, উদ্বৃত্তা উদ্ধতস্বভাবাঃ, নিবাতানি শস্ত্রাভেদ্যানি কবচানি যেষাং তে, ইতি নাম্না: প্রসিদ্ধাঃ কেচিদসুরাঃ, অস্মাকং বিপ্রিয়েষু স্থিতাঃ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। "নিবাতাবাশ্রয়াবাতৌ শস্ত্রাভেদ্যঞ্চ বর্ম্ম যৎ" ইত্যমরঃ ॥১৫॥

তর্কেতি। বলং দৈহিকী শক্তিঃ বীর্য্যঞ্চ মানসিকী শক্তিস্তাভ্যাং সমন্বিতাঃ ॥১৬॥

ত্রিলোকবিখ্যাত সেই নর ও নারায়ণ ঋষি বিশেষ কার্য্য সম্পাদন করিবার জন্য পুণ্যের আধার পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন ॥১১॥

মহাত্মা দেবতারা কিংবা ঋষিরাও যাহা দেখিতে সমর্থ নহেন, সেই 'বদরী'-নামে বিখ্যাত পবিত্র আশ্রম এখনও আছে ॥১২॥

ব্রাহ্মণ! সেই বদরিকাশ্রমই কৃষ্ণ ও অর্জ্জুনের বাসস্থান ছিল; যে স্থান হইতে সিদ্ধ-চারণসেবিতা গঙ্গা উৎপন্ন হইয়াছিলেন ॥১৩॥

ব্রহ্মর্ষি! সেই মহাতেজা ও মহাবল নর ও নারায়ণ ঋষিই আমার প্রার্থনায় পৃথিবীতে জন্মিয়াছেন এবং ইঁহারাই পৃথিবীর ভারাবতরণ করিবেন ॥১৪॥

উদ্ধতস্বভাব এবং ব্রহ্মার বরদানে দর্পিত 'নিবাতকবচ'-নামে কতকগুলি অসুর আমাদের অপ্রিয় আচরণ করিতেছে ॥১৫॥

---

(১৫)···বরদানেন মোহিতাঃ—বা ব কা নি। (১৬)···বলদর্পসমন্বিতাঃ—বা ব কা।

পাতালবাসিনো রৌদ্রা দনোঃ পুত্রা মহাবলাঃ ॥
সর্ব্বদেবনিকায়া হি নালং যোধয়িতুং হি তান্ ॥১৭॥
যোঽযং ভূমিগতঃ শ্রীমান্ বিষ্ণুর্ম্মধুনিসূদনঃ।
কপিলো নাম দেবোঽসৌ ভগবানজিতোঽব্যয়ঃ ॥১৮॥
যেন পূর্ব্বং মহাত্মানঃ খনমানা মহীতলম্।
দর্শনাদেব নির্দ্দগ্ধাঃ সগরস্যাত্মজা বিভো ! ॥১৯॥
তেন কার্য্যং মহৎ কার্য্যমস্মাকং দ্বিজসত্তম ! ।
পার্থেন চ মহাযুদ্ধে সমেতাভ্যাং ন সংশয়ঃ ॥২০॥
সোঽসুরান্ দর্শনাদেব শক্তো হন্তুং সহানুগান্।
নিবাতকবচানুগ্রান্ নাগানিব মহাহ্রদে ॥২১॥

ভারতকৌমুদী

পাতালেতি। সর্ব্বেষামেব দেবানাং নিকাযাঃ সঙ্ঘাঃ, নালং ন শক্তাঃ ॥১৭॥

য ইতি। অন্যৈরজিতঃ, অব্যযঃ অবিনশ্বরঃ। তথা চ শ্রীমদ্ভাগবতে—"পঞ্চমঃ কপিলো নাম সিদ্ধেশঃ কালবিপ্লুতম্। প্রোবাচাসুরযে সাংখ্যং তত্ত্বগ্রামবিনির্ণয়ম্ ॥" ॥১৮॥

যেনেতি। খনমানা বিদারযন্তঃ। নির্দগ্ধা নযনাগ্নিনেতি শেষঃ ॥১৯॥

তেনেতি। তেন কৃষ্ণরূপিণা বিষ্ণুনা, কার্য্যং কর্ত্তব্যম্। সমেতাভ্যাং মিলিতাভ্যাম্ ॥২০॥

স ইতি। সহানুগান সানুচরান্। উগ্রান্ ভযঙ্করান্, নাগান্ সর্পান্ ॥২১॥

ভারতভাবদীপঃ

কদাচিদিতি ॥১—১৬॥ দেবনিকাযা দেবসমূহাঃ, নালং ন সমর্থাঃ ॥১৭॥ কপিলঃ—"ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্ত্তি জাযমানঞ্চ পশ্যেৎ"ইতি শ্রুতিপ্রসিদ্ধঃ। অগ্রে জাযমানং

দৈহিক বল ও মানসিক বলসম্পন্ন সেই অসুরগণ বরলাভ করিয়া দেবগণকে বধ করিতে পারিবে বলিয়া মনে করে, তাই দেবগণকে গ্রাহ্যই করে না ॥১৬॥

তাহারা দনুর পুত্র, ভয়ঙ্কর স্বভাব, মহাবল এবং পাতালে বাস করে। সমস্ত দেবগণও তাহাদের সহিত যুদ্ধ করিতে সমর্থ নহেন ॥১৭॥

মধুদৈত্যহন্তা লক্ষ্মীপতি এই যে বিষ্ণু ভূতলে গিযাছেন, অবিজিত ও অবিনশ্বর ঐ ভগবান্ বিষ্ণুই 'কপিল' হইয়াছিলেন ॥১৮॥

যিনি পূর্ব্বকালে ভূতলখননকারী মহাবল সগরপুত্রগণকে দর্শনমাত্রেই দগ্ধ করিযাছিলেন ॥১৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ। সেই কৃষ্ণ ও অর্জ্জুন মিলিত হইযা মহাযুদ্ধে আমাদের গুরুতর কার্য্য সম্পাদন করিবেন, এ বিষযে কোন সন্দেহ নাই ॥২০॥

(১৯)…খনমানা রসাতলম…দর্শনাদেব নিহতাঃ—বা ব কা নি।

কিন্তু নাল্পেন কার্য্যেণ প্রবোধ্যো মধুসূদনঃ।
তেজসঃ সুমহারাশিঃ প্রবুদ্ধঃ প্রদহেজ্জগৎ ॥২২॥
অয়ং তেষাং সমস্তানাং শক্তঃ প্রতিসমাসনে।
তান্ নিহত্য রণে শূরঃ পুনর্যাস্যতি মানুষান্ ॥২৩॥
ভবানস্মন্নিয়োগেন যাতু তাবন্মহীতলম্।
কাম্যকে দ্রক্ষ্যসে বীরং নিবসন্তং যুধিষ্ঠিরম্ ॥২৪॥
স বাচ্যো মম সন্দেশাদ্ধর্ম্মাত্মা সত্যসঙ্গরঃ।
নোৎকণ্ঠা ফাল্গুনে কার্য্যা কৃতাস্ত্রঃ শীঘ্রমেষ্যতি ॥২৫॥
নাশুদ্ধবাহুবীর্য্যেণ নাকৃতাস্ত্রেণ বা রণে।
ভীষ্মদ্রোণাদয়ো যুদ্ধে শক্যাঃ প্রতিসমাসিতুম্ ॥২৬॥

ভারতকৌমুদী

কিন্ত্বিতি। অল্পেন কার্য্যেণ ক্ষুদ্রকার্য্যোদ্দেশেন, প্রবোধ্যঃ তৎসাধনায় নিবেশ্যঃ ॥২২॥

অয়মিতি। তেষাং নিবাতকবচানাম্। প্রতিসমাসনে সংহারে। শূরোঽর্জ্জুনঃ ॥২৩॥

ভবানিতি। নিযোগেন অনুরোধেন। কাম্যকে তদাখ্যে বনে ॥২৪॥

স ইতি। সন্দেশাদুপদেশাৎ। সত্যসঙ্গরো যথার্থপ্রতিজ্ঞঃ। ফাল্গুনে অর্জ্জুনে ॥২৫॥

নেতি। অশুদ্ধং সম্পূর্ণশিক্ষায়া অলাভাৎ ত্রুটিযুক্তং বাহুবীর্য্যং যস্য তেন। অকৃতাস্ত্রেণ অশিক্ষিতসকলাস্ত্রেণ বা জনেন। প্রতিসমাসিতুং প্রত্যবস্থাতুম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

পাঞ্চরাত্রাগমেঽনিরুদ্ধত্বেন বেদে পুত্রাত্মত্বেন চ ব্যবহৃতং নারায়ণম্ ॥১৮—২১॥ প্রবোধ্যো

সেই কৃষ্ণ কেবল দৃষ্টিদ্বারাই—মহাহ্রদবাসী সর্পগণের ন্যায় উগ্রস্বভাব নিবাতকবচনামক অসুরগণকে অনুচরবর্গের সহিতই সংহার করিতে পারেন বটে ॥২১॥

কিন্তু অল্প কার্য্যের জন্য তাঁহাকে জানান যায় না। কারণ, তিনি বিশাল তেজোরাশি বলিয়া হয়ত বৃদ্ধি পাইযা জগৎটাকেই দগ্ধ করিয়া ফেলিবেন ॥২২॥

সুতরাং এই বীর অর্জ্জুন সেই সকল নিবাতকবচকেই সংহার করিতে সমর্থ; অতএব ইনি যুদ্ধে তাহাদিগকে বধ করিয়া পুনরায় মর্ত্ত্যলোকে যাইবেন ॥২৩॥

অতএব মহর্ষি! আপনি আমার অনুরোধে পৃথিবীতে গমন করুন, সেখানে যাইয়া কাম্যকবনে বীর যুধিষ্ঠিরকে দেখিতে পাইবেন ॥২৪॥

পরে, আমার কথানুসারে আপনি সেই ধর্ম্মাত্মা ও সত্যপ্রতিজ্ঞ যুধিষ্ঠিরকে বলিলেন যে, আপনারা অর্জ্জুনের জন্য উৎকণ্ঠিত হইবেন না, তিনি অস্ত্রশিক্ষা শেষ করিয়া সত্বরই আসিবেন ॥২৫॥

গৃহীতাস্ত্রো গুড়াকেশো মহাবাহুর্মহামনাঃ।
নৃত্যবাদিত্রগীতানাং দিব্যানাং পারমীযিবান্ ॥২৭॥
ভবানপি বিবিক্তানি তীর্থানি মনুজেশ্বর!।
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্ব্বৈর্দ্রষ্টুমর্হত্যবিন্দম!॥২৮॥
তীর্থেষ্বাপ্লুত্য পুণ্যেষু বিপাপ্মা বিগতজ্বরঃ।
রাজ্যং ভোক্ষ্যসি রাজেন্দ্র! সুখী বিগতকল্মষঃ ॥২৯॥
ভবাংশ্চৈনং দ্বিজশ্রেষ্ঠ! পর্য্যটন্তং মহীতলম্।
ত্রাতুমর্হতি বিপ্রাগ্র্য! তপোবলসমন্বিতঃ ॥৩০॥
গিরিদুর্গেষু চ সদা দেশেষু বিষমেষু চ।
বসন্তি রাক্ষসা রৌদ্রাস্তেভ্যো রক্ষাং বিধাস্যতি ॥৩১॥
এবমুক্তে মহেন্দ্রেণ বীভৎসুরপি লোমশম্।
উবাচ প্রয়তো বাক্যং রক্ষেথাঃ পাণ্ডুনন্দনম্ ॥৩২॥

ভারতকৌমুদী

গৃহীতেতি। গুডাকেশো জিতনিদ্রঃ অনলসোঽর্জ্জুন ইত্যর্থঃ। ঈযিবান্ প্রাপ্তবান্ ॥২৭॥
ভবানিতি। বিবিক্তানি পবিত্রাণি, "বিবিক্তৌ পূতবিজনৌ" ইত্যমরঃ ॥২৮॥
তীর্থেষ্বিতি। আপ্লুত্য স্নাত্বা। বিগতজ্বরো নষ্টসন্তাপঃ। বিগতকল্মষো নষ্টমনোমলঃ ॥২৯॥
ভবানিতি। এনং যুধিষ্ঠিরম্। ত্রাণে যোগ্যতামাহ—তপোবলেতি ॥৩০॥
গিরীতি। বিষমেষু বনখাতাদ্যুচ্চাবচেষু। বিধাস্যতি ভবানিত্যনুবৃত্তিঃ ॥৩১॥
এবমিতি। বীভৎসুরপি অর্জ্জুনোঽপি। প্রয়তো বিনীতঃ। পাণ্ডুনন্দনং যুধিষ্ঠিরম্ ॥৩২॥

যুদ্ধে বাহুবল প্রযোগশিক্ষার ত্রুটি থাকিলে কিংবা সকল অস্ত্র শিক্ষা না হইলে, কেহই যুদ্ধে ভীষ্ম ও দ্রোণপ্রভৃতির প্রতিপক্ষভাবে থাকিতে পারে না ॥২৬॥

মহাবাহু ও মহামনা অর্জ্জুন সমস্ত অস্ত্রই শিক্ষা করিযাছেন, আর স্বর্গীয নৃত্য, গীত এবং বাদ্যেও পারদর্শিতা লাভ করিযাছেন ॥২৭॥

অতএব অরিন্দম রাজা! আপনিও সকল ভ্রাতার সহিত মিলিত হইয়া পবিত্র তীর্থগুলি দেখিত পারেন ॥২৮॥

রাজশ্রেষ্ঠ! আপনি পবিত্র তীর্থসমূহে স্নান করিযা, পাপবিহীন, সন্তাপশূন্য, মনোমালিন্যরহিত এবং সুখী হইযা রাজ্যভোগ করিবেন ॥২৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি তপোবলসম্পন্ন; সুতরাং যুধিষ্ঠির যখন ভূতল পর্য্যটন করিবেন, তখন আপনি উঁহাকে রক্ষা করিবেন ॥৩০॥

দুর্গম পর্ব্বত এবং বিষম স্থানসমূহে সর্ব্বদাই ভয়ঙ্কর রাক্ষসেরা বাস করে, তাহাদের হাত হইতে আপনি যুধিষ্ঠিরকে পার করিবেন" ॥৩১॥

যথা গুপ্তস্ত্বয়া রাজা চরেত্তীর্থানি সত্তম!।
দানং দদ্যাদ্‌যথা চৈব তথা কুরু মহামুনে! ॥৩৩॥

বৈশম্পায়ন উবাচ।

স তথেতি প্রতিজ্ঞায় লোমশঃ সুমহাতপাঃ।
কাম্যকং বনমুদ্দিশ্য সমুপাযান্মহীতলম্ ॥৩৮॥
দদর্শ তত্র কৌন্তেয়ং ধর্ম্মরাজমরিন্দমম্।
তাপসৈর্ভ্রাতৃভিশ্চৈব সর্ব্বতঃ পরিবারিতম্ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ইন্দ্রলোকাভিগমনে লোমশাগমনে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

যথেতি। গুপ্তো রক্ষিতঃ, রাজা যুধিষ্ঠিরঃ। দদ্যাৎ কুর্য্যাৎ ॥৩৩॥

স ইতি। প্রতিজ্ঞায় কর্ত্তব্যত্বেনাঙ্গীকৃত্য। সমুপাযাৎ সমাগচ্ছৎ ॥৩৪॥

দদর্শেতি। তত্র কাম্যকবনে। পরিবারিতং পরিবেষ্টিতম্ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ইন্দ্রলোকাভিগমনে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

বিজ্ঞাপ্যঃ ॥২২॥ তেষাং নিবাতকবচানাম্, প্রতিসমাসনে সংক্ষেপণে ॥২৩—২৬॥ গুড়াকেশোঽর্জ্জুনঃ ২৭—৩৩॥ সম্প্রতিজ্ঞায় অঙ্গীকৃত্য ॥৩৪—৩৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪০॥

—:*:—

ইন্দ্র এইরূপ বলিলে, অর্জ্জুনও অবনত হইয়া লোমশকে এই কথা বলিলেন যে, "আপনি যুধিষ্ঠিরকে রক্ষা করিবেন ॥৩২॥

আর, সাধুশ্রেষ্ঠ মহামুনি। যুধিষ্ঠির আপনাকর্ত্তৃক রক্ষিত থাকিয়া যাহাতে তীর্থপর্য্যটন করেন এবং দান করেন, আপনি তাহা করিবেন" ॥৩৩॥

বৈশম্পায়ন বলিলেন—'তাহাই হইবে' এইরূপ স্বীকার করিয়া অতিমহাতপা লোমশ কাম্যকবন উদ্দেশ্য করিয়া ভূতলে আসিলেন ॥৩৪॥

তিনি সেখানে আসিয়া দেখিলেন—কুন্তীনন্দন অরিন্দম যুধিষ্ঠির, তপস্বিগণে ও ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া অবস্থান করিতেছেন ॥৩৫॥

একচত্বারিংশোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

জনমেজয় উবাচ ।

অত্যদ্ভুতমিদং কর্ম্ম পার্থস্যামিততেজসঃ ।
ধৃতরাষ্ট্রো মহাপ্রাজ্ঞঃ শ্রুত্বা বিপ্র ! কিমব্রবীৎ ॥১॥

বৈশম্পায়ন উবাচ ।

শক্রলোকগতং পার্থং শ্রুত্বা রাজাঽম্বিকাসুতঃ ।
দ্বৈপায়নাদৃষিশ্রেষ্ঠাৎ সঞ্জয়ং বাক্যমব্রবীৎ ॥২॥

শ্রুতং মে সূত ! কাৎস্ন্যেন কর্ম্ম পার্থস্য ধীমতঃ ।
কচ্চিত্তবাপি বিদিতং যাথাতথ্যেন সারথে ! ॥৩॥

প্রমত্তো গ্রাম্যধর্ম্মেষু মন্দাত্মা পাপনিশ্চয়ঃ ।
মম পুত্রঃ সুদুর্বুদ্ধিঃ পৃথিবীং ঘাতয়িষ্যতি ॥৪॥

যস্য নিত্যমৃতা বাচঃ স্বৈরেষ্বপি মহাত্মনঃ ।
ত্রৈলোক্যমপি তস্য স্যাদ্‌যস্য যোদ্ধা ধনঞ্জয়ঃ ॥৫॥

ভারতকৌমুদী

অতীতি । ইদম্ ইন্দ্রলোকগমনাদিকম্ । পার্থস্য অর্জ্জুনস্য ॥১॥

শক্রেতি । অম্বিকাসুতো ধৃতরাষ্ট্রঃ । দ্বৈপায়নাৎ শ্রুত্বেতি সম্বন্ধঃ ॥২॥

শ্রুতমিতি । কাৎস্ন্যেন সাকল্যেন । কচ্চিৎ বেদিতুমিচ্ছামীত্যর্থঃ ॥৩॥

প্রেতি । গ্রাম্যধর্ম্মেষু রমণেষু, প্রমত্তঃ প্রকর্ষেণ মত্তঃ, পুত্রো দুর্য্যোধনঃ ॥৪॥

যস্যেতি । ঋতাঃ সত্যাঃ, স্বৈরেষ্বপি সমবয়স্কৈঃ সহ যথেষ্টালাপেষ্বপি ॥৫॥

ভারতভাবদীপঃ

"অত্যদ্ভুতমিদং কর্ম্ম"ইত্যাদেরধ্যায়স্য তাৎপর্য্যম্—পরোৎকর্ষে শ্রুতে স্বনাশশঙ্কয়া মূঢ়-

---

জনমেজয় বলিলেন—"ব্রাহ্মণ ! মহাপ্রাজ্ঞ ধৃতরাষ্ট্র অমিততেজা অর্জ্জুনের এই অত্যাশ্চর্য্য কার্য্যের কথা শুনিয়া কি বলিয়াছিলেন ?" ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন ইন্দ্রলোকে গিয়াছেন এই কথা ঋষিশ্রেষ্ঠ বেদব্যাসের নিকট শুনিয়া ধৃতরাষ্ট্র সঞ্জয়কে বলিয়াছিলেন—॥২॥

"সারথিনন্দন ! বুদ্ধিমান্ অর্জ্জুনের সমস্ত কার্য্যের কথাই আমি শুনিয়াছি ; সঞ্জয় ! তোমার তাহা যথাযথভাবে জানা হইয়াছে কি না ? ॥৩॥

স্ত্রীসংসর্গে অত্যন্ত মত্ত, মূঢ়চিত্ত, পাপমতি এবং অত্যন্ত দুর্বুদ্ধি আমার পুত্র দুর্য্যোধন নিশ্চয়ই রাজ্যটাকে নষ্ট করিবে ॥৪॥

---

(২) শ্লোকাৎ পরম্ 'ধৃতরাষ্ট্র উবাচ'—বা ব ম।

অস্যতঃ কর্ণিনারাচাংস্তীক্ষ্ণাগ্রাংশ্চ শিলাশিতান্।
কোঽর্জ্জুনস্যাগ্রতস্তিষ্ঠেদপি মৃত্যুজরাতিগঃ ॥৬॥
মম পুত্রা দুরাত্মানঃ সর্ব্বে মৃত্যুবশানুগাঃ।
যেষাং যুদ্ধং দুরাধর্ষৈঃ পাণ্ডবৈঃ প্রত্যুপস্থিতম্ ॥৭॥
তথৈব চ ন পশ্যামি যুধি গাণ্ডীবধন্বনঃ।
অনিশং চিন্তয়ানোঽপি য এনমুদিয়াদ্রথী ॥৮॥
দ্রোণকর্ণৌ প্রতীয়াতাং যদি ভীষ্মোঽপি বা রণে।
মহান্ স্যাৎ সংশয়ো লোকে তত্র পশ্যামি নো জয়ম্ ॥৯॥
ঘৃণী কর্ণঃ প্রমাদী চ আচার্য্যঃ স্থবিরো গুরুঃ।
অমর্ষী বলবান্ পার্থঃ সংরম্ভী দৃঢ়বিক্রমঃ ॥১০॥

ভারতকৌমুদী

অস্যত ইতি। অস্যতো নিক্ষিপতঃ। মৃত্যুজরাতিগোঽপি কো জনঃ ॥৬॥

মমেতি। মৃত্যুবশানুগা ভবিষ্যন্তীতি শেষঃ। পাণ্ডবৈঃ সহেত্যর্থঃ ॥৭॥

তথেতি। যো রথী, এনমর্জ্জুনম্, যুধি, উদিয়াৎ প্রতিপক্ষভাবেনোপতিষ্ঠেৎ, গাণ্ডীবধন্বনঃ অর্জ্জুনস্য, তথা প্রতিযোদ্ধারম্, অনিশং চিন্তযানশ্চিন্তযন্নপি নৈব পশ্যামি ॥৮॥

অথ দ্রোণাদয় উপতিষ্ঠেয়ুরিত্যাহ—দ্রোণেতি। যদি রণে দ্রোণকর্ণৌ প্রতীয়াতাম্ অর্জ্জুনস্য প্রতিপক্ষভাবেন গচ্ছেতাম্, ভীষ্মোঽপি বা প্রতিগচ্ছেৎ, তদাপি লোকে জয়পরাজয়যোর্মহান্ সংশয়ঃ স্যাৎ, অহন্তু তত্র জয়ং নো পশ্যামি ॥৯॥

ভারতভাবদীপঃ

সুপ্যত ইতি ॥১—৪॥ ঋতাঃ সত্যাঃ ॥৫—৮॥ প্রতীয়াতাং প্রতিগচ্ছেতাম্ ॥৯॥ ঘৃণী

যথেচ্ছ আলাপের সময়েও যে মহাত্মার সত্য বাক্যই চলিয়া থাকে এবং অর্জ্জুন যাঁহার পক্ষের যোদ্ধা, ত্রিভুবনের রাজত্বও তাঁহারই হইতে পারে ॥৫॥

কারণ, অর্জ্জুন যখন শিলানিশিত তীক্ষ্ণাগ্র কর্ণী ও নারাচপ্রভৃতি নিক্ষেপ করিতে থাকিবেন, তখন কোন্ লোক মৃত্যু-জরাতিক্রমী হইযাও তাঁহার সম্মুখে থাকিতে পারিবে ॥৬॥

সুতরাং সেই দুর্দ্ধর্ষ পাণ্ডবদের সহিত যাহাদের যুদ্ধ উপস্থিত হইতেছে, আমার সেই দুরাত্মা পুত্রেরা সকলেই মৃত্যুর বশবর্ত্তী হইবে ॥৭॥

যে রথী অর্জ্জুনের প্রতিপক্ষভাবে যুদ্ধে উপস্থিত হইবে, সে প্রকার অর্জ্জুনের প্রতিপক্ষ যোদ্ধাকে আমি সর্ব্বদা চিন্তা করিয়াও দেখিতেছি না ॥৮॥

দ্রোণ, কর্ণ কিংবা ভীষ্মও যদি যুদ্ধে অর্জ্জুনের প্রতিপক্ষভাবে উপস্থিত হন, তাহা হইলেও অন্য লোকের জয়-পরাজয়ের গুরুতর সংশয় হইবে, আমি কিন্তু সে ক্ষেত্রে জয়ের সম্ভাবনাই করি না ॥৯॥

ভবেৎ সুতুমুলং যুদ্ধং সর্ব্বশোহপ্যপরাজিতম্।
সর্ব্বে হ্যস্ত্রবিদঃ শূরাঃ সর্ব্বে প্রাপ্তা মহদ্‌যশঃ ॥১১॥
অপি সর্ব্বেশ্বরত্বং হি তে বাঞ্ছন্ত্যপরাজিতাঃ।
বধে নূনং ভবেচ্ছান্তিরেতেষাং ফাল্গুনস্য বা ॥১২॥
ন তু হন্তাঽর্জ্জুনস্যাস্তি জেতা বাঽস্য ন বিদ্যতে।
মন্যুস্তস্য কথং শাম্যেন্মন্দান্ প্রতি সমুত্থিতঃ ॥১৩॥
ত্রিদশেশসমো বীরঃ খাণ্ডবেঽগ্নিমতর্পয়ৎ।
জিগায় পার্থিবান্ সর্ব্বান্ রাজসূয়ে মহাক্রতৌ ॥১৪॥

ভারতকৌমুদী

কিং তত্র কারণমিত্যাহ—ঘৃণীতি। কর্ণঃ, ঘৃণী দয়ালুঃ, প্রমাদী অসাবধানশ্চ। অতস্তস্য দয়য়া নিবৃত্তিঃ পলায়নং বা সম্ভাব্যত ইতি ভাবঃ। আচার্য্যো দ্রোণস্তু স্থবিরো গুরুশ্চ। অতস্তস্যাপি অশক্ত্যা স্নেহেন বা নিবৃত্তির্ভবেদিত্যাশয়ঃ। পক্ষান্তরে পার্থোঽর্জ্জুনঃ, অমর্ষী ক্রোধী, বলবান্, সংরম্ভী উদ্যমী, দৃঢ়বিক্রমশ্চ। অতোঽস্য কুতোঽপি নিবৃত্তেরভাবাজ্জয় এবেত্যভিপ্রায়ঃ। ভীষ্মস্থ স্থবিরত্বাৎ পিতামহত্বেন গুরুত্বাচ্চ দ্রোণতুল্য এবেত্যাচার্য্যগ্রহণেনৈব তস্য প্রাপ্তের্ন পৃথগুপাদানম্ ॥১০॥

ইদানীং ফলিতমাহ—ভবেদিতি। সর্ব্বশঃ সর্ব্বথা, ন বিদ্যতে পরাজিতং পাণ্ডবপক্ষপরাজয়ো যত্র তাদৃশম্। হি যস্মাৎ, সর্ব্বে পাণ্ডবাঃ ॥১১॥

অথ তৎপ্রাপ্যরাজ্যার্দ্ধদানেনৈব শান্তির্ভবেদিত্যাহ—অপীতি। অপি চ, সর্ব্বেশ্বরত্বং হি সমস্তরাজ্যাধিপত্যমেব, তে পাণ্ডবাঃ। এতেষাং কর্ণাদীনাম্ ॥১২॥

অর্জ্জুনবধস্যাসম্ভবত্বমাহ—নেতি। মন্যুঃ ক্রোধঃ। মন্দান্ মূঢ়ান্ দুর্য্যোধনাদীন্ ॥১৩॥

কারণ, কর্ণ—দয়ালু ও অসাবধান এবং দ্রোণ—বৃদ্ধ ও গুরু; আর অর্জ্জুন ক্রোধী, বলবান্, উদ্যমী ও দৃঢ়বিক্রমশালী ॥১০॥

অতএব নিশ্চয়ই অতিতুমুল যুদ্ধ হইবে এবং তাহাতে পাণ্ডবদের পরাজয় হইবে না। কারণ, পাণ্ডবেরা সকলেই অস্ত্রজ্ঞ ও বীর এবং বীরত্বনিবন্ধনই গুরুতর যশ লাভ করিয়াছে ॥১১॥

তা'র পর, অপরাজিত পাণ্ডবেরা সমস্ত রাজ্যের আধিপত্য লাভ করিবারই ইচ্ছা করে, সুতরাং হয় কর্ণপ্রভৃতির, না হয় অর্জ্জুনের বধ হইলেই এই বিবাদের শান্তি হইতে পারে ॥১২॥

কিন্তু অর্জ্জুনের হন্তাও নাই, কিংবা জেতাও নাই; সুতরাং মূঢ়মতি দুর্য্যোধনপ্রভৃতির উপরে অর্জ্জুনের যে ক্রোধ জন্মিয়াছে, তাহার নিবৃত্তি হইবে কি প্রকারে ॥১৩॥

---

(১৩)...শাম্যেন্নান্বেব প্রতিসংহিতঃ—দা ব ক।

শেষং কুর্য্যাদ্গিরের্ব্বজ্রো নিপতন্ মূর্দ্ধ্নি, সঞ্জয়!।
ন তু কুর্য্যুঃ শরাঃ শেষং ক্ষিপ্তাস্তাত! কিরীটিনা ॥১৫॥
যথা হি কিরণা ভানোস্তপন্তীহ চরাচরম্।
তথা পার্থভুজোৎসৃষ্টাঃ শরাস্তপ্স্যন্তি মৎসুতান্ ॥১৬॥
অপি তদ্রথঘোষেণ ভয়ার্ত্তা সব্যসাচিনঃ।
প্রতিভাতি বিদীর্ণেব সর্ব্বতো ভারতী চমূঃ ॥১৭॥
সমুদ্বমন্ প্রবপংশ্চৈব বাণান্ স্থাতাততায়ী সমরে কিরীটী।
সৃষ্টোঽন্তকঃ সর্ব্বহরো বিধাত্রা ভবেদ্যথা তদ্বদপারণীয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

অর্জ্জুনস্যাজেয়ত্বে নিদর্শনমাহ—ত্রিদশেতি। ত্রিদশেশসম ইন্দ্রতুল্যোঽর্জ্জুনঃ ॥১৪॥

শেষমিতি। শেষং কুর্য্যাৎ অবশিষ্টং রক্ষেৎ। শরাস্তু শেষং ন কুর্য্যুঃ, হন্যুরেব ॥১৫॥

যথেতি। ভানোঃ সূর্য্যস্য। পার্থভুজোৎসৃষ্টা অর্জ্জুনবাহুনিক্ষিপ্তাঃ ॥১৬॥

অপীতি। স প্রসিদ্ধো রথস্তদ্রথস্তস্য ঘোষেণ। প্রতিভাতি মদ্বুদ্ধিবিষয়ো ভবতি ॥১৭॥

যদিতি। আততায়ী শস্ত্রপাণিঃ, "অগ্নিদো গরদশ্চৈব" ইতি প্রাগুক্তেঃ, কিরীটী অর্জ্জুনঃ, তূণাদ্বাণান্ সমুদ্ধরন্, প্রবপন্ নিক্ষিপংশ্চ, সমরে স্থাতা স্থাস্যতি। বিধাত্রা সৃষ্টঃ সর্ব্বহরঃ অন্তকো যমো যথা, তদ্বদেব অর্জ্জুনঃ, অপারণীয়ো জেতুমশক্যঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

দয়ালুঃ, প্রমাদী অনবহিতঃ, সংরম্ভী উদ্যমী ॥১০—১৬॥ অপীতি। সব্যসাচিনো রথঘোষেণাপি, তৎ তত্র রণে ॥১৭॥ যৎ যদ্বা, উদ্বমন্ নিষঙ্গাদুদ্ধরন্, প্রবপন্ প্রেরয়ন্, স্থাতা স্থাস্যতি, আততায়ী শস্ত্রপাণিঃ। যথোক্তম্—"অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী

ইন্দ্রের তুল্য বীর অর্জ্জুন খাণ্ডববন দগ্ধ করাইয়া অগ্নিদেবকে সন্তুষ্ট করিয়াছে এবং মহাযজ্ঞ রাজসূয়ের সময়ে সমস্ত রাজাকে জয় করিয়াছে ॥১৪॥

বৎস সঞ্জয়! বজ্র পর্ব্বতের মস্তকে পড়িয়া বরং তাহার কিছু অবশিষ্ট রাখে; কিন্তু অর্জ্জুননিক্ষিপ্ত বাণ পড়িয়া একেবারেই অবশিষ্ট রাখিবে না ॥১৫॥

সূর্য্যের কিরণ যেমন জগতে সমস্ত স্থাবর-জঙ্গম পদার্থকে সন্তপ্ত করে, সেইরূপ অর্জ্জুননিক্ষিপ্ত বাণ আমার পুত্রগণকে সন্তপ্ত করিবে ॥১৬॥

এবং দুর্য্যোধনের সৈন্য অর্জ্জুনের সেই রথের শব্দে ভয়ার্ত্ত হইয়া সকল দিকেই যেন বিচ্ছিন্ন হইয়া পড়িবে বলিয়া আমার মনে হইতেছে ॥১৭॥

কারণ, আততায়ী অর্জ্জুন তূণ হইতে বাণ উত্তোলন ও নিক্ষেপ করিতে থাকিয়া যখন যুদ্ধে অবস্থান করিবে, তখন বিধাতৃসৃষ্ট সর্ব্বনাশক যমের ন্যায় তাহাকে কেহই জয় করিতে সমর্থ হইবে না" ॥১৮॥

---

(১৮) যদুদ্বহন্...পি, যদুদ্বমন্—বা ব কা। ইতঃপরম্ '...অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ'—বা ব কা পি।

সঞ্জয় উবাচ।

যদেতৎ কথিতং রাজন্! ত্বয়া দুর্য্যোধনং প্রতি।
সর্ব্বমেতদ্‌যথাতত্ত্বং নৈতন্মিথ্যা মহীপতে! ॥১৯॥
মন্যুনা হি সমাবিষ্টাঃ পাণ্ডবাস্তে মহৌজসঃ।
দৃষ্ট্বা কৃষ্ণাং সভাং নীতাং ধর্ম্মপত্নীং যশস্বিনীম্ ॥২০॥
দুঃশাসনস্য তা বাচঃ শ্রুত্বা তে দারুণোদয়াঃ।
কর্ণস্য চ মহারাজ! ন স্বপ্স্যন্তীতি মে মতিঃ ॥২১॥
শ্রুতং হি মে মহারাজ! যথা পার্থেন সংযুগে।
একাদশতনুঃ স্থাণুর্ধনুষা পরিতোষিতঃ ॥২২॥
কৈরাতং বেশমাস্থায় যোধয়ামাস ফাল্গুনম্।
জিজ্ঞাসুঃ সর্ব্বদেবেশঃ কপর্দ্দী ভগবান্ স্বয়ম্ ॥২৩॥
তত্রৈনং লোকপালাস্তে দর্শয়ামাসুরর্জ্জুনম্।
অস্ত্রহেতোঃ পরাক্রান্তং তপসা কৌরবর্ষভম্ ॥২৪॥

ভারতকৌমুদী

যদিতি। তত্ত্বং যাথার্থ্যমনতিক্রম্যেতি যথাতত্ত্বং সত্যমিত্যর্থঃ ॥১৯॥
মন্যুনেতি। মন্যুনা ক্রোধেন, সমাবিষ্টা গৃহীতাঃ। কৃষ্ণাং দ্রৌপদীম্ ॥২০॥
দুরিতি। তে পাণ্ডবাঃ, দারুণোদয়া রুক্ষোপক্রমাঃ। স্বপ্স্যন্তি সুপ্তবৎ স্থাস্যন্তি ॥২১॥
শ্রুতমিতি। মে ময়া। একাদশ তনবো মূর্ত্তয়ো যস্য সঃ, স্থাণুঃ শিবঃ ॥২২॥
কৈরাতমিতি। জিজ্ঞাসুঃ অর্জ্জুনস্য বলং জ্ঞাতুমিচ্ছুঃ। কপর্দ্দী জটাজুটবান্ ॥২৩॥
তত্রেতি। দর্শয়ামাসুঃ স্বাং স্বাং মূর্ত্তিমিতি শেষঃ। তপসা অন্বিতম্ ॥২৪॥

সঞ্জয় বলিলেন—"মহারাজ! আপনি দুর্য্যোধনের বিষয়ে এই যাহা বলিলেন, এ সমস্তই সত্য, ইহা মিথ্যা নহে ॥১৯॥

কারণ, মহাতেজা পাণ্ডবেরা ধর্ম্মপত্নী ও যশস্বিনী দ্রৌপদীকে সভায় আনীত দেখিয়া ক্রোধে আকুল হইয়াছেন ॥২০॥

এবং তাঁহারা দুঃশাসনের ও কর্ণের সেই দারুণ উক্তিগুলি শুনিয়া যে ঘুমাইয়া থাকিবেন না, ইহা আমারও ধারণা ॥২১॥

মহারাজ! আমি শুনিয়াছি যে, অর্জ্জুন ধনুর্দ্ধারা যুদ্ধে একাদশ-রুদ্রমূর্ত্তি মহাদেবকে সন্তুষ্ট করিয়াছেন ॥২২॥

জটাজুটধারী স্বয়ং ভগবান্ মহাদেব অর্জ্জুনের বল বুঝিবার ইচ্ছা করিয়া ব্যাধের বেশ ধারণপূর্ব্বক তাঁহার সহিত যুদ্ধ করিয়াছিলেন ॥২৩॥

---

(২১)...দুঃস্বপ্স্যন্তীতি মে মতিঃ—বা ব কা। (২২) শ্রুতং হি তে—পি।

নৈতদুৎসহতে চান্যো লব্ধুমন্যত্র ফাল্গুনাৎ।
সাক্ষাদ্দর্শনমেতেষামীশ্বরাণাং নরো ভুবি ॥২৫॥
মহেশ্বরেণ যো রাজন্! ন জীর্ণো হ্যষ্টমূর্ত্তিনা।
কস্তমুৎসহতে বীরো যুদ্ধে জরয়িতুং পুমান্ ॥২৬॥
আসাদিতমিদং ঘোরং তুমুলং লোমহর্ষণম্।
দ্রৌপদীং পরিকর্ষদ্ভিঃ কোপয়দ্ভিশ্চ পাণ্ডবান্ ॥২৭॥
যত্তু প্রস্ফুরমাণৌষ্ঠো ভীমঃ প্রাহ বচোঽর্থবৎ।
দৃষ্ট্বা দুর্য্যোধনেনোরূ দ্রৌপদ্যা দর্শিতাবুভৌ ॥২৮॥
ঊরূ ভেৎস্যামি তে পাপ! গদয়া ভীমবেগয়া।
ত্রয়োদশানাং বর্ষাণামন্তে দুর্দ্যূতদেবিনঃ ॥২৯॥

ভারতকৌমুদী

নেতি। উৎসহতে শক্নোতি। এতেষাং যমাদীনাম্, ঈশ্বরাণাং দিক্পতীনাম্ ॥২৫॥
মহেতি। জীর্ণো হতঃ। জরয়িতুং হন্তুম্। শিবস্য অষ্টৌ মূর্ত্তীরাহ বিষ্ণুপুরাণে— "সূর্য্যো জলং মহী বহ্নির্বায়ুরাকাশমেব চ। দীক্ষিতো ব্রাহ্মণঃ সোম ইত্যেতাস্তনবঃ স্মৃতাঃ" ॥ ॥২৬॥
আসাদিতমিতি। ইদং বৈরম্। দুর্য্যোধনাদিভিরিতি শেষঃ ॥২৭॥
যদিতি। তদ্বচঃ, অর্থবৎ সার্থকং সত্যমেব ভবিতা ইত্যর্থঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

চ ষড়েতে আততায়িনঃ ॥" অপারণীয়ঃ অনুল্লঙ্ঘনীয়ঃ জেতুমশক্যঃ ॥১৮—২৬॥ ন জীর্ণো ন ক্ষীণঃ, অষ্টৌ পঞ্চভূতানি সূর্য্যচন্দ্রপুরুষাশ্চ মূর্ত্তয়ো যস্য ॥২৭—২৮॥ দুর্দ্যূতদেবিনঃ ছদ্মদ্যূতেন

এবং সেই স্থানেই যমপ্রভৃতি দিক্পালগণ অস্ত্রদান করিবার জন্য—পরাক্রমশালী ও তপস্বী এই কুরুশ্রেষ্ঠ অর্জ্জুনকে আপন আপন রূপ দেখাইয়াছিলেন ॥২৪॥

জগতে অর্জ্জুন ভিন্ন অন্য কোন লোকই অন্যত্র এই দিক্পালগণের প্রত্যক্ষ দর্শন লাভ করিতে পারে না ॥২৫॥

মহারাজ! অষ্টমূর্ত্তি স্বয়ং মহাদেব যাহাকে বধ করিতে পারেন নাই, সেই অর্জ্জুনকে অন্য কোন্ বীর পুরুষ বধ করিতে পারে? ॥২৬॥

আপনার পুত্রগণ দ্রৌপদীকে আকর্ষণপূর্ব্বক পাণ্ডবগণকে ক্রুদ্ধ করিয়া এই দারুণ, তুমুল ও লোমহর্ষণ শত্রুতা ঘটাইয়াছে ॥২৭॥

তা'র পর, দুর্য্যোধন দ্রৌপদীকে নিজের দুইখানা উরুই দেখাইয়াছিলেন; তাহা দেখিয়া ভীমসেন কম্পিত ওষ্ঠে যে কথা বলিয়াছিলেন, তাহা সত্য হইবেই ॥২৮॥

---

(২৮)…বচো মহৎ—পি।

সর্ব্বে প্রহরতাং শ্রেষ্ঠাঃ সর্ব্বে চামিততেজসঃ।
সর্ব্বে সর্ব্বাস্ত্রবিদ্বাংসো দেবৈরপি সুদুর্জয়াঃ ॥৩০॥
মন্যে মন্যুসমুদ্ধূতাঃ পুত্রাণাং তব সংযুগে।
অন্তং পার্থাঃ করিষ্যন্তি ভার্য্যামর্ষসমন্বিতাঃ ॥৩১॥

ধৃতরাষ্ট্র উবাচ।

কিং কৃতং সূত! কর্ণেন বদতা নিষ্ঠুরং বচঃ।
পর্য্যাপ্তং বৈরমেতাবদ্‌যৎ কৃষ্ণা সা সভাং গতা ॥৩২॥
অপীদানীং মম সুতাস্তিষ্ঠেয়ুর্মন্দচেতসঃ।
যেষাং ভ্রাতা গুরুর্জ্যেষ্ঠো বিনয়ে নাবতিষ্ঠতে ॥৩৩॥
মমাপি বচনং সূত! ন শুশ্রূষতি মন্দভাক্।
দৃষ্ট্বা মাং চক্ষুষা হীনং নির্বিচেষ্টমচেতনম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

কিং প্রাহেত্যাকাঙ্ক্ষায়াং ভীমোক্তিমেবানুবদতি—উরূ ইতি। দুর্দ্যূতদেবিনঃ, শাঠ্যাৎ ॥২৯॥
সর্ব্ব ইতি। সর্ব্বে পাণ্ডবাঃ, প্রহরতাং যোদ্ধৃণাম্। সর্ব্বেষস্ত্রেষু বিদ্বাংসো বিজ্ঞাঃ ॥৩০॥
মন্য ইতি। মন্যুসমুদ্ধূতাঃ ক্রোধোদ্বেলিতাঃ। সংযুগে যুদ্ধে। অন্তং নাশম্ ॥৩১॥
কিমিতি। কিং কৃতং কিমপি নেত্যর্থঃ। পর্য্যাপ্তং যথেষ্টং জাতম্ ॥৩২॥
অপীতি। অপিঃ প্রশ্নে। ভ্রাতা দুর্য্যোধনঃ, বিনয়ে শিক্ষয়া ন্যায্যব্যবহারে ॥৩৩॥
মমেতি। শুশ্রূষতি শ্রোতুমিচ্ছতি। নির্বিচেষ্টং নিষ্ক্রিয়ম্, অচেতনমিব ॥৩৪॥

"পাপাত্মা! তুই শঠতা করিয়া দূষিত দ্যূতক্রীড়া করিলি; সুতরাং তের বৎসরের পরে আমি ভয়ঙ্করবেগশালী গদাদ্বারা তোর উরুদ্বয় ভগ্ন করিব" ॥২৯॥

পাণ্ডবেরা সকলেই যোদ্ধশ্রেষ্ঠ, সকলেই অমিততেজা এবং সকলেই সকল অস্ত্রে অভিজ্ঞ; সুতরাং তাঁহারা দেবগণের পক্ষেও অতিদুর্জ্জয় ॥৩০॥

ভার্য্যার উৎপীড়ন করায় পাণ্ডবেরা অসহিষ্ণু এবং ক্রোধে উদ্বেলিত হইয়া রহিয়াছেন; সুতরাং আমি মনে করি—তাঁহারা যুদ্ধে আপনার পুত্রগণের ধ্বংসই করিবেন" ॥৩১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—"সঞ্জয়! কর্ণ নিষ্ঠুর বাক্য বলিয়া আর কি করিয়াছে? দ্রৌপদী যে সভায় গিয়াছিলেন, তাহাতেই যথেষ্ট শত্রুতা জন্মিয়াছে ॥৩২॥

আমার মন্দবুদ্ধি পুত্রগণ এখনও বাঁচিয়া আছে? যাহাদের জ্যেষ্ঠ ভ্রাতা ও গুরু দুর্য্যোধন ন্যায্য ব্যবহার করিতেছে না ॥৩৩॥

---

(৩০)…সর্ব্বে শস্ত্রাস্ত্রবিদ্বাংসঃ—গি। (৩২)…বদতা পরুষং বচঃ—বা ব কা নি।
(৩৩)…তিষ্ঠেরন্ মন্দচেতসঃ—বা ব কা নি।

যে চাস্য সচিবা মন্দাঃ কর্ণসৌবলকাদয়ঃ।
তেঽপ্যস্য ভূয়সো দোষান্ বর্দ্ধয়ন্তি বিচেতসঃ ॥৩৫॥
স্বৈরমুক্তা হ্যপি শরাঃ পার্থেনামিততেজসা।
নির্দহেয়ুর্মম সুতান্ কিং পুনর্মন্যুনেরিতাঃ ॥৩৬॥
পার্থবাহুবলোৎসৃষ্টা মহাচাপবিনিঃসৃতাঃ।
দিব্যাস্ত্রমন্ত্রমুদিতাঃ সাদয়েয়ুঃ সুরানপি ॥৩৭॥
যস্য মন্ত্রী চ গোপ্তা চ সুহৃচ্চৈব জনার্দ্দনঃ।
হরিস্ত্রৈলোক্যনাথঃ স কিং নু তস্য ন নির্জ্জিতম্ ॥৩৮॥
ইদং হি সুমহচ্চিত্রমর্জ্জুনস্যেহ সংযুগে।
মহাদেবেন বাহুভ্যাং যৎ সমেত ইতি শ্রুতিঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

য ইতি। সৌবলকঃ শকুনিঃ। কুৎসায়াং কপ্রত্যয়ঃ। অস্য দুর্য্যোধনস্য ॥৩৫॥

স্বৈরেতি। স্বৈরমুক্তা হেলয়া মন্দং ক্ষিপ্তাঃ। মন্যুনা ক্রোধেন, ঈরিতা দৃঢমুক্তাঃ ॥৩৬॥

পার্থেতি। দিব্যাস্ত্রমন্ত্রেণ তৎপ্রয়োগেণ মুদিতা হৃষ্টা ইব ॥৩৭॥

যস্যেতি। গোপ্তা রক্ষিতা। তস্যার্জ্জুনস্য কিং বস্তু ন নির্জ্জিতমস্তি অপি তু সর্ব্বমেবেত্যর্থঃ ॥৩৮॥

ইদমিতি। সংযুগে যুদ্ধে। সমেতঃ সম্মিলিতঃ সোঽর্জ্জুন ইতি শেষঃ ॥৩৯॥

সঞ্জয়! মন্দভাগ্য দুর্য্যোধন আমাকে অন্ধ এবং অচেতনের ন্যায় নিশ্চেষ্ট দেখিয়া আমার কথাও শুনিতে ইচ্ছা করে না ॥৩৪॥

তা'র পর, মন্দবুদ্ধি কর্ণ ও শকুনিপ্রভৃতি যাহারা উহার মন্ত্রী হইয়াছে, তাহারাও বিকৃত হৃদয় বলিয়া উহার প্রচুর দোষই বাড়াইতেছে ॥৩৫॥

অমিতবিক্রম অর্জ্জুনকর্ত্তৃক অল্প বলে নিক্ষিপ্ত বাণও আমার পুত্রগণকে দগ্ধ করিতে পারে; সুতরাং তৎকর্ত্তৃক ক্রোধনিক্ষিপ্ত বাণের কথা আর কি বলিব ॥৩৬॥

অর্জ্জুনকর্ত্তৃক সম্পূর্ণ বাহুবলদ্বারা নিক্ষিপ্ত, মহাধনু হইতে নির্গত এবং দিব্যাস্ত্রমন্ত্রপ্রয়োগে যেন আনন্দিত বাণ সকল দেবগণকেও উৎসন্ন করিতে পারে ॥৩৭॥

তা'র পর, ত্রিভুবনের অধীশ্বর জনার্দ্দন কৃষ্ণ যাহার মন্ত্রী, রক্ষক এবং সুহৃৎ, সে অর্জ্জুনের কোন্ বস্তু অবিজিত আছে? ॥৩৮॥

অর্জ্জুনের এই কার্য্যটাই গুরুতর আশ্চর্য্য যে, আমরা শুনিয়াছি—সে নাকি মহাদেবের সহিত বাহুযুদ্ধে সম্মিলিত হইয়াছিল। ॥৩৯॥

---

(৩৭)…ঘাতয়েয়ুঃ সুরানপি—পি। (৩৯)…অর্জ্জুনস্যেহ সঞ্জয়।—ব বা কা নি।

প্রত্যক্ষং সর্ব্বলোকস্য খাণ্ডবে যৎ কৃতং পুরা।
ফাল্গুনেন সহায়ার্থে বহ্নের্দামোদরেণ চ ॥৪০॥
সর্ব্বথা নাস্তি মে পুত্রঃ সামাত্যঃ সহবান্ধবঃ।
ক্রুদ্ধে ভীমে চ পার্থে চ বাসুদেবে চ সাত্বতে ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি ইন্দ্রলোকাভিগমনে ধৃতরাষ্ট্রখেদে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।
যদিদং শোচিতং রাজ্ঞা ধৃতরাষ্ট্রেণ বৈ মুনে!।
প্রব্রাজ্য পাণ্ডবান্ বীরান্ সর্ব্বমেতন্নিরর্থকম্ ॥১॥

ভারতকৌমুদী

প্রত্যক্ষমিতি। বহ্নেঃ সহায়ার্থে সাহায্যার্থে। দামোদরেণ কৃষ্ণেন ॥৪০॥

সর্ব্বথেতি। সর্ব্বথা নাস্তীতি দৃঢ়সম্ভাবনা। পুত্রো দুর্য্যোধনঃ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি ইন্দ্রলোকাভিগমনে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যদিতি। প্রব্রাজ্য বনে সম্প্রেষ্য। নিরর্থকম্, "গতস্য শোচনা নাস্তি" ইতি ন্যায়াৎ ॥১॥

ভারতভাবদীপঃ

জেতুকামস্য ॥২৯—৩০॥ অন্তং নাশম্ ॥৩১—৩২॥ বিনয়ে নীতৌ ॥৩৩—৪০॥ নহি সন্তীতি শেষঃ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪১॥

—:*:—

"যদিদং শোচিত"মিত্যাদেরধ্যায়দ্বয়স্য তাৎপর্য্যম্—সত্যসংরক্ষণে কৃতে দেবা মানুষাশ্চানু-

---

তা'র পর, কৃষ্ণ ও অর্জ্জুন অগ্নিদেবের সাহায্যের জন্য পূর্ব্বে খাণ্ডববন দাহের সময়ে যাহা করিয়াছিলেন, তাহা বহু লোকই প্রত্যক্ষ করিয়াছিল ॥৪০॥

অতএব ভীম, অর্জ্জুন ও সাত্বতবংশীয় কৃষ্ণ ক্রুদ্ধ হওয়ায় অমাত্য ও বন্ধুবর্গের সহিত আমার পুত্র দুর্য্যোধন নিশ্চয়ই নাই!" ॥৪১॥

—:*:—

---

(৪১) সর্ব্বথা নহি মে পুত্রাঃ সহামাত্যাঃ সসৌবলাঃ—বা ব কা। * '...একোনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ'—বা ব কা,...'সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ'—পি নি।

কথঞ্চ রাজা পুত্রং তমুপেক্ষেতাল্পচেতসম্।
দুর্য্যোধনং পাণ্ডুপুত্রান্ কোপয়ানং মহারথান্ ॥২॥
কিমাসীৎ পাণ্ডুপুত্রাণাং বনে ভোজনমুচ্যতাম্।
বানেয়মথবা কৃষ্টমেতদাখ্যাতু মে ভবান্ ॥৩॥
বৈশম্পায়ন উবাচ।
বানেয়ঞ্চ মৃগাংশ্চৈব শুদ্ধৈর্বাণৈর্নিপাতিতান্।
ব্রাহ্মণানাং নিবেদ্যাগ্রমভুঞ্জন্ পুরুষর্ষভাঃ ॥৪॥
তাংস্তু শূরান্ মহেষ্বাসাংস্তদা নিবসতো বনে।
অন্বযুর্ব্রাহ্মণা রাজন্! সাগ্নয়োঽনগ্নয়স্তথা ॥৫॥

ভারতকৌমুদী

কথমিতি। রাজা ধৃতরাষ্ট্রঃ, উপেক্ষেত অদণ্ডয়িত্বেতি শেষঃ। কোপযানং কোপযন্তম্ ॥২॥

কিমিতি। বানেয়ং বনভবং নীবারফলাদি, কৃষ্টং ভূমিকর্ষণজাতং ধান্যাদি ॥৩॥

বানেয়মিতি। বানেয়ং বনভবং নীবারাদি। শুদ্ধৈঃ অবিষলিপ্তমুখৈঃ, অন্যথা তন্নিহত-পশ্বাদিমাংসভক্ষণে স্বাস্থ্যহানিঃ স্যাদিত্যাশয়ঃ। অগ্রং তন্মাংসপ্রথমভাগম্, নিবেদ্য "দেবান্ পিতৄন্ সমভ্যর্চ্চ্য খাদন্ মাংসং ন দোষভাক্" ইতি মনুবচনে ব্রাহ্মণস্যাপ্যুপলক্ষণত্বাৎ। অথবা ব্রাহ্মণনিবেদনে তৈর্দেবাদ্যর্চ্চনসম্ভবাদিতি ভাবঃ ॥৪॥

অথ তত্র ব্রাহ্মণাঃ কুত ইত্যাহ—তানিতি। তান্ পাণ্ডবান্, মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥৫॥

ভারতভাবদীপঃ

গৃহ্নন্তীতি ॥১—২॥ বানেয়ং বনভবং নীবারাদি, কৃষ্টং কর্ষণজং গ্রাম্যধান্যম্ ॥৩॥ শুদ্ধৈ-র্বিষালিপ্তৈঃ, "বিষলিপ্তেন বাণেন যৌ হতৌ মৃগপক্ষিণৌ। তয়োর্মাংসং কলঞ্জং তদ্ভুক্ত্বা

জনমেজয় বলিলেন—"মুনি! রাজা ধৃতরাষ্ট্র বীর পাণ্ডবগণকে বনে পাঠাইযা দিয়া পরে যে এই শোক করিয়াছিলেন, সে সমস্তই নিষ্ফল ॥১॥

যিনি মহারথ পাণ্ডবদিগকে ক্রুদ্ধ করিয়াছিলেন, সেই মন্দবুদ্ধি পুত্র দুর্য্যোধনকে দণ্ডিত না করিযা রাজা উপেক্ষা করিয়াছিলেন কেন ॥২॥

(সে যাহা হউক,) বনে পাণ্ডবগণের কি খাদ্য ছিল তাহা বলুন; বনের উড়ীর চাউল ও ফলপ্রভৃতি? না—ধানের চাউলপ্রভৃতি খাদ্য ছিল? ইহা আমার নিকট আপনি বলুন" ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবেরা ব্রাহ্মণদিগকে অগ্রভাগ নিবেদন করিযা দিয়া উড়ীর চাউল এবং নির্দ্দোষ বাণদ্বারা নিহত মৃগের মাংস ভোজন করিতেন ॥৪॥

রাজা! বীর ও মহাধনুর্দ্ধর পাণ্ডবেরা যখন বনে বাস করিতেছিলেন, তখন সাগ্নি ও নিরগ্নি অনেক ব্রাহ্মণ তাঁহাদের সঙ্গে ছিলেন ॥৫॥

ব্রাহ্মণানাং সহস্রাণি স্নাতকানাং মহাত্মনাম্ ।
দশ মোক্ষবিদাং তত্র যান্ বিভর্ত্তি যুধিষ্ঠিরঃ ॥৬॥
রুরূন্ কৃষ্ণমৃগাংশ্চৈব মেধ্যাংশ্চান্যান্ বনেচরান্ ।
বাণৈরুন্মথ্য বিবিধৈর্ব্রাহ্মণেভ্যো ন্যবেদয়ন্ ॥৭॥
ন তত্র কশ্চিদ্দুর্ব্বর্ণো ব্যাধিতো বাঽপ্যদৃশ্যত ।
কৃশো বা দুর্ব্বলো বাপি দীনো ভীতোঽপি বা পুনঃ ॥৮॥
পুত্রানিব প্রিয়ান্ ভ্রাতৄন্ জ্ঞাতীনিব সহোদরান্ ।
পুপোষ কৌরবশ্রেষ্ঠো ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৯॥
পতীংশ্চ দ্রৌপদী সর্ব্বান্ দ্বিজাতীংশ্চ যশস্বিনী ।
মাতেব ভোজয়িত্বাগ্রে শিষ্টমাহারয়ত্তদা ॥১০॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণানামিতি। স্নাতকানাং গৃহমেধিনাম্। দশ সহস্রাণি। তত্র আসন্নিতি শেষঃ ॥৬॥
রুরূনিতি। রুরূন্ মৃগবিশেষান্। মেধ্যান্ পবিত্রান্, বনেচরান্ শশকাদীন্ ॥৭॥
নেতি। কশ্চিদপি পাণ্ডবঃ, দুর্ব্বর্ণো বনবাসেন দূষিতবর্ণঃ, ব্যাধিতো রোগী ॥৮॥
পুত্রানিতি। প্রিয়ান্ জ্ঞাতীন্ সহোদরানিব ইতি সম্বন্ধঃ ॥৯॥
পতীনিতি। মাতেব অগ্রে ভোজয়িত্বা, শিষ্টমবশিষ্টম্, আহারয়দ্ভুক্তবতী ॥১০॥

ভারতভাবদীপঃ

চান্দ্রায়ণং চরেৎ" ইতি স্মৃতেঃ। অগ্রং হন্তকারপ্রদেযম্ ॥৪॥ অনগ্নয়ঃ পরিব্রাজকাঃ ॥৫—৯॥ আহারয়ৎ আহারং কৃতবতী ॥১০—১২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪২॥

বহু সহস্র মহাত্মা গৃহস্থ ব্রাহ্মণ এবং দশ সহস্র মোক্ষার্থী ব্রাহ্মণ সেখানে ছিলেন; যাঁহাদিগকে যুধিষ্ঠির ভরণ করিতেন ॥৬॥

পাণ্ডবেরা নানাবিধ বাণদ্বারা রুরুমৃগ, কৃষ্ণমৃগ এবং অন্যান্য পবিত্র পশু বধ করিয়া ব্রাহ্মণদিগকে নিবেদন করিতেন ॥৭॥

সেই বনবাসের সময়ে পাণ্ডবদের মধ্যে কাহাকেও মলিন বর্ণ, রোগী, কৃশ, দুর্ব্বল, বিষণ্ণ বা ভীত দেখা যায় নাই ॥৮॥

কৌরবশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠির প্রিয় ভ্রাতৃগণকে পুত্রদের ন্যায় এবং জ্ঞাতিবর্গকে সহোদরের ন্যায় পোষণ করিতেন ॥৯॥

এবং যশস্বিনী দ্রৌপদী মাতার ন্যায় আগে পতিগণকে এবং সমস্ত ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া পরে নিজে অবশিষ্ট আহার করিতেন ॥১০॥

---

(৭)…ন্যবেদয়ৎ—বা ব কা নি। (৮)…বাপি দৃশ্যতে—বা ব কা নি।

প্রাচীং রাজা দক্ষিণাং ভীমসেনো যমৌ প্রতীচীমথবাপ্যুদীচীম্।
ধনুর্দ্ধরা মাংসহেতোর্ম্মৃগাণাং ক্ষয়ং চক্রুর্নিত্যমেবোপগম্য ॥১১॥
তথা তেষাং বসতাং কাম্যকে বৈ বিহীনানামর্জ্জুনেনোৎসুকানাম্।
পঞ্চৈব বর্ষাণি তথা ব্যতীয়ুরধীয়তাং জপতাং জুহ্বতাঞ্চ ॥১২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
ইন্দ্রলোকাভিগমনে পার্থাহারকথনে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্রিচত্বারিংশোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তেষাং তচ্চরিতং শ্রুত্বা মনুষ্যাতীতমদ্ভুতম্।
চিন্তাশোকপরীতাত্মা মন্যুনাভিপরিপ্লুতঃ ॥১॥
দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বস্য ধৃতরাষ্ট্রোঽম্বিকাসুতঃ।
অব্রবীৎ সঞ্জয়ং সূতমামন্ত্র্য ভরতর্ষভ! ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

প্রাচীমিতি। রাজা যুধিষ্ঠিরঃ। যমৌ নকুলসহদেবৌ। ক্ষযং বিনাশম্ ॥১১॥

তথেতি। উৎসুকানামর্জ্জুনার্থমেবোৎকণ্ঠিতানাম্। অধীযতাং বেদাণ্যধীয়ানানাম্ ॥১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি
ইন্দ্রলোকাভিগমনে দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তেষামিতি। তেষাং পাণ্ডবানাম্। চিন্তাশোকাভ্যাং পরীতো ব্যাপ্ত আত্মা মনো যস্য সঃ, মন্যুনা দৈন্যেন, অভিপরিপ্লুত আক্রান্তঃ। সূতং তদ্বংশীযম্ ॥১—২॥

যুধিষ্ঠির পূর্ব্বদিকে, ভীম দক্ষিণদিকে, নকুল পশ্চিমদিকে এবং সহদেব উত্তরদিকে ধনুধারণপূর্ব্বক গমন করিযা মাংসের জন্য প্রত্যহই মৃগবধ করিতেন ॥১১॥

পাণ্ডবগণ অর্জ্জুনবিচ্ছিন্ন হইযা, সর্ব্বদাই তাঁহার জন্য উৎকণ্ঠিত থাকিয়া কাম্যকবনে সেইভাবে বাস করিতেন, বেদপাঠ করিতেন, জপ করিতেন এবং হোম করিতেন, এই অবস্থায় তাঁহাদেরও পাঁচ বৎসরই অতীত হইয়াছিল ॥১২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ! অম্বিকানন্দন ধৃতরাষ্ট্র পাণ্ডবগণের সেই মনুষ্যাতীত অদ্ভুত চরিত্র শ্রবণ করিয়া, চিন্তায় ও শোকে আকুলচিত্ত এবং

---

* '...পঞ্চাশত্তমোঽধ্যাযঃ'—বা ব কা,...'সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ'—পি নি।

ন রাত্রৌ ন দিবা সূত। শান্তিং প্রাপ্নোমি বৈ ক্ষণম্।
সঞ্চিন্ত্য দুর্নয়ং ঘোরমতীতং দ্যূতজং হি তৎ ॥৩॥
তেষামসহ্যবীর্য্যাণাং শৌর্য্যং ধর্ম্মং ধৃতিং পরাম্।
অন্যোন্যমনুরাগঞ্চ ভ্রাতৄণামতিমানুষম্ ॥৪॥ (যুগ্মকম্)
দেবপুত্রৌ মহাভাগৌ দেবরাজসমদ্যুতী।
নকুলঃ সহদেবশ্চ পাণ্ডবৌ যুদ্ধদুর্ম্মদৌ ॥৫॥
দৃঢ়ায়ুধৌ দুরাধর্ষৌ যুদ্ধে চ কৃতনিশ্চযৌ।
শীঘ্রহস্তৌ দৃঢ়ক্রোধৌ নিত্যযুক্তৌ তরস্বিনৌ ॥৬॥
ভীমার্জ্জুনৌ পুরোধায় যদা তৌ রণমূর্দ্ধনি।
স্থাস্যেতে সিংহবিক্রান্তাবশ্বিনাবিব দুঃসহৌ ॥৭॥
ন শেষমিহ পশ্যামি তদা সৈন্যস্য সঞ্জয়।
তৌ হ্যপ্রাতরথৌ যুদ্ধে দেবপুত্রৌ মহারথৌ ॥৮॥

ভারতকৌমুদী

নেতি। তৎ প্রসিদ্ধং শৌর্য্যম্। পরামধিকাম্, ধৃতিং ধৈর্য্যম্ ॥৩—৪॥
দেবেতি। দেবযোরশ্বিনীকুমারযোঃ পুত্রৌ। নিত্যযুক্তৌ সর্ব্বদা মনোযোগিনৌ, তরস্বিনৌ বলবন্তৌ। পুরোধায অগ্রবর্ত্তীকৃত্য। অশ্বিনৌ তদাখ্যৌ দেবাবিব। শেষ-

দীনভাবাপন্ন হইয়া, দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিয়া, সূতবংশীয় সঞ্জয়কে আহ্বানপূর্ব্বক বলিলেন—॥১—২॥

"সঞ্জয়! অতীত দ্যূতক্রীডার সময়ের ভয়ঙ্কর অত্যাচার, অসহ্যবীর্য্য পাণ্ডবগণের সেই শৌর্য্য, ধর্ম্ম, গুরুতর ধৈর্য্য এবং ভ্রাতাদের মধ্যে পরস্পর অলৌকিক অনুরাগ চিন্তা করিয়া আমি দিনে বা রাত্রিতে ক্ষণকালও শান্তি লাভ করিতে পারিতেছি না ॥৩—৪॥

দেবতার পুত্র, মহাভাগ্যশালী, ইন্দ্রের ন্যায় তেজস্বী, যুদ্ধোন্মত্ত, দৃঢ়াস্ত্র, দুর্দ্ধর্ষ, যুদ্ধে কৃতনিশ্চয়, লঘুহস্ত, দৃঢক্রুদ্ধ, সর্ব্বদা মনোযোগী, বলবান্, সিংহের ন্যায় বিক্রমশালী এবং অশ্বিনীকুমারদ্বয়ের তুল্যই দুঃসহ, নকুল ও সহদেব যখন যুদ্ধে ভীম ও অর্জ্জুনকে সম্মুখে রাখিযা অবস্থান করিবে, তখন আমার সৈন্যের কিছুই অবশিষ্ট থাকিবে বলিয়া আমি মনে করিতেছি না। কারণ, তাহারা দুই জনই দেবতার পুত্র, মহারথ, যুদ্ধে প্রতিদ্বন্দ্বিশূন্য এবং জাতক্রোধ, সুতরাং তাহারা কখনও দ্রৌপদীর সেই ক্লেশ সহ্য করিবে না। তা'র পর, যুদ্ধে

(৪)…ধৈর্য্যং ধৃতিং পরাম্—বা ব কা। (৬) দৃঢ়ায়ুধৌ দূরপাতৌ—কা।

দ্রৌপদ্যাস্তং পরিক্লেশং ন ক্ষংস্যেতে হ্যমর্ষিণৌ।
বৃষ্ণয়োঽথ মহেষ্বাসা পাঞ্চালা বা মহৌজসঃ ॥৯॥
যুধি সত্যাভিসন্ধেন বাসুদেবেন রক্ষিতাঃ।
প্রধক্ষ্যন্তি রণে পার্থাঃ পুত্রাণাং মম বাহিনীম্ ॥১০॥ (কুলকম্)
রামকৃষ্ণপ্রণীতানাং বৃষ্ণীনাং সূতনন্দন!।
ন শক্যঃ সহিতুং বেগঃ সর্ব্বৈস্তেরপি সংযুগে ॥১১॥
তেষাং মধ্যে মহেষ্বাসো ভীমো ভীমপরাক্রমঃ।
শৈক্যযা বীরঘাতিন্যা গদযা বিচরিষ্যতি ॥১২॥
তথা গাণ্ডীবনির্ঘোষং বিস্ফূর্জ্জিতমিবাশনেঃ।
গদাবেগঞ্চ ভীমস্য নালং সোঢ়ুং নরাধিপাঃ ॥১৩॥
ততোঽহং সুহৃদাং বাচো দুর্য্যোধনবশানুগঃ।
স্মরণীয়াঃ স্মরিষ্যামি ময়া যা ন কৃতাঃ পুরা ॥১৪॥

ভারতকৌমুদী

মবশিষ্টভাবেন স্থিতিম্। তৌ নকুলসহদেবৌ। ন ক্ষংস্যেতে ন সহিষ্যেতে। সত্যাভিসন্ধেন সত্যপ্রতিজ্ঞেন ॥৫—১০॥

রামেতি। রামকৃষ্ণাভ্যাং প্রণীতানাং চালিতানাম্। তৈর্মম পুত্রৈঃ ॥১১॥

তেষামিতি। শৈক্যয়া শিক্যস্থিতয়েব অবিরতোপবিচালনাদাকাশস্থিতয়েত্যর্থঃ ॥১২॥

তথেতি। ন অলং ন সমর্থা ভবিষ্যন্তি, নরাধিপা অস্মৎপক্ষীযা রাজানঃ ॥১৩॥

তত ইতি। সুহৃদাং বিদুরাদীনাম্। ময়া যা বাচো ন কৃতা নাঙ্গীকৃতাঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তেষামিতি। মন্যুনা দৈন্যেন ॥১—৮॥ ন ক্ষংস্যেতে ক্ষমাং ন করিষ্যতঃ ॥৯—১০॥ সহিতুং সোঢুম্ ॥১১॥ শৈক্যয়া শিক্যস্থযা, ভূমিং ভিত্বা পাতালং প্রবেক্ষ্যতীতি ভযাদন্তরীক্ষে

সত্যপ্রতিজ্ঞ-কৃষ্ণকর্তৃক রক্ষিত মহাধনুর্দ্ধর বৃষ্ণিবংশীযেরা, মহাপরাক্রমশালী পাঞ্চালেরা এবং কুন্তীর পুত্রেরা আমার পুত্রগণের সম্পূর্ণ বাহিনীটাকেই দগ্ধ করিযা ফেলিবে ॥৫—১০॥

সঞ্জয়! আমার পুত্রেরা সকলে মিলিত হইয়াও যুদ্ধে রাম ও কৃষ্ণকর্তৃক পরিচালিত বৃষ্ণিগণের বেগ সহ্য করিতে সমর্থ হইবে না ॥১১॥

মহাধনুর্দ্ধর ও ভযঙ্কর পরাক্রমশালী ভীমসেন ঊর্দ্ধবর্ত্তিনী বীরঘাতিনী গদা লইয়া সেই বৃষ্ণিগণের মধ্যে বিচরণ করিবে ॥১২॥

আর, আমার পক্ষের রাজারা বজ্রনির্ঘোষের ন্যায গাণ্ডীবনির্ঘোষ এবং ভীমের গদার বেগ সহ্য করিতে সমর্থ হইবেন না ॥১৩॥

সঞ্জয় উবাচ।

ব্যতিক্রমোঽযং সুমহাংস্ত্বয়া রাজন্নুপেক্ষিতঃ।
সমর্থেনাপি যন্মোহাৎ পুত্রস্তে ন নিবারিতঃ॥১৫॥
শ্রুত্বা হি নির্জ্জিতান্ দ্যূতে পাণ্ডবান্ মধুসূদনঃ।
ত্বরিতঃ কাম্যকে পার্থান্ সমভাবযদচ্যুতঃ॥১৬॥
দ্রুপদস্য তথা পুত্রা ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
বিরাটো ধৃষ্টকেতুশ্চ কৈকেয়াশ্চ মহারথাঃ॥১৭॥
তৈশ্চ যৎ কথিতং তত্র দৃষ্ট্বা পার্থান্ পরাজিতান্।
চারেণ বিদিতং সর্ব্বং তন্ময়া বেদিতঞ্চ তে॥১৮॥
সমাগম্য বৃতস্তত্র পাণ্ডবৈর্মধুসূদনঃ।
তদনন্তর মানুষ পরশুরামসেবিত মহেন্দ্রপর্ব্বতে যাইয়া রামতীর্থে স্নান করিয়া অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে ॥১৬॥

কুরুনন্দন রাজা! মতঙ্গমুনির কেদার (জলাশয়ও) সেইখানেই আছে; তাহাতে স্নান করিয়া মানুষ সহস্র গোদানের ফল লাভ করে ॥১৭॥

শ্রীপর্ব্বত এবং তত্রত্য নদীতে যাইয়া স্নান করিবে; পরে মহাদেবের পূজা করিয়া অশ্বমেধযজ্ঞের ফল পাইবে ॥১৮॥

---

(১৫) অয়ং শ্লোকঃ পি নাস্তি। (১৬)·· স্নাত্বা অশ্বমেধফলং লভেৎ—বা ব কা, বাজিমেধমবাপ্নুয়াৎ—পি। (১৭)···তত্রৈব ভরতর্ষভ।—পি, তত্র স্নাত্বা কুরুশ্রেষ্ঠ!—বা ব কা নি। (১৮)···নদীতীর উপস্পৃশেৎ···পরাং সিদ্ধিঞ্চ বিন্দতি—পি। (১৯)···ত্রিদশৈর্বৃতঃ—পি।

তত্র দেবহ্রদে স্নাত্বা শুচিঃ প্রযতমানসঃ।
অশ্বমেধমবাপ্নোতি পরাং সিদ্ধিঞ্চ গচ্ছতি ॥২০॥
ঋষভং পর্ব্বতং গত্বা পাণ্ড্যেষু সুবপূজিতম্।
বাজপেযমবাপ্নোতি নাকপৃষ্ঠে চ মোদতে ॥২১॥
ততো গচ্ছেত কাবেরীং বৃতামপ্সরসাং গণৈঃ।
তত্র স্নাত্বা নরো রাজন্! গোসহস্রফলং লভেৎ ॥২২॥
ততস্তীরে সমুদ্রস্য কন্যাতীর্থ উপস্পৃশেৎ।
তত্রোপস্পৃশ্য রাজেন্দ্র! সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২৩॥
অথ গোকর্ণমাসাদ্য ত্রিষু লোকেষু বিশ্রুতম্।
সমুদ্রমধ্যে রাজেন্দ্র! সর্ব্বলোকনমস্কৃতম্ ॥২৪॥
যত্র ব্রহ্মাদয়ো দেবা ঋষযশ্চ তপোধনাঃ।
ভূতযক্ষপিশাচাশ্চ কিন্নরাঃ সমহোরগাঃ ॥২৫॥
সিদ্ধচারণগন্ধর্ব্বা মানুষাঃ পন্নগাস্তথা।
সরিতঃ সাগরাঃ শৈলা উপাসন্ত উমাপতিম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। প্রযতমানসঃ কামক্রোধাদিনিবৃত্তচিত্তঃ। পরাং পরমাম্ ॥২০॥
ঋষভমিতি। পাণ্ড্যেষু পাণ্ড্যদেশে। নাকপৃষ্ঠে স্বর্গোপরি ॥২১॥
তত ইতি। কাবেরীং নদীম্, অপ্সরসাং গণৈর্বৃতাং পুণ্যতোযত্বাৎ ॥২২॥
তত ইতি। উপস্পৃশেৎ স্নাযাৎ। উপস্পৃশ্য স্নাত্বা ॥২৩॥

কারণ, সেই শ্রীপর্ব্বতে পার্ব্বতীর সহিত মহাতেজা মহাদেব এবং দেবগণের সহিত ব্রহ্মা পরমানন্দে বাস করিয়াছিলেন ॥১৯॥

মানুষ পবিত্র ও সংযতচিত্ত হইয়া তত্রত্য দেবহ্রদে স্নান করিয়া অশ্বমেধযজ্ঞের ফল পায় এবং পরম সিদ্ধি লাভ করে ॥২০॥

পাণ্ড্যদেশে দেবগণেরও আদৃত ঋষভপর্ব্বতে যাইয়া বাজপেয়যজ্ঞের ফল পায় এবং স্বর্গলোকে আমোদ করে ॥২১॥

রাজা! তাহার পর অপ্সরোগণে পরিবেষ্টিত কাবেরীনদীতে গমন করিবে। মানুষ তাহাতে স্নান করিয়া সহস্র গোদানের ফল লাভ করিবে ॥২২॥

রাজশ্রেষ্ঠ! তৎপরে সমুদ্রতীরে কন্যাতীর্থে স্নান করিবে, সেখানে স্নান করিয়া মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥২৩॥

রাজশ্রেষ্ঠ! ব্রহ্মাদি দেবগণ, ঋষিগণ, তপস্বিগণ, ভূত, যক্ষ ও পিশাচগণ,

(২৪)…সর্ব্বদেব…বা ব কা নি। (২৫)…দেবা মুনয়শ্চ…পি।

তত্রেশানং সমভ্যর্চ্চ্য ত্রিরাত্রোপোষিতো নরঃ।
অশ্বমেধমবাপ্নোতি গাণপত্যঞ্চ বিন্দতি ॥২৭॥ (কলাপকম্)
উষ্য দ্বাদশরাত্রং তু পূতাত্মা চ ভবেন্নরঃ।
তস্মিন্নেব তু গায়ত্র্যাঃ স্থানং ত্রৈলোক্যপূজিতম্ ॥২৮॥
ত্রিরাত্রমুষিতস্তত্র গোসহস্রফলং লভেৎ।
নিদর্শনঞ্চ প্রত্যক্ষং ব্রাহ্মণানাং নরাধিপ! ॥২৯॥
গায়ত্রীং পঠতে যস্তু যোনিশঙ্করজো দ্বিজঃ।
গাথা চ গীতিকা চাপি তস্য সম্পদ্যতে নৃপ!।
অব্রাহ্মণস্য সাবিত্রী পঠতস্তু প্রণশ্যতি ॥৩০॥

ভারতকৌমুদী

অথেতি। গোকর্ণং নাম হ্রদম্। মহোরগাঃ প্রধানসর্পাঃ, পন্নগাশ্চ সাধারণসর্পা ইত্যপৌনরুক্ত্যম্। উপাসন্ত ইতি নলোপাভাব আর্ষঃ। ঈশানং শিবম্ ॥২৪—২৭॥

উষ্যেতি। উষ্য গোকর্ণে বাসং কৃত্বা। তস্মিন্ গোকর্ণ এব ॥২৮॥

ত্রিরাত্রমিতি। ব্রাহ্মণানাং ব্রাহ্মণেভ্য এব ব্রাহ্মণীষ্বেব জাতানাম্, তথা ক্ষত্রিয়াণাং তথা বৈশ্যানাঞ্চ, পরত্র দ্বিজ ইত্যভিধানাৎ দ্বিজাতিমাত্রস্যৈব গায়ত্র্যামধিকারাচ্চ, প্রত্যক্ষং নিদর্শনং পরিচায়কং প্রমাণমস্তীতি শেষঃ ॥২৯॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—২৮॥ নিদর্শনমুদাহরণম্ ॥২৯॥ তদেবাহ—গায়ত্রীমিতি। যো যোনিসঙ্করজঃ স চেৎ তত্র গায়ত্রীং পঠতি তস্য সম্যক্ পঠতোঽপি তীর্থমাহাত্ম্যাৎ সা গায়ত্রী গাথা স্বরনিয়মহীনা গদ্যবন্মুখান্নিঃসরতি। গাথিকা গ্রাম্যগীতবৎ স্বরবর্ণবিকৃতা। গীতিকেতি পাঠেঽপি

কিন্নরগণ, মহাসর্পগণ, সিদ্ধ, চারণ ও গন্ধর্ব্বগণ, মনুষ্যগণ, সর্পগণ, নদীগণ, সমুদ্রগণ ও পর্ব্বতগণ যেখানে মহাদেবের উপাসনা করেন, সমুদ্রমধ্যবর্ত্তী, ত্রিভুবনবিখ্যাত এবং সর্ব্বলোকপূজিত সেই গোকর্ণহ্রদে যাইয়া, ত্রিরাত্র উপবাসী থাকিয়া, তত্রত্য মহাদেবের পূজা করিয়া, মানুষ অশ্বমেধযজ্ঞের ফল এবং প্রমথগণের আধিপত্য লাভ করে ॥২৪—২৭॥

আর, মানুষ সেখানে বার দিন থাকিয়া পবিত্র চিত্ত হয় এবং সেইখানেই ত্রিভুবনবন্দিত গায়ত্রীর স্থান ॥২৮॥

রাজা! সেই গায়ত্রীতীর্থে তিন রাত্রি বাস করিয়া সহস্র গোদানের ফল লাভ করিবে, আর সেখানে বিশুদ্ধ ব্রাহ্মণপ্রভৃতির পরিচায়ক প্রত্যক্ষ প্রমাণ আছে ॥২৯॥

---

(২৮)···তত এব চ গায়ত্র্যাঃ···রা ব কা নি। (৩০)···যোনিসঙ্করজস্তথা···গাথিকা চাপি ···সাবিত্রীম্···রা ব নি।

সংবর্ত্তস্য তু বিপ্রর্ষের্বাপীমাসাদ্য দুর্লভাম্।
রূপস্য ভাগী ভবতি সুভগশ্চ প্রজায়তে ॥৩১॥
ততো বেণাং সমাসাদ্য তর্পয়েৎ পিতৃদেবতাঃ।
ময়ূরহংসসংযুক্তং বিমানং লভতে নরঃ ॥৩২॥
ততো গোদাবরীং প্রাপ্য নিত্যং সিদ্ধনিষেবিতাম্।
গবাং মেধমবাপ্নোতি বাসুকের্লোকমুত্তমম্ ॥৩৩॥
বেণায়াঃ সঙ্গমে স্নাত্বা বাজপেয়ফলং লভেৎ।
বরদাসঙ্গমে স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

কিং তৎ প্রমাণমিত্যাহ—গায়ত্রীমিতি। যোনিঃ কারণং মাতা পিতা চ তয়োঃ সঙ্করজো বিভিন্নবর্ণমাতাপিতৃজাতঃ ব্রাহ্মণাৎ ক্ষত্রিয়ায়াং বৈশ্যায়াং বা জাত ইত্যর্থঃ, যো দ্বিজঃ, গায়ত্রীং পঠতে পঠতি, তস্য সা গায়ত্রী, গাথা ছন্দোবদ্ধত্রিপাদবাক্যমাত্ররূপা, "শেষং গাথা ত্রিভিঃ ষড়্ভিশ্চরণৈশ্চোপলক্ষিতা" ইতি বৃত্তরত্নাকরাৎ, গীতিকা প্লুতস্বরাদিযুক্তা গানমাত্ররূপা চ, সম্পদ্যতে ভবতি ; ন তু উদাত্তাদিনিয়তস্বরসম্পন্না গায়ত্রীচ্ছন্দোযুক্তা চ সতী নিঃসরতীত্যর্থঃ। কিন্তু পঠতঃ শাস্ত্রমুল্লঙ্ঘ্য উচ্চারয়তঃ, অব্রাহ্মণস্য শূদ্রাদেঃ, সাবিত্রী সা গায়ত্রী, প্রণশ্যতি বিলুপ্তা বিস্মৃতা ভবতীত্যর্থঃ, তত্তীর্থমাহাত্ম্যাদিত্যুভয়ত্রাপি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

সমিতি। বাপীং দীর্ঘিকাম্। রূপস্য সৌন্দর্য্যস্য। সুভগো লোকপ্রিয়ঃ ॥৩১॥

তত ইতি। বেণাং নাম নদীম্। বিমানং যথাকালে দেবযানম্ ॥৩২॥

তত ইতি। গবাং মেধং গোমেধযজ্ঞফলম্, বাসুকেরুত্তমং লোকঞ্চাবাপ্নোতি ॥৩৩॥

বেণায়া ইতি। বরদাপি নদীবিশেষঃ। গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥৩৪॥

বিভিন্ন বর্ণজাত যে দ্বিজাতি (ব্রাহ্মণ, ক্ষত্রিয় বা বৈশ্য) গায়ত্রী পাঠ করেন, তাঁহার তাহা গাথা বা গীত হইয়া যায়, আর শূদ্রাদি পাঠ করিতে প্রবৃত্ত হইলে, বিস্মৃত হইয়া যায় ॥৩০॥

ব্রহ্মর্ষি সংবর্ত্তের দুর্লভ দীর্ঘিকায় যাইয়া (স্নান করিয়া) রূপবান্ ও লোকপ্রিয় হয় ॥৩১॥

তাহার পর বেণানদীতে যাইয়া দেবগণ ও পিতৃগণের তর্পণ করিবে ; তাহা হইলে মানুষ যথাকালে ময়ূর ও হংসযুক্ত বিমান লাভ করে ॥৩২॥

তদনন্তর সর্ব্বদা সিদ্ধসেবিত গোদাবরীনদীতে যাইয়া (স্নান করিয়া) গোমেধযজ্ঞের ফল ও উত্তম বাসুকিলোক লাভ করে ॥৩৩॥

বেণানদীর সঙ্গমে স্নান করিয়া বাজপেয়যজ্ঞের ফল পাইবে এবং বরদানদীর সঙ্গমে স্নান করিয়া সহস্র গোদানের ফল লাভ করিবে ॥৩৪॥

---

(৩৩) গবাময়মবাপ্নোতি বায়ুলোকঞ্চ গচ্ছতি—পি। (৩৪) বেণ্যায়াঃ…পি, বেণ্বায়াঃ ; কা।

ব্রহ্মস্থানং সমাসাদ্য ত্রিরাত্রমুষিতো নরঃ।
গোসহস্রফলং বিন্দ্যাৎ স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥৩৫॥
কুশপ্লবনমাসাদ্য ব্রহ্মচারী সমাহিতঃ।
ত্রিরাত্রমুষিতঃ স্নাত্বা অশ্বমেধফলং লভেৎ ॥৩৬॥
ততো দেবহ্রদে রম্যে কৃষ্ণবেণাজলোদ্ভবে।
জাতিস্মরহ্রদে স্নাত্বা ভবেজ্জাতিস্মরো নরঃ ॥৩৭॥
যত্র ক্রতুশতৈরিষ্ট্বা দেবরাজো দিবং গতঃ।
অগ্নিষ্টোমফলং বিন্দ্যাদ্গমনাদেব ভারত! ॥৩৮॥
সর্ব্বদেবহ্রদে স্নাত্বা গোসহস্রফলং লভেৎ।
জ্যোতির্ম্ময়হ্রদে স্নাত্বা ভবেজ্জাতিস্মরো নরঃ ॥৩৯॥
ততো বাপীং মহাপুণ্যাং পয়োষ্ণীং সরিতাং বরাম্।
পিতৃদেবার্চ্চনরতো গোসহস্রফলং লভেৎ ॥৪০॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। ব্রহ্মস্থানং নাম তীর্থম্। বিন্দ্যাৎ লভেত ॥৩৫॥
কুশেতি। কুশপ্লবনং নাম তীর্থম্। উষিতঃ কৃতবাসঃ ॥৩৬॥
তত ইতি। দেবহ্রদে তৎস্বরূপে। জাতিস্মরঃ পূর্ব্বজন্মস্মরণশক্তঃ ॥৩৭॥
যত্রেতি। ইষ্ট্বা যাগং কৃত্বা, দিবং গতো রাজ্যত্বেন প্রাপ্তঃ। তত্র গমনাদেব ॥৩৮॥
সর্ব্বেতি। সর্ব্বদেবহ্রদ ইতি জ্যোতির্ম্ময়হ্রদ ইতি চ তীর্থান্তরদ্বয়ম্ ॥৩৯॥
তত ইতি। বাপীং দীর্ঘিকাম্, পয়োষ্ণীং নাম নদীঞ্চ গত্বেতি শেষঃ ॥৪০॥

তৎপরে ব্রহ্মস্থানে যাইয়া ত্রিরাত্র বাস করিয়া মানুষ সহস্র গোদানের ফল পায় এবং স্বর্গ লাভ করে ॥৩৫॥

কুশপ্লবনতীর্থে যাইয়া, ব্রহ্মচারী ও একাগ্রচিত্ত হইয়া তিন দিন থাকিয়া, স্নান করিয়া, অশ্বমেধযজ্ঞের ফল পাইবে ॥৩৬॥

তাহার পর দেবহ্রদস্বরূপ মনোহর এবং কৃষ্ণবেণানদীর জল হইতে উৎপন্ন জাতিস্মরহ্রদে স্নান করিয়া মানুষ জাতিস্মর হইবে ॥৩৭॥

যেখানে ইন্দ্র শত অশ্বমেধযজ্ঞ করিয়া স্বর্গের রাজত্ব লাভ করিয়াছিলেন; ভরতনন্দন! সেইখানে যাইয়াই অগ্নিষ্টোমযজ্ঞের ফল পাইবে ॥৩৮॥

মানুষ সর্ব্বদেবহ্রদে স্নান করিয়া সহস্র গোদানের ফল লাভ করিবে এবং জ্যোতির্ম্ময়হ্রদে স্নান করিয়া জাতিস্মর হইবে ॥ ৯॥

---

(৩৬)…ত্রিরাত্রোপোষিতঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ—পি। (৩৭) ততো দেবহ্রদেহরণ্যে …নি, কৃষ্ণবেণ্না…বা ব কা। (৩৯) দ্বিতীয়ার্দ্ধং নাস্তি বা ব কা নি।

দণ্ডকারণ্যমাসাদ্য পুণ্যং রাজন্নুপস্পৃশেৎ।
গোসহস্রফলং তস্য স্নাতমাত্রস্য ভারত। ॥৪১॥
শরভঙ্গাশ্রমং গত্বা শুকস্য চ মহাত্মনঃ।
ন দুর্গতিমবাপ্নোতি পুনাতি চ কুলং নরঃ ॥৪২॥
ততঃ শূর্পারকং গচ্ছেজ্জামদগ্ন্যনিষেবিতম্।
রামতীর্থে নরঃ স্নাত্বা বিন্দ্যাদ্বহুসুবর্ণকম্ ॥৪৩॥
সপ্তগোদাবরে স্নাত্বা নিয়তো নিয়তাশনঃ।
মহৎ পুণ্যমবাপ্নোতি দেবলোকঞ্চ গচ্ছতি ॥৪৪॥
ততো দেবপথং গত্বা নিয়তো নিয়তাশনঃ।
দেবসত্রস্য যৎ পুণ্যং তদেবাপ্নোতি মানবঃ ॥৪৫॥
তুঙ্গকারণ্যমাসাদ্য ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ।
বেদানধ্যাপয়ত্তত্র মুনীন্ সারস্বতঃ পুরা ॥৪৬॥

ভারতকৌমুদী

দণ্ডকেতি। উপস্পৃশেৎ স্নায়াৎ। গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥৪১॥

শরেতি। শরভঙ্গঃ শুকশ্চ মুনিবিশেষৌ। শুকস্য চাশ্রমমিত্যর্থঃ ॥৪২॥

তত ইতি। শূর্পারকং নাম তীর্থম্। বহুসুবর্ণকং বহুসুবর্ণদানফলম্ ॥৪৩॥

সপ্তেতি। নিয়ত আমিষত্যাগাদিনিয়মবান্, নিয়তাশন একভক্তাদিনিয়মবাংশ্চ। এতচ্চ তীর্থকৃত্যমাত্রস্যৈবাঙ্গম্। তৎ সূচয়িতুমেব মধ্যে মধ্যে স্মরয়তি ॥৪৪॥

তত ইতি। দেবপথং নাম তীর্থম্। দেবসত্রস্য তদাখ্যযজ্ঞস্য ॥৪৫॥

তৎপরে মহাপুণ্যা দীর্ঘিকা এবং নদীশ্রেষ্ঠা পয়োষ্ণীতে যাইয়া, পিতৃগণ ও দেবগণের অর্চ্চনায় ব্যাপৃত হইয়া সহস্র গোদানের ফল পাইবে ॥৪০॥

ভরতনন্দন রাজা! পুণ্যজনক দণ্ডকারণ্যে যাইয়া স্নান করিবে; সেখানে স্নান করিবামাত্রই তাহার সহস্র গোদানের ফল হইবে ॥৪১॥

মানুষ শরভঙ্গের আশ্রম ও মহাত্মা শুকের আশ্রমে যাইয়া দরিদ্র হয় না এবং কুল পবিত্র করে ॥৪২॥

তাহার পর পরশুরামসেবিত শূর্পারকতীর্থে গমন করিবে এবং সেই রামতীর্থে স্নান করিয়া মানুষ বহু সুবর্ণদানের ফল লাভ করিবে ॥৪৩॥

নিরামিষ একভক্তাদিনিয়মযুক্ত মানুষ সপ্তগোদাবরতীর্থে স্নান করিয়া মহাপুণ্য লাভ করে এবং দেবলোকে গমন করে ॥৪৪॥

তৎপরে মানুষ নিরামিষ একভক্তাদিনিয়মযুক্ত হইয়া দেবপথতীর্থে যাইয়া দেবসত্রের যে পুণ্য, সেই পুণ্যই লাভ করে ॥৭৫॥

---

(৪৪)…দেবসত্রস্য যৎ পুণ্যং তদবাপ্নোতি মানবঃ—বা ব কা নি।

তত্র বেদেষু নষ্টেষু মুনেরঙ্গিরসঃ সুতঃ।
ঋষীণামুত্তরীয়েষু সূপবিষ্টো যথাসুখম্ ॥৪৭॥
ওঙ্কারেণ যথান্যায়ং সম্যগুচ্চারিতেন হ।
যেন যৎ পূর্ব্বমভ্যস্তং তস্য তৎ সমুপস্থিতম্ ॥৪৮॥
ঋষয়স্তত্র দেবাশ্চ বরুণোঽগ্নিঃ প্রজাপতিঃ।
হরির্নারায়ণস্তত্র মহাদেবস্তথৈব চ ॥৪৯॥
পিতামহশ্চ ভগবান্ দেবৈঃ সহ মহাদ্যুতিঃ।
ভৃগুং নিয়োজয়ামাস যাজনার্থং মহাদ্যুতিম্ ॥৫০॥ (যুগ্মকম্)
ততঃ স চক্রে ভগবানৃষীণাং বিধিবত্তদা।
সর্ব্বেষাং পুনরাধানং বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥৫১॥

ভারতকৌমুদী

তুঙ্গকেতি। পুরা সারস্বতো নাম মুনিঃ, তুঙ্গকারণ্যমাসাদ্য, তত্র ব্রহ্মচারী জিতেন্দ্রিয়শ্চ সন্, মুনীন্ বেদান্ অধ্যাপয়ৎ ॥৪৬॥

তত্রেতি। নষ্টেষু বিস্মৃত্যা লুপ্তেষু সৎসু। ওঙ্কারমুচ্চারিতবানিতি শেষঃ ॥৪৭॥

ওঙ্কারেণেতি। সমুপস্থিতং স্মৃতিপথে সমুদিতমাসীৎ ॥৪৮॥

ঋষয় ইতি। তত্র তদানীম্। তত্র স্থানে। পিতামহো ব্রহ্মা ॥৪৯—৫০॥

তত ইতি। স ভৃগুঃ, পুনরাধানং হোমার্থং পুনরগ্নিস্থাপনং চক্রে ॥৫১॥

পূর্ব্বকালে সারস্বতমুনি তুঙ্গকারণ্যে যাইয়া সেখানে ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় থাকিয়া অপর মুনিগণকে বেদ পড়াইয়াছিলেন ॥৪৬॥

পরে তাঁহাদের সেই অধীত বেদ বিস্মৃত হইলে, অঙ্গিরামুনির পুত্র বৃহস্পতি ঋষিগণের উত্তরীয়বস্ত্রে যথাসুখে উপবেশন করিয়া (ওঙ্কার উচ্চারণ করিয়াছিলেন) ॥৪৭॥

যথানিয়মে ও সম্যক্রূপে উচ্চারিত সেই ওঙ্কারদ্বারা—যিনি যাহা পূর্ব্বে অভ্যাস করিয়াছিলেন, তাঁহার তাহা স্মৃতিপথে উপস্থিত হইয়াছিল ॥৪৮॥

তখন ঋষিরা, দেবতারা, বরুণ, অগ্নি, প্রজাপতি, নারায়ণ, মহাদেব এবং মহাতেজা ব্রহ্মা অপর দেবতাদের সহিত আসিয়া মহাতেজা ভৃগুকে যাজনের জন্য নিযুক্ত করিলেন ॥৪৯—৫০॥

তাহার পর ভগবান্ ভৃগু শাস্ত্রদৃষ্ট প্রণালী অনুসারে এবং যথাবিধানে তখনই সকল ঋষির জন্য আবার অগ্নিস্থাপন করিলেন ॥৫১॥

---

(৪৮)···তৎ সর্ব্বং সমুপস্থিতম্—বা ব কা।

আজ্যভাগেন বৈ তত্র তর্পিতাস্তু যথাবিধি।
দেবাঃ স্বভবনং যাতা ঋষয়শ্চ যথাক্রমম্ ॥৫২॥
তদরণ্যং প্রবিষ্টস্য তুঙ্গকং রাজসত্তম।।
পাপং প্রণশ্যত্যখিলং স্ত্রিয়া বা পুরুষস্য বা ॥৫৩॥
তত্র মাসং বসেদ্ধীরো নিয়তো নিয়তাশনঃ।
ব্রহ্মলোকং ব্রজেদ্রাজন্। কুলঞ্চৈব সমুদ্ধরেৎ ॥৫৪॥
মেধাবিকং সমাসাদ্য পিতৄন্ দেবাংশ্চ তর্পয়েৎ।
অগ্নিষ্টোমমবাপ্নোতি স্মৃতিং মেধাঞ্চ বিন্দতি ॥৫৫॥
ততঃ কালঞ্জরং গত্বা পর্ব্বতং লোকবিশ্রুতম্।
তত্র দেবহ্রদে স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥৫৬॥
যঃ স্নাতস্তর্পয়েত্তত্র গিরৌ কালঞ্জরে নৃপ।।
স্বর্গলোকে মহীয়েত নরো নাস্ত্যত্র সংশয়ঃ ॥৫৭॥

ভাবতকৌমুদী

আজ্যেতি। আজ্যভাগেন হবিষ আঘাবাজ্যভাগাত্মকভাগদ্বয়দ্বিতীয়ভাগেন ॥৫২॥
তদিতি। তুঙ্গকং নাম। তদরণ্যস্পর্শমাত্রেণৈব পাপনাশকত্বমিত্যাশয়ঃ ॥৫৩॥
যত্র প্রবেশমাত্রে সর্ব্বপাপনাশস্তত্র বাসে কিং ফলমিত্যাহ—তত্রেতি। বসেত্তিষ্ঠেৎ ॥৫৪॥
মেধেতি। মেধাবিকং নাম তীর্থম্। অগ্নিষ্টোমম্ অগ্নিষ্টোমযজ্ঞফলম্ ॥৫৫॥
তত ইতি। কালঞ্জরং নাম। গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥৫৬॥

সেই অগ্নিতে আজ্যভাগ দ্বারা যথাবিধানে তর্পিত হইয়া দেবতারা আপন আপন ভবনে চলিয়া গেলেন, ঋষিরাও যথাক্রমে চলিয়া গেলেন ॥৫২॥

অতএব রাজশ্রেষ্ঠ। সেই তুঙ্গকারণ্যে প্রবেশ করিবামাত্রই স্ত্রীলোকের বা পুরুষের সমস্ত পাপ নষ্ট হয় ॥৫৩॥

আর, রাজা! বুদ্ধিমান্ লোক নিরামিষ একভক্তাদিনিয়মযুক্ত হইয়া সেই তুঙ্গকারণ্যে একমাস বাস করিবেন, তাহা হইলে তিনি ব্রহ্মলোকে গমন করিতে এবং কুল উদ্ধার করিতে পারিবেন ॥৫৪॥

মেধাবিকতীর্থে যাইয়া পিতৃগণ ও দেবগণের তর্পণ করিবে, তাহা হইলে সে লোক অগ্নিষ্টোমযজ্ঞের ফল, স্মৃতি ও মেধা লাভ করিবে ॥৫৫॥

তাহার পর জগদ্বিখ্যাত কালঞ্জরপর্ব্বতে যাইয়া, তত্রত্য দেবহ্রদে স্নান করিয়া মানুষ সহস্র গোদানের ফল লাভ করিবে ॥৫৬॥

(৫২) আজ্যভাগেন তত্রাগ্নিং তর্পয়িত্বা যথাবিধি··· বা ব কা নি। (৫৬) অত্র কালঞ্জরো নাম পর্ব্বতো লোকবিশ্রুতঃ···কা, অত্র কালঞ্জরং নাম···বা ব, অত্র কালঞ্জরং গত্বা···নি। (৫৭) আত্মানং সাধয়েত্তত্র···পি, যোঽস্নাতঃ স্নাপয়েত্তত্র···বা ব, আত্মানং স্নাপয়েত্তত্র···নি।

ততো গিরিবরশ্রেষ্ঠে চিত্রকূটে বিশাংপতে ! ।
মন্দাকিনীং সমাসাদ্য সর্ব্বপাপপ্রণাশিনীম্ ॥৫৮॥
তত্রাভিষেকং কুর্ব্বাণঃ পিতৃদেবার্চ্চনে রতঃ ।
অশ্বমেধমবাপ্নোতি গতিঞ্চ পরমাং ব্রজেৎ ॥৫৯॥ (যুগ্মকম্)
ততো গচ্ছেত রাজেন্দ্র ! ভর্তৃস্থানমনুত্তমম্ ।
যত্র নিত্যং মহাসেনো গুহঃ সন্নিহিতো নৃপ ! ॥৬০॥
তত্র গত্বা নৃপশ্রেষ্ঠ ! গমনাদেব সিধ্যতি ।
কোটিতীর্থে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥৬১॥
প্রদক্ষিণমুপাবৃত্য জ্যেষ্ঠস্থানং ব্রজেন্নরঃ ।
অভিগম্য মহাদেবং বিরাজতি যথা শশী ॥৬২॥
তত্র কূপো মহারাজ ! বিশ্রুতো ভরতর্ষভ ! ।
সমুদ্রাস্তত্র চত্বারো নিবসন্তি যুধিষ্ঠির ! ॥৬৩॥

ভারতকৌমুদী

য ইতি । তর্পয়েৎ পিতৄন্ দেবাংশ্চেতি শেষঃ । মহীয়েত গতো দেবৈঃ পূজ্যেত ॥৫৭॥
তত ইতি । মন্দাকিনীং নদীম্ । অভিষেকং স্নানম্ ॥৫৮—৫৯॥
তত ইতি । ভর্তৃস্থানং নাম তীর্থম্ । গুহঃ কার্ত্তিকেয়ঃ ॥৬০॥
তত্রেতি । সিধ্যতি পাপক্ষয়সিদ্ধিং লভতে । গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥৬১॥
প্রেতি । প্রদক্ষিণমুপাবৃত্য কোটিতীর্থং প্রদক্ষিণীকৃত্য, জ্যেষ্ঠস্থানং তীর্থম্ ॥৬২॥

রাজা ! যে লোক সেই কালঞ্জরপর্ব্বতে স্নান করিয়া পিতৃগণ ও দেবগণের তর্পণ করে, সে লোক স্বর্গে যাইয়া সম্মানিত হয় ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৫৭॥

নরনাথ ! তাহার পর পর্ব্বতশ্রেষ্ঠ চিত্রকূটে সর্ব্বপাপনাশিনী মন্দাকিনীনদীতে যাইয়া, তাহাতে স্নান এবং পিতৃগণ ও দেবগণের পূজা করিয়া, অশ্বমেধযজ্ঞের ফল পায় এবং পরম গতি লাভ করে ॥৫৮—৫৯॥

রাজশ্রেষ্ঠ ! তদনন্তর সর্ব্বশ্রেষ্ঠ ভর্তৃস্থানতীর্থে যাইবে ; যেখানে মহাসেন কার্ত্তিক সর্ব্বদাই সন্নিহিত আছেন ॥৬০॥

নৃপশ্রেষ্ঠ ! মানুষ সেখানে গমন করিয়া সেই গমন দ্বারাই সিদ্ধিলাভ করে এবং কোটিতীর্থে স্নান করিয়া সহস্র গোদানের ফল পায় ॥৬১॥

মানুষ সেই কোটিতীর্থ প্রদক্ষিণ করিয়া জ্যেষ্ঠস্থাননামক তীর্থে যাইবে এবং তত্রত্য মহাদেবের পূজা করিয়া চন্দ্রের ন্যায় শোভা পাইবে ॥৬২॥

(৫৮)…নদীং পাপপ্রমোচনীম্…পি । (৬১) পুনস্তত্র নরশ্রেষ্ঠ !…পি ।

তত্রোপস্পৃশ্য রাজেন্দ্র! কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
নিযতাত্মা নরঃ পূতো গচ্ছেত্তু পরমাং গতিম্ ॥৬৪॥
ততো গচ্ছেৎ কুরুশ্রেষ্ঠ। শৃঙ্গবেরপুরং মহৎ।
যত্র তীর্ণো মহাপ্রাজ্ঞো রামো দাশরথিঃ পুরা ॥৬৫॥
তস্মিংস্তীর্থে মহাবাহো! স্নাত্বা পাপৈঃ প্রমুচ্যতে।
গঙ্গায়াস্তু নরঃ স্নাত্বা ব্রহ্মচারী সমাহিতঃ ॥৬৬॥
বিধূতপাপ্মা ভবতি বাজপেয়ঞ্চ বিন্দতি।
ততো মুঞ্জবটং গচ্ছেৎ স্থানং দেবস্য ধীমতঃ ॥৬৭॥ (যুগ্মকম্)
অভিগম্য মহাদেবমভ্যর্চ্চ্য চ নরাধিপ!।
প্রদক্ষিণমুপাবৃত্য গাণপত্যমবাপ্নুয়াৎ ॥৬৮॥

ভাবকৌমুদী

তত্রেতি। নিবসন্তি, স্বস্বপাবনত্বসমর্পণাদ্বারা, ন তু মূর্ত্ত্যেতি ভাবঃ ॥৬৩॥
তত্রেতি। উপস্পৃশ্য স্নাত্বা। নিযতাত্মা কামক্রোধাদিনিবৃত্তচিত্তঃ ॥৬৪॥
তত ইতি। মহৎ তীর্থেষু প্রশস্তম্। তীর্ণ উপস্থিতঃ ॥৬৫॥
তস্মিন্নিতি। সমাহিতো ধর্ম্মে একাগ্রচিত্তঃ। ধীমতো জ্ঞানিনঃ শিবস্য ॥৬৬—৬৭॥
অভীতি। প্রদক্ষিণমুপাবৃত্য তং প্রদক্ষিণং কৃত্বা, গাণপত্যং প্রমথেশত্বম্ ॥৬৮॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ যুধিষ্ঠির! সেখানে বিখ্যাত একটী কূপ আছে; সেই কূপে চারিটী সমুদ্রই বাস করে ॥৬৩॥

রাজশ্রেষ্ঠ! মানুষ সংযতচিত্ত হইয়া সেই কূপে স্নান এবং তাহাকে প্রদক্ষিণ করিয়া পবিত্র হইবে ও পরম গতি লাভ করিবে ॥৬৪॥

কুরুশ্রেষ্ঠ। তাহার পর অতিপ্রশস্ত শৃঙ্গবেরপুরে গমন করিবে, যেখানে পূর্ব্বে মহাপ্রাজ্ঞ দশরথনন্দন রামচন্দ্র উপস্থিত হইয়াছিলেন ॥৬৫॥

মহাবাহু! সেই তীর্থে স্নান করিয়া পাপ হইতে মুক্ত হয় এবং মানুষ ব্রহ্মচারী ও একাগ্রচিত্ত হইয়া গঙ্গায় স্নান করিয়া পাপশূন্য হয় ও বাজপেয়যজ্ঞের ফল লাভ করে। তৎপরে জ্ঞানী মহাদেবের মুঞ্জবটনামক স্থানে যাইবে ॥৬৬—৬৭॥

নরনাথ! সেখানে মহাদেবের নিকট যাইয়া, তাঁহাকে পূজা ও প্রদক্ষিণ করিয়া প্রমথগণের আধিপত্য লাভ করিবে ॥৬৮॥

(৬৪ ...রাজেন্দ্র। পিতৃদেবার্চ্চনে রতঃ... বা ব বা নি। (৬৭)...যত্র তীর্ণো মহারাজ। ...বা ব কা নি। (৬৬)...ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ · পি। (৬৮)...অভিবাদ্য চ ভারত!...বা ব কা নি।

তস্মিংস্তীর্থে তু জাহ্নব্যাং স্নাত্বা পাপৈঃ প্রমুচ্যতে।
ততো গচ্ছেত রাজেন্দ্র! প্রয়াগমৃষিসংস্তুতম্ ॥৬৯॥
যত্র ব্রহ্মাদয়ো দেবা দিশশ্চ সদিগীশ্বরাঃ।
লোকপালাশ্চ সাধ্যাশ্চ পিতরো লোকসম্মতাঃ ॥৭০॥
সনৎকুমারপ্রমুখাস্তথৈব পরমর্ষয়ঃ।
অঙ্গিরঃপ্রমুখাশ্চৈব তথা ব্রহ্মর্ষয়োঽমলাঃ ॥৭১॥
তথা নাগাঃ সুপর্ণাশ্চ সিদ্ধাশ্চক্রচরাস্তথা।
সরিতঃ সাগরাশ্চৈব গন্ধর্ব্বাপ্সরসোঽপি চ ॥৭২॥
হরিশ্চ ভগবানাস্তে প্রজাপতিপুরস্কৃতঃ।
তত্র ত্রীণ্যগ্নিকুণ্ডানি তেষাং মধ্যেন জাহ্নবী ॥৭৩॥
প্রয়াগাদভিনিষ্ক্রান্তা সর্ব্বতীর্থপুরস্কৃতা।
তপনস্য সুতা দেবী ত্রিষু লোকেষু বিশ্রুতা ॥৭৪॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। তস্মিন্ মুঞ্জবটে। ঋষিভিঃ সংস্তুতং প্রশংসিতম্ ॥৬৯॥

যত্রেতি। দিগ্‌ভিঃ সংশ্লিষ্টা দিগীশ্বরাঃ, বিশ্লিষ্টাশ্চ লোকপালাখ্যাস্ত এব। প্রভাববৈশিষ্ট্যা-ন্মূর্ত্তিবৈচিত্র্যামিতি ন পৌনরুক্ত্যম্। লোকৈঃ সম্মতাঃ পূজ্যত্বেনাভিমতাঃ। অমলা নিষ্পাপাঃ। সুপর্ণা গরুড়বংশোদ্ভবাঃ, চক্রচরা রাশিচক্রচারিণঃ সূর্য্যাদয়ঃ। আস্তে অবতিষ্ঠতে। অন্যত্র তু বচনবিপরিণামেন আসত ইত্যূহ্যম্। তত্র প্রয়াগে, ত্রীণি অগ্নিকুণ্ডানি অগ্নিকুণ্ডতুল্যাঃ পাপদাহিকা গঙ্গাযমুনাসরস্বত্যস্তিস্রো নদ্যঃ সন্তীতি শেষঃ। তেষাং ত্রয়াণামগ্নিকুণ্ডানাং তৎস্বরূপাণাং তিসৃণাং নদীনামিত্যর্থঃ, মধ্যেন মধ্যে, সর্ব্বতীর্থপুরস্কৃতা জাহ্নবী, ত্রিষু লোকেষু বিশ্রুতা, তপনস্য সূর্য্যস্য সুতা যমুনাদেবী চ, প্রয়াগাদভিনিষ্ক্রান্তা পরস্পরং বিশ্লিষ্টা সতী দূরং গতা, সরস্বতী পুনরন্তঃ-সলিলেত্যাদৃশ্যেতি ভাবঃ ॥৭০—৭৪॥

সেই তীর্থে গঙ্গাতে স্নান করিয়া পাপ হইতে মুক্ত হয়। রাজশ্রেষ্ঠ! তাহার পর ঋষিগণের প্রশংসিত প্রয়াগতীর্থে গমন করিবে ॥৬৯॥

যেখানে ব্রহ্মাদিদেবগণ, দিক্‌পতিদের সহিত মিলিত দিক্‌সমূহ, পৃথক্ পৃথক্ দিক্‌পতিগণ, সাধ্যগণ, জগৎপূজনীয় পিতৃগণ, সনৎকুমারপ্রভৃতি মহর্ষিগণ, নিষ্পাপ অঙ্গিরঃপ্রভৃতি ব্রহ্মর্ষিগণ, নাগগণ, গরুড়বংশীয়গণ, সিদ্ধগণ, গ্রহগণ, নদীগণ, সমুদ্রগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ এবং প্রজাপতির সহিত ভগবান্ নারায়ণ অবস্থান করেন। সেই প্রয়াগে তিনটী অগ্নিকুণ্ডের ন্যায় পাপনাশক তিনটী নদী (গঙ্গা, যমুনা ও সরস্বতী) রহিয়াছে; তাহার মধ্যে সর্ব্বতীর্থশ্রেষ্ঠা গঙ্গা এবং ত্রিভুবনবিখ্যাতা যমুনা প্রয়াগ হইতে নির্গত হইয়া গিয়াছে ॥৭০—৭৪॥

(৭৪) বেগেন সমতিক্রান্তা···বা ব কা।

যমুনা গঙ্গয়া সার্দ্ধং সঙ্গতা লোকপাবনী।
গঙ্গাযমুনয়োর্মধ্যে পৃথিব্যা জঘনং স্মৃতম্ ॥৭৫॥
প্রযাগং জঘনস্থানমুপস্থমৃষয়ো বিদুঃ।
প্রযাগং সপ্রতিষ্ঠানং কম্বলাশ্বতরৌ তথা ॥৭৬॥
তীর্থং ভোগবতী চৈব বেদিরেষা প্রজাপতেঃ।
তত্র বেদাশ্চ যজ্ঞাশ্চ মূর্ত্তিমন্তো যুধিষ্ঠির। ॥৭৭॥
প্রজাপতিমুপাসন্ত ঋষযশ্চ তপোধনাঃ।
যজন্তে ক্রতুভির্দেবাস্তথা চক্রধরা নৃপাঃ ॥৭৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যমুনেতি। সঙ্গতা প্রযাগে মিলিতা। মধ্যে মধ্যবর্ত্তী প্রযাগঃ, পৃথিব্যা জঘনং কটীপুরোভাগঃ, পৃথিব্যা মধ্যবর্ত্তিনো জম্বূদ্বীপস্যাপি মধ্যস্থানত্বাদিত্যাশযঃ ॥৭৫॥

প্রয়াগো ন কেবলং পৃথিব্যা জঘনম্, অপি তু যোনিরপীত্যাহ—প্রযাগমিতি। ঋষযঃ, প্রযাগম্, পৃথিব্যা জঘনস্থানম্, উপস্থং যোনিঞ্চ বিদুঃ, মধ্যভাগত্বাৎ পার্শ্বদ্বযে গঙ্গাযমুনযোর্মধ্যে চান্তঃসলিলাযাঃ সরস্বত্যাঃ ক্রমসংযুক্তরেখাত্রযরূপেণ সঙ্গত্যা ত্রিকোণাকারীকরণাৎ কন্যাপুত্র-রূপসম্পত্তিস্বর্গাদিজননাচ্চেতি ভাবঃ। "উপস্থঃ পাযুমেঢ্রাঙ্গযোনিষু" ইতি হেমচন্দ্রঃ। প্রতিষ্ঠা-নেন তদাখ্যস্থানেন সহেতি সপ্রতিষ্ঠানং প্রযাগম্, তথা কম্বলাশ্বতরৌ, তীর্থং মহাতীর্থং বিদুঃ, প্রতিষ্ঠানকম্বলাশ্বতরাণাং প্রযাগসন্নিহিতত্বাদিত্যাশযঃ। হে যুধিষ্ঠির। এষা এতৎপ্রযাগসন্নিহিতা গঙ্গৈব, ভোগবতী নাম, প্রজাপতের্ব্রহ্মণো বেদিঃ যজ্ঞার্থা পবিষ্কৃতা ভূমিঃ তৎস্বরূপেত্যর্থঃ। অতএব তত্র ভোগবত্যাম্, বেদাশ্চ যজ্ঞাশ্চ মূর্ত্তিমন্তঃ সন্তঃ প্রজাপতিম্, উপাসন্তে। নলোপাভাব আর্ষঃ। ঋষযঃ, অন্যে তপোধনাশ্চ, দেবাঃ, তথা চক্রধরা রাজ্যপালকা নৃপাশ্চ, ক্রতুভির্যজন্তে। অতস্তত্র স্নানদানাদিকমতীবপ্রশস্তমিতি ভাবঃ ॥৭৬—৭৮॥

ভারতভাবদীপঃ

স এবার্থঃ। অব্রাহ্মণস্য তু প্রাক্‌সিদ্ধাপি তত্র ন স্ফুরতীতি ভাবঃ ॥৩০—৭১॥ চক্রচরাঃ সূর্য্যাদযঃ ॥৭২—৭৪॥ গঙ্গাযমুনযোরিতি। স্ত্রীরূপাযাঃ পৃথিব্যা মেরুপৃষ্ঠশীর্ষাযা হরিদ্বারা দারভ্য জঘনং নাভেরধো ভাগঃ ॥৭৫॥ জঘনস্য স্থানমবস্থানং সমাপ্তিরস্য ইতি যাবৎ

লোকপাবনী যমুনা প্রয়াগে গঙ্গার সহিত মিলিত হইয়াছে; সুতরাং সেই গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী প্রয়াগ—পৃথিবীর জঘনস্থান ॥৭৫॥

আর, ঋষিরা ধারণা করেন যে, প্রয়াগ—পৃথিবীর জঘন ও যোনি এবং প্রয়াগ, প্রতিষ্ঠান, কম্বল ও অশ্বতরস্থান মহাতীর্থ। আর, এই ভোগবতী ব্রহ্মার বেদি। কারণ, যুধিষ্ঠির। সেখানে বেদসমূহ ও যজ্ঞসমূহ মূর্ত্তিমান্ হইয়া ব্রহ্মার উপাসনা করে এবং ঋষিরা, তপস্বীরা, দেবতারা ও রাজ্যপালক রাজারা যজ্ঞ করিয়া থাকেন ॥৭৬—৭৮॥

ততঃ পুণ্যতমং নাম ত্রিষু লোকেষু ভারত ! ।
প্রয়াগং সর্ব্বতীর্থেভ্যঃ প্রবদন্ত্যধিকং প্রভো ! ॥৭৯॥
শ্রবণাত্তস্য তীর্থস্য নামসঙ্কীর্ত্তনাদপি ।
মৃত্তিকালভনাদ্বাপি সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৮০॥
তত্রাভিষেকং যঃ কুর্য্যাৎ সঙ্গমে লোকবিশ্রুতে ।
পুণ্যং সকলমাপ্নোতি রাজসূয়াশ্বমেধযোঃ ॥৮১॥
এষা যজনভূমির্হি দেবানামপি সৎকৃতা ।
দত্তং তত্র স্বল্পমপি মহদ্ভবতি ভারত ! ॥৮২॥
ন বেদবচনাত্তাত ! ন লোকবচনাদপি ।
মতিরুৎক্রমণীযা তে প্রযাগমরণং প্রতি ॥৮৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ—ব্রহ্মাদিপুণ্যবজ্জনাবস্থানাৎ পুণ্যতমনদীত্রয়সঙ্গমাচ্চ ॥৭৯॥

অতস্তৎফলমাহ—শ্রবণাদিতি। পবেণানীতাযা মৃত্তিকাযা লভনাৎ প্রাপ্তেবপি ॥৮০॥

তত্রেতি। অত্র সকলমিত্যুপাদানাৎ অন্যত্র কিযদিতি প্রত্যেতব্যম্ ॥৮১॥

এষেতি। মহৎ প্রচুরম্। স্বল্পদানেনাপি প্রচুবদানফলং ভবতীত্যর্থঃ ॥৮২॥

নেতি। হে তাত। বৎস। প্রষাগমবণং প্রতি তে মতিঃ সঞ্জাতা ইচ্ছা, বেদবচনাৎ "অসূর্য্যা নাম তে লোকা অন্ধেন তমসা বৃতাঃ। তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনো জনাঃ॥" ইতি ঈশোপনিষদাদিগতনিষেধবাক্যান্ন, লোকবচনাৎ 'আত্মানং ন জহি' ইত্থং লোকবাক্যাদপি চ ন, উৎক্রমণীযা লঙ্ঘনীযা। অত্রাযমাশযঃ—যথা "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি"

ভারতভাবদীপঃ

তদেবোপস্থম্, তথা চ পৃথিব্যা অপত্যভূতানি তীর্থানি, তৎফলভূতাঃ স্বর্গাশ্চ, তানি সর্ব্বাণি প্রযাগাদুৎপন্নানীতি প্রযাগস্য তীর্থবাজত্বমুক্তম্ ॥৭৬—৮২॥ ন বেদবচনাদিতি। লোক-

---

অতএব ভরতনন্দন রাজা ! জ্ঞানীরা বলিয়া থাকেন যে, ত্রিভুবনের মধ্যে সকল তীর্থ হইতেই প্রযাগ অধিক পুণ্যজনক ॥৭৯॥

সুতবাং সেই প্রযাগেব নামশ্রবণ, নামকীর্ত্তন এবং মৃত্তিকালাভ কবিলেও মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয ॥৮০॥

যে লোক সেই প্রয়াগে জগদ্বিখ্যাত গঙ্গাযমুনাসঙ্গমে স্নান কবে, সে লোক বাজসূযযজ্ঞ ও অশ্বমেধযজ্ঞেব সকল পুণ্য লাভ কবে ॥৮১॥

ভরতনন্দন ! এই প্রযাগ—দেবগণেবও আদৃত যজ্ঞভূমি ; সুতরাং সেখানে অল্প দান কবিলেও প্রচুব দানেব ফল হয ॥৮২॥

---

(৮০) গমনাত্তস্য তীর্থস্য···বা ব কা, ·· মৃত্যুকালভযাচ্চাপি···কা নি। (৮১)···পুণ্যং সুমহদাপ্নোতি···পি।

দশ তীর্থসহস্রাণি ষষ্টিকোট্যস্তথা পবাঃ।
যেষাং সান্নিধ্যমত্রৈব কীর্ত্তিতং কুরুনন্দন! ॥৮৪॥

ভাবতকৌমুদী

ইতি সামান্যবিধেঃ "অগ্নীষোমীয়ং পশুমালভেত" ইতি বিশেষবিধিনা বাধঃ, তথা "অসূর্য্যা নাম" ইত্যাদিসামান্যবচনস্য "সিতাসিতে সবিতে যত্র সঙ্গথে তত্রাপ্লুতাসো দিবমুৎপতন্তি। যে বৈ তন্বং বিসৃজন্তি ধীবাস্তে জনাসোঽমৃতত্বং ভজন্তে॥" ইতি ঋগ্বেদগতবিশেষবচনেন বাধো ন্যায্য এব। ইত্থঞ্চ স্বস্থস্যাত্মহত্যায়া মরণম্ উক্তনিষেধবিষয়ঃ, অসহ্যবার্দ্ধকেন অচিকিৎস্যবোগাদিনা বা প্রয়াগে জলপ্রবেশাদিনা মরণম্ উক্তবিধের্বিষয়ঃ। তস্যাপি চ কলীতবপবত্বং জ্ঞেয়ম্ "বৃদ্ধাদিমরণং তথা" ইত্যুদাহৃতত্বধৃতপুরাণান্তরনিষেধাদিতি ॥৮৩॥

উক্তার্থে হেতুমাহ—দশেতি। ষষ্টিকোট্যস্তীর্থানাম্। অত্রৈব প্রয়াগ এব ॥৮৪॥

ভাবতভাবদীপঃ

বেদবিরুদ্ধস্য হঠমরণস্যাপবাদোঽয়ম্। অহিংসাবিধেরিব পশ্বালম্ভবিধিবিতি প্রাঞ্চঃ, বস্তুতস্তু বারাণসীমরণবদ্‌যাদৃচ্ছিকমরণবিষয় এবায়ং গ্রন্থো ন হঠমরণপ্রতিপাদকঃ, "সিতাসিতে-সবিতে যত্র সঙ্গথে তত্রাপ্লুতাসো দিবমুৎপতন্তি। যে বৈ তন্বং বিসৃজন্তি ধীবাস্তে জনাসো-ঽমৃতত্বং ভজন্তে॥" ব্রহ্মজ্ঞানেন মুচ্যন্তে, প্রয়াগমরণেন চেত্যাদিশ্রুতয়ঃ স্মৃতয়শ্চ তাদৃশা এব। হঠমরণে "জলে বাপি স্থলে বাপি শস্ত্রেণোদ্বদ্ধ্য বা পুনঃ। নরকং তে প্রয়ান্ত্যাশু আত্মানং ঘাতয়ন্তি যে॥" ইতি দোষস্মরণাৎ ন চাস্যৈবাপবাদঃ প্রয়াগমরণবিধিরিতি বাচ্যম্, তস্য হঠমরণ-পরত্বাসিদ্ধেঃ, সিদ্ধৌ বা অচিকিৎস্যবোগাদিদোষবতীং ভৃগুপতনাদিনাপি মরণে প্রাপ্তেঽপি প্রয়াগমরণনিয়মবিধিরয়ং ভবিষ্যতি ন চ কাম্যোঽয়ং মরণবিধির্নিত্যস্য মরণনিষেধবিধের্বাধকঃ কাম্যত্বাচ্চ নায়মুল্লঙ্ঘনে প্রত্যবায়াবহঃ। ইতি বাচ্যম্, উক্তেঽর্থে বাধকাভাবেঽপি বাক্যস্য হঠমরণপরত্বমপূর্ব্ববিধ্যর্থত্বঞ্চ কল্পয়তো গৌরবাপত্তেঃ অভ্যুপগমে বা ব্রাহ্মণব্যতিরিক্তবিষয় এবায়ং বিধিঃ, "ভৃগ্বাদিপতনেন মরণমন্যত্র ব্রাহ্মণা"দিতি স্মৃতেঃ। যুক্তস্তু শুদ্ধশবলব্রহ্মজ্ঞানযো-রিব কাশীপ্রয়াগমরণযোঃ সদ্যোমুক্তিক্রমমুক্তিপরত্বম্, তথাহি তীর্থমাহাত্ম্যোপসংহারে— "যত্র গঙ্গা মহারাজ। স দেশস্তৎ তপোবনম্। সিদ্ধিক্ষেত্রঞ্চ বিজ্ঞেয়ং গঙ্গাতীরসমাশ্রিতম্॥" ইতি গঙ্গায়াস্তদাশ্রিতস্য সিদ্ধিক্ষেত্রস্য চ বিজ্ঞেয়ত্বোক্ত্যা তয়োরেব মহত্তরত্বং দর্শিতম্। তত্র যমুনয়া সঙ্গতায়া এব গঙ্গায়া অত্র গ্রহণং প্রয়াগপ্রশংসাধিকারাৎ প্রতিষ্ঠানে প্রতিষ্ঠিতা, তীর্থযাত্রেত্যুপসংহারাচ্চ প্রতিষ্ঠানে প্রয়াগে সিদ্ধিক্ষেত্রপদেন বারাণস্যেব, সিদ্ধিশব্দস্য নিরুপ-পদস্য মুক্তিবাচিত্বাৎ কাশ্যাশ্চ মুক্তিক্ষেত্রত্বপ্রসিদ্ধেঃ। তদেবমধ্যায়চতুষ্টয়েঽপি ভঙ্গ্যন্তরেণ সাক্ষাদ্বা কাশীকীর্ত্তনাদুক্তবিধোপসংহারাচ্চ পুষ্করগঙ্গাপ্রয়াগাদীনাং সেবনং কাশীপ্রাপ্তিকরমিতি। "অন্যানি তু পবিত্রাণি কাশীপ্রাপ্তিকরাণি হি। কাশীং প্রাপ্য বিমুচ্যন্তে নান্যথা কল্পকোটিভিঃ॥" ইত্যাদিপূর্ব্বোদাহৃতপুরাণান্তরসংবাদেন সিদ্ধম্ ॥৮৩—৮৪॥ চতুর্ব্বিদ্যে চতস্রো বিদ্যাঃ বেদ-

---

বৎস! তোমার প্রয়াগে মৃত্যুর ইচ্ছা হইলে, বেদের নিষেধ কিংবা লোকের নিষেধে তুমি সে ইচ্ছার অতিক্রম করিও না ॥৮৩॥

কারণ, কুরুনন্দন! ষাট কোটি পরম তীর্থ এবং দশ হাজার সাধারণ তীর্থ

চাতুর্ব্বিদ্যে চ যৎ পুণ্যং সত্যবাদিষু চৈব যৎ ।
স্নাত এব তদাপ্নোতি গঙ্গাযমুনসঙ্গমে ॥৮৫॥
তত্র ভোগবতী নাম বাসুকেস্তীর্থমুত্তমম্ ।
তত্রাভিষেকং যঃ কুর্য্যাৎ সোঽশ্বমেধফলং লভেৎ ॥৮৬॥
তত্র হংসপ্রপতনং তীর্থং ত্রৈলোক্যবিশ্রুতম্ ।
দশাশ্বমেধিকঞ্চৈব গঙ্গায়াং কুরুনন্দন ! ॥৮৭॥
কুরুক্ষেত্রসমা গঙ্গা যত্র তত্রাবগাহিতা ।
বিশেষো বৈ কনখলে প্রয়াগে পরমং মহৎ ॥৮৮॥
যদ্যকার্য্যশতং কৃত্বা কৃতং গঙ্গাভিষেচনম্ ।
সর্ব্বং তত্তস্য গঙ্গাম্ভো দহত্যগ্নিরিবেন্ধনম্ ॥৮৯॥

ভারতকৌমুদী

চাতুর্ব্বিদ্য ইতি। চতস্রো বিদ্যা আন্বীক্ষিকী-ত্রয়ী-বার্ত্তা-দণ্ডনীতিরূপা বেত্তীতি চাতুর্ব্বিদ্যস্তস্মিন্, "আন্বীক্ষিকী ত্রয়ী বার্ত্তা দণ্ডনীতিশ্চতুষ্টয়ম্" ইত্যুক্তেঃ ॥৮৫॥

তত্রেতি। তত্র প্রয়াগে প্রদেশবিশেষে গঙ্গায়া এব ভোগবতীতি নাম ॥৮৬॥

তত্রেতি। তত্র প্রয়াগে, গঙ্গায়ামেব স্থানভেদে এতত্তীর্থদ্বয়মস্তীত্যর্থঃ ॥৮৭॥

কুর্ব্বিতি। বিশেষো বিশেষতীর্থম্। পরমং মহৎ তীর্থমিতি শেষঃ ॥৮৮॥

যদীতি। অকার্য্যশতং বহুতরং পাপম্। গঙ্গাম্ভঃ কর্ত্তৃ ॥৮৯॥

আছে; যাহাদের সান্নিধ্য এই প্রয়াগেই আছে বলিয়া মুনিরা কীর্ত্তন করিয়াছেন ॥৮৪॥

চতুর্ব্বিধ বিদ্যার অভিজ্ঞ ব্যক্তিদের যে পুণ্য আছে এবং সত্যবাদীদের যে পুণ্য আছে, গঙ্গা ও যমুনার সঙ্গমে স্নান করিবাই সেই পুণ্য লাভ করে ॥৮৫॥

সেই প্রয়াগে ভোগবতীনামে বাসুকির একটী উত্তম তীর্থ আছে; তাহাতে যে স্নান করে, সে অশ্বমেধযজ্ঞের ফল লাভ করে ॥৮৬॥

কুরুনন্দন! প্রয়াগে গঙ্গাতে ত্রিভুবনবিখ্যাত 'হংসপ্রপতন'-নামে একটী এবং 'দশাশ্বমেধিক'-নামে আর একটী তীর্থ আছে ॥৮৭॥

যেখানে সেখানে অবগাহন করা হউক না কেন, সর্ব্বত্রই গঙ্গা কুরুক্ষেত্রের তুল্য, কিন্তু সে গঙ্গা কনখলে বিশেষতীর্থ এবং প্রয়াগে অতিমহাতীর্থ ॥৮৮॥

মানুষ শত পাপ করিয়াও যদি গঙ্গাস্নান করে, তবে অগ্নি যেমন কাষ্ঠ দগ্ধ করে, তেমন গঙ্গাজলও তাহার সেই সমস্ত পাপ দগ্ধ করে ॥৮৯॥

---

(৮৯)...গঙ্গাবসেচনম্...বা ব কা নি, · সর্ব্বং দহতি গঙ্গাম্ভস্তূলরাশিমিবানলঃ—ইতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃতঃ পাঠঃ।

সর্ব্বং কৃতযুগে পুণ্যং ত্রেতায়াং পুষ্করং স্মৃতম্।
দ্বাপরে তু কুরুক্ষেত্রং গঙ্গা কলিযুগে স্মৃতা ॥৯০॥
পুষ্করে তু তপস্তপ্যেদ্দানং দদ্যান্মহালয়ে।
মলয়ে ত্বগ্নিমারোহেদ্‌ভৃগুতুঙ্গে ত্বনাশনম্ ॥৯১॥
পুষ্করে তু কুরুক্ষেত্রে গঙ্গায়াং মধ্যমেষু চ।
স্নাত্বা তারযতে জন্তুঃ সপ্ত সপ্তাবরাংস্তথা ॥৯২॥
পুনাতি কীর্ত্তিতা পাপং দৃষ্টা ভদ্রং প্রযচ্ছতি।
অবগাঢ়া চ পীতা চ পুনাত্যাসপ্তমং কুলম্ ॥৯৩॥
যাবদস্থি মনুষ্যস্য গঙ্গায়াঃ স্পৃশতে জলম্।
তাবৎ স পুরুষো রাজন্! স্বর্গলোকে মহীয়তে ॥৯৪॥
যথা পুণ্যানি তীর্থানি পুণ্যান্যায়তনানি চ।
উপাস্য পুণ্যং লব্ধ্বা চ ভবত্যমরলোকভাক্ ॥৯৫॥

ভারতকৌমুদী

সর্ব্বমিতি। সর্ব্বং তীর্থম্। অতঃ কলিযুগে গঙ্গাস্নানাদিকমেব প্রশস্তম্ ॥৯০॥
পুষ্কর ইতি। অগ্নিমারোহেৎ মরণায়। অনাশনম্ উপবাসং কুর্য্যাৎ ॥৯১॥
পুষ্কর ইতি। মধ্যমেষু প্রয়াগাদিষু। জন্তুর্মানুষঃ, সপ্ত উর্দ্ধান্ ॥৯২॥
পুনাতীতি। পুনাতি হন্তি। ভদ্রং মঙ্গলম্। অবগাঢা অবগাহনাস্পদীকৃতা ॥৯৩॥
যাবদিতি। যাবৎ যৎপরিমাণম্, অস্থি অস্থিচূর্ণম্। তাবৎ তাবৎকালম্ ॥৯৪॥

সত্যযুগে সকল তীর্থই পুণ্যজনক, ত্রেতাযুগে পুষ্করতীর্থ পুণ্যজনক, দ্বাপরে কুরুক্ষেত্রতীর্থ পুণ্যজনক, আর কলিযুগে গঙ্গাতীর্থ পুণ্যজনক ॥৯০॥

পুষ্করতীর্থে তপস্যা করিবে, মহালযতীর্থে দান করিবে, মলযতীর্থে অগ্নিতে প্রবেশ করিবে এবং ভৃগুতুঙ্গতীর্থে উপবাস করিবে ॥৯১॥

পুষ্কর, কুরুক্ষেত্র, গঙ্গা এবং প্রয়াগাদি মধ্যবর্ত্তী তীর্থে স্নান করিয়া মানুষ উর্দ্ধে সাত পুরুষ এবং নিম্নে সাত পুরুষকে উদ্ধার করে ॥৯২॥

গঙ্গার নাম করিলে তিনি পাপনাশ করেন, দেখিলে মঙ্গল প্রদান করেন এবং স্নান ও পান করিলে সপ্তমপুরুষপর্য্যন্ত পবিত্র করেন ॥৯৩॥

রাজা! মানুষের যে পরিমাণ অস্থি গঙ্গাজল স্পর্শ করে, সে মানুষ তত কাল স্বর্গলোকে সম্মানিত হয় ॥৯৪॥

মানুষ পুণ্যতীর্থ ও পুণ্যক্ষেত্রসমূহের সেবাপূর্ব্বক পুণ্য লাভ করিয়া যেমন স্বর্গভোগী হয় ॥৯৫॥

(৯২ · ·গঙ্গায়াং মগধেষু চ···রা নি।

ন গঙ্গাসদৃশং তীর্থং ন দেবঃ কেশবাৎ পরঃ।
ব্রাহ্মণেভ্যঃ পরং নাস্তি এবমাহ পিতামহঃ ॥৯৬॥
যত্র গঙ্গা মহারাজ! স দেশস্তত্তপোবনম্।
সিদ্ধক্ষেত্রঞ্চ তজ্‌জ্ঞেয়ং গঙ্গাতীরসমাশ্রিতম্ ॥৯৭॥
ইদং সত্যং দ্বিজাতীনাং সাধূনামাত্মজস্য চ।
সুহৃদাঞ্চ জপেৎ কর্ণে শিষ্যস্যানুগতস্য চ ॥৯৮॥
ইদং ধন্যমিদং মেধ্যমিদং স্বর্গ্যমিদং সুখম্।
ইদং পুণ্যমিদং রম্যং পাবনং ধর্ম্ম্যমুত্তমম্ ॥৯৯॥
মহর্ষীণামিদং গুহ্যং সর্ব্বপাপপ্রমোচনম্।
অধীত্য দ্বিজমধ্যে চ নির্ম্মলত্বমবাপ্নুয়াৎ ॥১০০॥
শ্রীমৎ স্বর্গ্যং তথা পুণ্যং সপত্নশমনং শিবম্।
মেধাজননমগ্র্যং বৈ তীর্থবংশানুকীর্ত্তনম্ ॥১০১॥

ভারতকৌমুদী

উক্তার্থে দৃষ্টান্তমাহ—যথেতি। আয়তনানি বদরিকাশ্রমাদীনি, উপাস্য নিষেব্য ॥৯৫॥
নেতি। কেশবান্নারায়ণাৎ, পর উত্তমঃ। পরং বর্ণেষু উত্তমম্ ॥৯৬॥
যত্রেতি। স এব দেশ উত্তমস্থানম্। সিদ্ধক্ষেত্রম্ ইষ্টদেবতাসিদ্ধিস্থানম্ ॥৯৭॥
ইদমিতি। সাধূনাং শূদ্রাদীনামপি। অনুগতস্য উক্তেতরস্যাপি ॥৯৮॥
ইদমিতি। ধন্যং শ্রোতুর্ধন্যতাজনকম্। মেধ্যং পবিত্রম্। ধর্ম্ম্যং ন্যায্যম্ ॥৯৯॥
মহর্ষীণামিতি। গুহ্যং গোপনীয়ম্। অধীত্য পঠিত্বা। নির্ম্মলত্বং নিষ্পাপত্বম্ ॥১০০॥
শ্রীতি। শ্রীমৎ জনকতয়া সম্পত্তিমৎ সম্পজ্জনকমিত্যর্থঃ। তীর্থবংশস্তৎসমূহঃ ॥১০১॥

স্বয়ং ব্রহ্মা এইরূপ বলেন যে, গঙ্গার সমান তীর্থ নাই, নারায়ণ অপেক্ষা শ্রেষ্ঠ দেবতা নেই এবং ব্রাহ্মণ অপেক্ষা উত্তম বর্ণ নাই ॥৯৬॥

মহারাজ! যেখানে গঙ্গা আছেন, সেইটাই দেশ, সেইটাই তপোবন এবং গঙ্গাতীরস্থ সেই ক্ষেত্রটাকেই সিদ্ধক্ষেত্র বলিয়া জানিবে ॥৯৭॥

এই সত্য বিষয়গুলি—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, সাধুস্বভাব অন্য লোক, পুত্র, সুহৃৎ, শিষ্য এবং অনুগত অন্য লোকের কর্ণে সর্ব্বদা বলিবে ॥৯৮॥

এই তীর্থকীর্ত্তন ধন্যতাজনক, পবিত্র, স্বর্গসম্পাদক, সুখোৎপাদক, পুণ্যকারক, মনোহর, পবিত্রতাজনক এবং উত্তম যুক্তিসঙ্গত ॥৯৯॥

সর্ব্বপাপনাশক এই তীর্থগুলি মহর্ষিদের মতে গোপনীয়; তবে, ইহা দ্বিজাতিদের মধ্যে পাঠ করিয়া পাপশূন্য হইবে ॥১০০॥

---

(৯৯)···স্বর্গ্যমুত্তমম···বা ব কা।

অপুত্রো লভতে পুত্রমধনো ধনমাপ্নুয়াৎ।
মহীং বিজয়তে রাজা বৈশ্যো ধনমবাপ্নুয়াৎ।
শূদ্রো যথেপ্সিতান্ কামান্ ব্রাহ্মণঃ পারগঃ পঠন্ ॥১০২॥
যশ্চেদং শৃণুয়ান্নিত্যং তীর্থপুণ্যং নরঃ শুচিঃ।
জাতীঃ স স্মরতে বহ্বীর্নাকপৃষ্ঠে চ মোদতে ॥১০৩॥
গম্যান্যপি চ তীর্থানি কীর্ত্তিতান্যগমানি চ।
মনসা তানি গচ্ছেত সর্ব্বতীর্থসমীক্ষয়া ॥১০৪॥
এতানি বসুভিঃ সাধ্যৈরাদিত্যৈর্মরুদশ্বিভিঃ।
ঋষিভির্দেবকল্পৈশ্চ স্নাতানি সুকৃতৈষিভিঃ ॥১০৫॥
এবং ত্বমপি কৌরব্য। বিধিনাঽনেন সুব্রত।।
ব্রজ তীর্থানি নিয়তঃ পুণ্যং পুণ্যেন বর্দ্ধয়ন্ ॥১০৬॥

ভারতকৌমুদী

অপুত্র ইতি। পারগঃ সর্ব্ববিদ্যাপারগামী ভবেৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০২॥
য ইতি। পুণ্যং তীর্থমিতি তীর্থপুণ্যম্ অগ্নিষ্টোকাদিবৎ সমাসঃ। জাতীর্জন্মানি ॥১০৩॥
গম্যানীতি। অগমানি অগম্যানি। সর্ব্বেষাং তীর্থানাং সমীক্ষযা দর্শনেচ্ছয়া ॥১০৪॥
এতানীতি। মরুতো বায়বশ্চ অশ্বিনৌ চ তৈঃ। সুকৃতৈষিভিঃ পুণ্যার্থিভিঃ ॥১০৫॥

এই উত্তম তীর্থকীর্ত্তন সম্পদ, স্বর্গ ও পুণ্য জন্মায, এবং শত্রুদমন, মঙ্গলসম্পাদন ও মেধা উৎপাদন করে ॥১০১॥

এই তীর্থপ্রকরণ পাঠ করিয়া অপুত্রক ব্যক্তি পুত্র লাভ করে, নির্ধন লোক ধন পায, রাজা শত্রুরাজ্য জয় করেন, বৈশ্য ধন লাভ করেন, শূদ্র অভীষ্ট বস্তু প্রাপ্ত হন এবং ব্রাহ্মণ সমস্ত বিদ্যায় পারদর্শী হন ॥১০২॥

যে লোক পবিত্র হইয়া প্রত্যহ এই তীর্থপ্রকরণ শ্রবণ করে, সে লোক বহুতর পূর্ব্বজন্ম স্মরণ করিতে পারে এবং স্বর্গে যাইযা আমোদ করে ॥১০৩॥

(ভীষ্ম। আমি তোমার নিকট এই) গম্য ও অগম্য সমস্ত তীর্থই কীর্ত্তন করিলাম, মানুষ সকল তীর্থ দেখিবার ইচ্ছায (অন্ততঃ) মনে মনে সেই সকল তীর্থে গমন করিবে ॥১০৪॥

দেবগণ, দেবতুল্য ঋষিগণ, বসুগণ, সাধ্যগণ, মরুদ্‌গণ ও অশ্বিনীকুমারেরা পুণ্যলাভ করিবার ইচ্ছায় এই সকল তীর্থেই স্নান করিয়াছেন ॥১০৫॥

ব্রতপরায়ণ কুরুনন্দন ভীষ্ম! তুমিও ইঁহাদের মত নিয়ম অবলম্বন করিয়া পুণ্যকার্য্যদ্বারা পুণ্যবৃদ্ধি করিবার জন্য এই প্রকারে তীর্থপর্য্যটন কর ॥১০৬॥

---

(১০২)···ব্রাহ্মণঃ পাবনঃ পঠন্—পি। (১০৬)···ব্রজ তীর্থানি চ যতঃ—পি।

ভাবিতৈঃ করণৈঃ পূর্ব্বমাস্তিক্যাচ্ছ্রুতিদর্শনাৎ।
প্রাপ্যন্তে তানি তীর্থানি সদ্ভিঃ শাস্ত্রানুদর্শিভিঃ ॥১০৭॥
নাব্রতী নাকৃতাত্মা চ নাশুচির্ন চ তস্করঃ।
স্নাতি তীর্থেষু কৌরব্য! ন চ বক্রমতির্নরঃ ॥১০৮॥
ত্বয়া তু সম্যগ্‌বৃত্তেন নিত্যং ধর্ম্মার্থদর্শিনা।
পিতরস্তর্পিতাস্তাত! সর্ব্বে চ প্রপিতামহাঃ ॥১০৯॥
পিতামহপুরোগাশ্চ দেবাঃ সর্ষিগণা নৃপ!।
তব ধর্ম্মেণ ধর্ম্মজ্ঞ! নিত্যমেবাভিতোষিতাঃ ॥১১০॥
অবাপ্স্যসি ত্বং লোকান্ বৈ বসূনাং বাসবোপম!।
কীর্ত্তিঞ্চ মহতীং ভীষ্ম! ভুবি প্রাপ্স্যসি শাশ্বতীম্ ॥১১১॥

নারদ উবাচ।

এবমুক্ত্বাঽভ্যনুজ্ঞাপ্য পুলস্ত্যো ভগবানৃষিঃ।
প্রীতঃ প্রীতেন মনসা তত্রৈবান্তরধীয়ত ॥১১২॥

ভারতকৌমুদী

এবমিতি। অনেন তত্র তত্রোক্তরূপেণ। নিয়তো নিরামিষাহারাদিনিয়মী ॥১০৬॥
ভাবিতৈরিতি। ভাবিতৈঃ শ্রদ্ধাবাসিতৈঃ, করণৈর্মনঃপ্রভৃতিভিরিন্দ্রিয়ৈঃ ॥১০৭॥
নেতি। অব্রতী উপবাসাদিনিয়মশূন্যঃ, অকৃতাত্মা অশিক্ষিতচিত্তঃ ॥১০৮॥
ত্বয়েতি। সম্যগ্‌বৃত্তেন যথাযথকৃতকার্য্যেণ। তর্পিতাঃ শ্রাদ্ধাদিনা ॥১০৯॥
পিতেতি। পিতামহপুরোগা ব্রহ্মাদয়ঃ, সর্ষিগণা ঋষিগণৈঃ সহিতাঃ ॥১১০॥
অবেতি। হে বাসবোপম। ইন্দ্রতুল্য।। শাশ্বতীং চিরস্থায়িনীম্ ॥১১১॥

শাস্ত্রজ্ঞ সাধু ব্যক্তিরাই আস্তিকতাবশতঃ বেদবাক্যানুসারে ও শ্রদ্ধাযুক্ত হৃদয়ে সেই সকল তীর্থ লাভ করিয়া থাকেন ॥১০৭॥

কৌরবনন্দন! অব্রতী, অশিক্ষিত, অপবিত্র, তস্কর এবং কুটিলবুদ্ধি লোক তীর্থে স্নান করে না ॥১০৮॥

বৎস। তুমি সর্ব্বদাই যথানিয়মে চলিয়া এবং ধর্ম্ম ও অর্থের পর্য্যালোচনা করিয়া পিতৃ-পিতামহদিগের তৃপ্তি সাধন করিয়াছ ॥১০৯॥

ধর্ম্মজ্ঞ রাজনন্দন! তোমার ধর্ম্মকার্য্যে ব্রহ্মাদিদেবগণ এবং ঋষিগণ চিরদিনই সন্তুষ্ট হইয়া আসিতেছেন ॥১১০॥

অতএব হে ইন্দ্রতুল্য ভীষ্ম। তুমি অন্তিমে বসুলোকে যাইবে এবং জগতে চিরস্থায়ী মহাকীর্ত্তি লাভ করিবে" ॥১১১॥

---

(১০৯)···ধর্ম্মার্থবুদ্ধিনা—পি, ···ধর্ম্মার্থদর্শিনা। পিত্রা পিতামহৈশ্চৈব—বা ব ক। (১১২) এবমুক্ত্বাঽভ্যনুজ্ঞায়—বা ব ক।

ভীষ্মশ্চ কুরুশার্দ্দূল। শাস্ত্রতত্ত্বার্থদর্শিবান্।
পুলস্ত্যবচনাচ্চৈব পৃথিবীং পরিচক্রমে ॥১১৩॥
এবমেষা মহাভাগ। প্রতিষ্ঠানে প্রতিষ্ঠিতা।
তীর্থযাত্রা মহাপুণ্যা সর্ব্বপাপপ্রমোচনী ॥১১৪॥
অনেন বিধিনা যস্তু পৃথিবীং পর্য্যটিষ্যতি।
অশ্বমেধশতস্যাগ্র্যং ফলং প্রেত্য স ভোক্ষ্যতি ॥১১৫॥
ততশ্চাষ্টগুণং পার্থ। প্রাপ্স্যসে ধর্ম্মমুত্তমম্।
ভীষ্মঃ কুরূণাং প্রবরো যথা পূর্ব্বমবাপ্তবান্।
নেতা চ ত্বমৃষীন্ যস্মাত্তেন তেঽষ্টগুণং ফলম্ ॥১১৬॥

ভারতকৌমুদী

এবমিতি। অভ্যনুজ্ঞাপ্য স্বগমনানুমতিং কারয়িত্বা ॥১১২॥

ভীষ্ম ইতি। শাস্ত্রতত্ত্বার্থদর্শিবানিতি দৃশেঃ ক্তবত্তুপ্রত্যয়ে ইড়াগম আর্ষঃ ॥১১৩॥

এবমিতি। প্রতিষ্ঠানে তদাখ্যস্থানসন্নিহিতে প্রয়াগে, প্রতিষ্ঠিতা অবসিতা। এতদবসানং পুলস্ত্যকথনমাত্রে, ন তু লোকানাং তীর্থকৃত্যেঽপি, পাঠক্রমাদর্থক্রমস্য বলবত্ত্বাৎ। তেন যথাসম্ভব-পৌর্ব্বাপর্য্যেণ তীর্থকৃত্যং কর্ত্তব্যম্ ॥১১৪॥

অনেনেতি। অগ্র্যং শ্রেষ্ঠম্। প্রেত্য জন্মান্তরে ॥১১৫॥

ভারতভাবদীপঃ

ত্রয়ীমাত্মবিদ্যা চেতি বিদ্যন্তেঽস্মিন্ স চতুর্ব্বিদ্যস্তস্মিন্ ॥৮৫—১০৩॥ অগমানি অগম্যানি, সমীক্ষয়া দর্শনেচ্ছয়া ॥১০৪—১০৬॥ ভাবিতৈঃ শুদ্ধৈঃ, করণৈরিন্দ্রিয়ৈঃ ॥১০৭॥ অকৃতাত্মা অবশীকৃতচিত্তঃ ॥১০৮—১১৩॥ প্রতিষ্ঠানে প্রয়াগে, প্রতিষ্ঠিতা সমাপ্তা ॥১১৪॥ অশ্বমেধেতি। অগ্র্যং ফলং ক্রমমুক্তিস্থানম্, "উষা বা অশ্বস্য শির" ইত্যাদিশ্রুতেঃ, সোমপানস্যাশ্বমেধস্য তৎপ্রাপকত্বাবগমাৎ, সামান্যফলন্তু ইন্দ্রপদপ্রাপ্তিরিতি প্রসিদ্ধম্ ॥১১৫॥ অষ্টগুণ-

---

নারদ বলিলেন—"ভগবান্ পুলস্ত্যমুনি এইরূপ বলিয়া ভীষ্মের অনুমতি লইয়া, ভীষ্মের ব্যবহারে প্রীত হইয়া প্রীতচিত্তে সেইখানেই অন্তর্হিত হইলেন ॥১১২॥

কৌরবশ্রেষ্ঠ! শাস্ত্রতত্ত্বার্থদর্শী ভীষ্ম পুলস্ত্যের বাক্য অনুসারে (তীর্থকার্য্য করিবার জন্য) পৃথিবী পর্য্যটন করিয়াছিলেন ॥১১৩॥

মহারাজ! মহর্ষি পুলস্ত্য মহাপুণ্যজনক ও সর্ব্বপাপনাশক এই তীর্থযাত্রা-প্রকরণ এইভাবে প্রয়াগেই সমাপ্ত করিয়াছিলেন ॥১১৪॥

যে লোক এই বিধান অনুসারে (তীর্থকার্য্যের জন্য) পৃথিবী পর্য্যটন করিবে, সে লোক পরজন্মে শত অশ্বমেধযজ্ঞের ফল অপেক্ষাও উত্তম ফল ভোগ করিবে ॥১১৫॥

রক্ষোগণবিকীর্ণানি তীর্থান্যেতানি ভারত ! ।
ন গতির্বিদ্যতেঽন্যস্য ত্বামৃতে কুরুনন্দন ! ॥১১৭॥
ইদং দেবর্ষিচরিতং সর্ব্বতীর্থানুসংশ্রিতম্ ।
যঃ পঠেৎ কল্যমুত্থায় সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১১৮॥
ঋষিমুখ্যাঃ সদা যত্র বাল্মীকিস্ত্বথ কাশ্যপঃ ।
আত্রেয়ঃ কুণ্ডজঠরো বিশ্বামিত্রোঽথ গৌতমঃ ॥১১৯॥
অসিতো দেবলশ্চৈব মার্কণ্ডেয়োঽথ গালবঃ ।
ভরদ্বাজো বশিষ্ঠশ্চ মুনিরুদ্দালকস্তথা ॥১২০॥
শৌনকঃ সহ পুত্রেণ ব্যাসশ্চ তপতাং বরঃ ।
দুর্ব্বাসাশ্চ মুনিশ্রেষ্ঠো জাবালিশ্চ মহাতপাঃ ॥১২১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত ইতি। ততো ভীষ্মাৎ, অষ্টগুণম্ অষ্টাভিঃ সংখ্যাভির্গুণিতম্। কথমষ্টগুণমিত্যাহ—নেতেতি। নেতা নেষ্যসি। ঋষীণামপি তীর্থকৃত্যপুণ্যপ্রযোজকত্বাৎ "প্রযোজয়িতাঽনুমন্তা কর্ত্তা চেতি ত্রয়ঃ স্বর্গনরকফলভোক্তারঃ, যো ভূয় আরভতে তস্মিন্ ফলে বিশেষঃ" ইত্যাপস্তম্বস্মৃতেরিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৬॥

রক্ষ ইতি। ঋতে বিনা। তব তু ভীমসেনাদিসহায়ত্বাদ্গতির্বিদ্যত এবেতি ভাবঃ ॥১১৭॥

ইদমিতি। দেবর্ষিণা পুলস্ত্যেন চরিতমুক্তং প্রকরণম্। কল্যং প্রাতঃকালং প্রাপ্য ॥১১৮॥

ঋষীতি। যত্র বর্ত্তন্তে তত্র সহচরচিন্তা নাস্তীত্যর্থঃ। কে তে ঋষিমুখ্যা ইত্যাহ—বাল্মীকিরিতি। অসিতো নাম। পুত্রেণ শুকেন সহ ব্যাসশ্চ ॥১১৯—১২১॥

পৃথানন্দন! পূর্ব্বে কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম (তীর্থ পর্য্যটন করিয়া) যে ধর্ম্ম লাভ করিয়াছিলেন, তাহা অপেক্ষাও আটগুণ উত্তম ধর্ম্ম তুমি লাভ করিবে। যেহেতু তুমি ঋষিগণকে সঙ্গে লইয়া যাইবে, সেই হেতু তোমার আটগুণ ফল হইবে ॥১১৬॥

কুরুনন্দন! তোমা ব্যতীত অন্য ব্যক্তির রাক্ষসব্যাপ্ত এই সকল তীর্থে গমন সম্ভবপর নহে ॥১১৭॥

যে লোক প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া দেবর্ষি পুলস্ত্যোক্ত এই তীর্থযাত্রাপ্রকরণ পাঠ করিবে, সে লোক সমস্ত পাপ হইতে মুক্ত হইবে ॥১১৮॥

বাল্মীকি, কাশ্যপ, আত্রেয়, কুণ্ডজঠর, বিশ্বামিত্র, গৌতম, অসিত, দেবল, মার্কণ্ডেয়, গালব, ভরদ্বাজ, বশিষ্ঠ, উদ্দালক, শৌনক, পুত্র শুকের সহিত তপস্বিশ্রেষ্ঠ ব্যাস, মুনিশ্রেষ্ঠ দুর্ব্বাসা এবং মহাতপা জবালি—এই সকল ঋষিশ্রেষ্ঠ যেখানে সর্ব্বদা রহিয়াছেন, (সেখানে সহচরের চিন্তা নাই) ॥১১৯—১২১॥

---

(১১৮)…সর্ব্বতীর্থাভিসংবৃতম্—বা ব ক্ব নি। (১২১)…জাজলিশ্চ মহাতপাঃ—পি।

এতে ঋষিবরাঃ সর্ব্বে ত্বৎপ্রতীক্ষাস্তপোধনাঃ।
এভিঃ সহ মহারাজ! তীর্থান্যেতান্যনুব্রজ ॥১২২॥
এষ তে লোমশো নাম মহর্ষিরমিতদ্যুতিঃ।
সমেষ্যতি মহারাজ! তেন সার্দ্ধমনুব্রজ ॥১২৩॥
ময়া চ সহ ধর্ম্মজ্ঞ! তীর্থান্যেতান্যনুব্রজ।
প্রাপ্স্যসে মহতীং কীর্ত্তিং যথা রাজা মহাভিষঃ ॥১২৪॥
যথা যযাতির্ধর্ম্মাত্মা যথা রাজা পুরূরবাঃ।
তথা ত্বং রাজশার্দ্দূল! স্বেন ধর্ম্মেণ শোভসে ॥১২৫॥
যথা ভগীরথো রাজা যথা রামশ্চ বিশ্রুতঃ।
তথা ত্বং সর্ব্বরাজেভ্যো ভ্রাজসে রশ্মিবানিব ॥১২৬॥

ভারতকৌমুদী

এত ইতি। ত্বাং প্রতীক্ষন্ত ইতি ত্বৎপ্রতীক্ষাঃ। এতানি পুলস্ত্যোক্তানি ॥১২২॥

এষ ইতি। তে তব সমীপে, সমেষ্যতি আগমিষ্যতি। ইদঞ্চ যোগবলেনোক্তম্ ॥১২৩॥

ময়েতি। মহাভিষো নাম। তদাখ্যানন্ত আদিপর্ব্বণ্যুক্তং দ্রষ্টব্যম্ ॥১২৪॥

যথেতি। স্বেন স্বকীয়েনৈব, ন পুনর্গুর্ব্বাদিবর্ত্তিনেতি ভাবঃ ॥১২৫॥

যথেতি। ভ্রাজসে অধিকং দীপ্যসে, রশ্মিবান্ সূর্য্যঃ, সোপধত্বাদ্দন্তঃ ॥১২৬॥

ভারতভাবদীপঃ

মণিমাদ্যষ্টগুণযুক্তম্, ধর্ম্মং ধর্ম্মফলম্। হেতুমাহ—নেতা চেতি। গুণফলেন তুল্যফলত্বান্নেতুরনন্তং ফলমিত্যর্থঃ ॥১১৬—১২৩॥ মহাভিষঃ শান্তনুরূপেণাবতীর্ণঃ ॥১২৪—১২৫॥ রশ্মিবান্ সূর্য্যঃ ॥১২৬—১৩১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭০॥

এই সকল তপোধন মহর্ষিরা আপনারই প্রতীক্ষা করিতেছেন, অতএব মহারাজ! আপনি ইঁহাদের সহিত এই তীর্থসমূহে ভ্রমণ করুন ॥১২২॥

মহারাজ! অমিততেজা মহর্ষি লোমশ এই আপনার নিকট আসিতেছেন; আপনি তাঁহার সহিত তীর্থে ভ্রমণ করুন ॥১২৩॥

ধর্ম্মজ্ঞ রাজা! আপনি আমার সহিতও এই সকল তীর্থে ভ্রমণ করুন। তাহা হইলে, আপনি মহাভিষ-রাজার ন্যায় মহাকীর্ত্তি লাভ করিবেন ॥১২৪॥

রাজশ্রেষ্ঠ! ধর্ম্মাত্মা যযাতি এবং পুরূরবা যেমন নিজের ধর্ম্মদ্বারাই শোভা পাইতেন, তেমন আপনিও নিজের ধর্ম্মদ্বারাই শোভা পাইতেছেন ॥১২৫॥

আর, রাজা ভগীরথ এবং বিখ্যাত রামচন্দ্র যেমন সূর্য্যের ন্যায় সকল রাজা হইতে অধিক দীপ্তি পাইতেন, আপনিও তেমন সূর্য্যের ন্যায় সকল রাজা হইতেই অধিক দীপ্ত পাইতেছেন ॥১২৬॥

---

(১২৩)...সমেষ্যতি ত্বয়া চৈব—পি। (১২৪)...তীর্থান্যেতানুক্রমাৎ—বা ব কা নি।

যথা মনুর্যথেক্ষ্বাকুর্যথা পূরুর্মহাযশাঃ।
যথা বৈণ্যো মহারাজ। তথা ত্বমপি বিশ্রুতঃ ॥১২৭॥
যথা চ বৃত্রহা সর্ব্বান্ সপত্নান্ নির্দ্দহন্ পুরা।
ত্রৈলোক্যং পালয়ামাস দেবরাড়্ বিগতজ্বরঃ।
তথা শত্রুক্ষয়ং কৃত্বা ত্বং প্রজাঃ পালয়িষ্যসি ॥১২৮॥
স্বধর্ম্মবিজিতামুর্ব্বীং প্রাপ্য রাজীবলোচন!।
খ্যাতিং যাস্যসি ধর্ম্মেণ কার্ত্তবীর্য্যার্জ্জুনো যথা ॥১২৯॥

বৈশম্পায়ন উবাচ।

এবমাশ্বাস্য রাজানং নারদো ভগবানৃষিঃ।
অনুজ্ঞাপ্য মহারাজ! তত্রৈবান্তরধীয়ত ॥১৩০॥
যুধিষ্ঠিরোঽপি ধর্ম্মাত্মা তমেবার্থং বিচিন্তয়ন্।
তীর্থযাত্রাশ্রিতং পুণ্যমৃষীণাং প্রত্যবেদয়ৎ ॥১৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং নারদপ্রস্থানে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যথেতি। বৈণ্যঃ পৃথুঃ। বিশ্রুতঃ ধর্ম্মপ্রতাপাদিনা বিখ্যাতঃ ॥১২৭॥

যথেতি। বৃত্রহা ইন্দ্রঃ, সপত্নান্ শত্রূন্, বিগতজ্বরো নষ্টসন্তাপঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২৮॥

স্বেতি। যাস্যসি প্রাপ্স্যসি, ধর্ম্মেণ ধর্ম্মানুসারেণৈব ॥১২৯॥

এবমিতি। অনুজ্ঞাপ্য স্বগমনানুমতিং কারয়িত্বা ॥১৩০॥

মহারাজ! মনু, ইক্ষ্বাকু, মহাযশা পূরু এবং পৃথু যেমন বিখ্যাত ছিলেন, আপনিও তেমনিই বিখ্যাত হইয়াছেন ॥১২৭॥

পূর্ব্বকালে দেবরাজ ইন্দ্র যেমন সমস্ত শত্রু সংহার করিয়া সন্তাপবিহীন হইয়া ত্রিভুবন পালন করিয়াছিলেন, আপনিও তেমনিই শত্রুসংহার করিয়া প্রজা পালন করিবেন ॥১২৮॥

পদ্মনয়ন! আপনি কার্ত্তবীর্য্যার্জ্জুনরাজার ন্যায় স্বধর্ম্মবিজিত পৃথিবী লাভ করিয়া ধর্ম্মদ্বারাই খ্যাতি লাভ করিবেন" ॥১২৯॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! ভগবান্ নারদমুনি এইভাবে যুধিষ্ঠিরকে আশ্বস্ত করিয়া, তাঁহার অনুমতি লইয়া, সেইখানেই অন্তর্হিত হইলেন ॥১৩০॥

---

(১২৭)…পূরুর্মহারথঃ। যথা বৈণ্যো মহাতেজাঃ—পি। (১২৯) স্বধর্ম্মেণার্জ্জিতামুর্ব্বীং… খ্যাতিং যাস্যসি বীর্য্যেণ—পি। * '…পঞ্চাশীতিতমঃ…'—বা ব কা পি, '…ত্র্যশীতিতমঃ' —নি।

একসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ভ্রাতৄণাং মতমাজ্ঞায় নারদস্য চ ধীমতঃ।
পিতামহসমং ধৌম্যং প্রাহ রাজা যুধিষ্ঠিরঃ ॥১॥
ময়া স পুরুষব্যাঘ্রো জিষ্ণুঃ সত্যপরাক্রমঃ।
অস্ত্রহেতোর্মহাবাহুরমিতাত্মা বিবাসিতঃ ॥২॥
স হি বীরোঽনুরক্তশ্চ সমর্থশ্চ তপোধন।।
কৃতী চ ভৃশমপ্যস্ত্রে বাসুদেব ইব প্রভুঃ ॥৩॥
অহং হ্যেতাবুভৌ ব্রহ্মন্! কৃষ্ণাবরিবিঘাতিনৌ।
অভিজানামি বিক্রান্তৌ তথা ব্যাসঃ প্রতাপবান্ ॥৪॥

ভাবতকৌমুদী

যুধীতি। ঋষীণাং স্বাশ্রিতানাং ধৌম্যাদীনামন্তিকে ॥১৩১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভ্রাতৄণামিতি। পিতামহসমং তপঃপ্রভাবাদৌ ব্রহ্মণস্তুল্যম্, ধৌম্যং পুরোহিতম্ ॥১॥
ময়েতি। জিষ্ণুরর্জ্জুনঃ। অস্ত্রহেতোরস্ত্রশিক্ষার্থম্, অমিতাত্মা অসাধারণধৈর্য্যঃ ॥২॥
স ইতি। সমর্থঃ সর্ব্বকার্য্যসাধনে শক্তঃ। কৃতী নিপুণঃ ॥৩॥
অহমিতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। প্রতাপবান্ তপঃপ্রভাববান্ ॥৪॥

ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরও সেই বিষয় চিন্তা করিতে থাকিয়া, সহচর ঋষিদের নিকট তীর্থযাত্রার পুণ্যের বিষয় জানাইলেন ॥১৩১॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—রাজা যুধিষ্ঠির জ্ঞানী নারদের এবং ভ্রাতাদের মত জানিয়া ব্রহ্মার তুল্য প্রভাবশালী ধৌম্য পুরোহিতকে বলিলেন—॥১॥

"যথার্থ পরাক্রমশালী, অসাধারণ ধৈর্য্যশীল, মহাবাহু ও পুরুষশ্রেষ্ঠ সেই অর্জ্জুনকে আমি অস্ত্রশিক্ষার জন্য নির্ব্বাসিত করিয়াছি ॥২॥

তপোধন! অর্জ্জুন—কৃষ্ণের তুল্যই বীর, আমার প্রতি অনুরক্ত, সমস্ত কার্য্যসাধনে সমর্থ, অস্ত্রে অত্যন্ত নিপুণ এবং প্রভাবশালী ॥৩॥

---

(১) ..ইদমাহ যুধিষ্ঠিরঃ। রাজোবাচ।—পি। (২) ময়া তু স নরব্যাঘ্রঃ—পি।

ত্রিযুগৌ পুণ্ডরীকাক্ষৌ বাসুদেবধনঞ্জয়ৌ।
নারদোঽপি তথা বেদ যোঽপ্যশংসৎ সদা মম ॥৫॥
তথাঽহমপি জানামি নরনারায়ণাবৃষী।
সর্ব্বমারাধয়স্বেতি ময়া সম্প্রেষিতোঽর্জ্জুনঃ ॥৬॥
ইন্দ্রাদনবরঃ শক্তঃ সুরসূনুঃ সুরাধিপম্।
দ্রষ্টুমস্ত্রাণি চাদাতুমিন্দ্রাদিতি বিবাসিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

ত্রীতি। ত্রিযুগৌ সত্যত্রেতাদ্বাপরাত্মকযুগত্রয়েঽপি মূর্ত্তিভেদেন বিদ্যমানৌ, সত্যত্রেতয়োর্নরনারায়ণর্ষিরূপেণ দ্বাপরে চাত্র কৃষ্ণার্জ্জুনরূপেণ স্থিতাবিতি ভাবঃ ॥৫॥

তথেতি। বাসুদেবধনঞ্জয়ৌ নরনারায়ণাবৃষী জানামি। সর্ব্বং মহাদেবম্ ॥৬॥

ইন্দ্রাদিতি। অনবরঃ অনিকৃষ্টঃ, সুরসূনুর্দেবপুত্রঃ, আদাতুং গ্রহীতুম্ ॥৭॥

ভারতভাবদীপঃ

ভ্রাতৃণামিতি ॥১॥ অমিতাত্মা অমিতধৈর্য্যঃ। "আত্মা বুদ্ধৌ ধৃতৌ দেহে" ইতি কোষাৎ ॥২—৪॥ ত্রিযুগৌ ধর্ম্মস্য ভার্য্যায়াং মূর্ত্তিসংজ্ঞায়াং কৃতযুগেঽবতীর্ণৌ নরনারায়ণৌ তাবেব দ্বাপরান্তেঽপি কেশবার্জ্জুনাবিতি পুরাণপুরুষাবেতৌ নাস্মদাদিবৎ মানুষাবিতি ভাবঃ। পুণ্ডরীকাক্ষৌ সাক্ষাদ্বিষ্ণূ। যদ্বা ত্রীণি যুগানি যুগলানি ষড়ৈশ্বর্য্যাণি ভগসংজ্ঞানি বা ষড়ঙ্গানি বা যয়োস্তৌ ত্রিযুগৌ, তানি চ পুরাণান্তরে স্মর্য্যন্তে। "ঐশ্বর্য্যস্য সমগ্রস্য জ্ঞানস্য যশসঃ শ্রিয়ঃ। বৈরাগ্যস্য চ ধর্ম্মস্য ষণ্ণাং ভগ ইতীঙ্গনা ॥" ইঙ্গনা সংজ্ঞা। "সর্ব্বজ্ঞতাতৃপ্তিরনাদিবোধঃ স্বতন্ত্রতা নিত্যমলুপ্তশক্তিঃ। অনন্তশক্তিশ্চ বিভোর্বিভুজ্ঞাঃ ষড়াহুরঙ্গানি মহেশ্বরস্য ॥" ইতি। অন্যে তু জ্ঞানৈশ্বর্য্যে বীর্য্যবলে তেজঃপরাক্রমৌ চেতি ত্রীণি যুগলানীত্যাহুঃ। তত্র জ্ঞানমনপবোধং ত্রৈকালিকার্থস্ফুরণম্। ঐশ্বর্য্যমিচ্ছানভিঘাতঃ। বলমুপক্রান্তনির্ব্বাহঃ। বীর্য্যং কামমন্ত্রশক্তিঃ। তেজঃ পরাভিঘাতঃ, পরাক্রমো যথাকালমুত্থানমিতি যদ্ব্যাচক্ষতে চ তন্নির্ম্মূলং

ব্রাহ্মণ! আমি এই কৃষ্ণ ও অর্জ্জুন দুই জনকেই শত্রুঘাতী ও বিক্রমশালী বলিয়া জানি, তপঃপ্রভাবযুক্ত বেদব্যাসও সেইরূপই জানেন ॥৪॥

নারদও কৃষ্ণ এবং অর্জ্জুনকে সত্য, ত্রেতা ও দ্বাপরযুগবর্ত্তী এবং পদ্মনয়ন বলিয়া জানেন; যিনি সর্ব্বদাই আমার নিকট ঐরূপ বলিয়াছেন ॥৫॥

এবং আমিও জানি যে, কৃষ্ণ ও অর্জ্জুন নর-নারায়ণ ঋষি। সেই অর্জ্জুনকে আমি এই বলিয়া পাঠাইয়া দিয়াছি যে, তুমি যাইয়া শিবের আরাধনা কর ॥৬॥

অর্জ্জুন ইন্দ্রের পুত্র, সুতরাং ইন্দ্র হইতে নিকৃষ্ট নহে; অতএব সে—ইন্দ্রকে দেখিতে এবং তাঁহার নিকট হইতে অস্ত্র গ্রহণ করিতে সমর্থ হইবে, ইহা ভাবিয়াই আমি তাহাকে পাঠাইয়াছি ॥৭॥

(৬)…শক্তোঽয়মিত্যতো ময়া ময়া—বা ব কা নি।

ভীষ্মদ্রোণাবতিরথৌ কৃপো দ্রৌণিশ্চ দুর্জ্জয়ঃ।
ধৃতরাষ্ট্রস্য পুত্রেণ বৃতা যুধি মহারথাঃ ॥৮॥
সর্ব্বে বেদবিদঃ শূরাঃ সর্ব্বেঽস্ত্রকুশলাস্তথা।
যোদ্ধুকামাশ্চ পার্থেন সততং তে মহাবলাঃ ॥৯॥
স চ দিব্যাস্ত্রবিৎ কর্ণঃ সূতপুত্রো মহারথঃ।
যোঽস্ত্রবেগানিলবলঃ শরার্চ্চিস্তলনিস্বনঃ।
রজোধূমোঽস্ত্রসম্পাতো ধার্ত্তরাষ্ট্রানিলোদ্ধতঃ ॥১০॥
নিসৃষ্ট ইব কালেন যুগান্তে জ্বলনো মহান্।
মম সৈন্যময়ং কক্ষং প্রধক্ষ্যতি ন সংশয়ঃ ॥১১॥ (যুগ্মকম্)
তং স কৃষ্ণানিলোদ্ধূতো দিব্যাস্ত্রজ্বলনো মহান্।
শ্বেতবাজিবলাকাভৃদ্‌গাণ্ডীবেন্দ্রায়ুধোল্বণঃ ॥১২॥

ভারতকৌমুদী

অথ কথং বিবাসিত ইত্যাহাষ্টাভিঃ শ্লোকৈর্ভীষ্মেতি। দ্রৌণিরশ্বত্থামা ॥৮॥

সর্ব্ব ইতি। পার্থেন অর্জ্জুনেন সহ যোদ্ধুকামাঃ, মহাবীরত্বজ্ঞানাদিতি ভাবঃ ॥৯॥

স ইতি। অস্ত্রবেগে তদুৎপাদনে অনিলস্যেব বলং যস্য সঃ, শরা এবার্চ্চিষঃ শিখা যস্য সঃ, তলস্য হস্তাবাপস্য নিস্বন এব নিস্বনো যস্য সঃ, রজো ধূলিরেব ধূমো যস্য সঃ, অস্ত্রসম্পাত এব সম্পাত আগমনং যস্য সঃ, ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধন এবানিলো বায়ুস্তেন উদ্ধতঃ সঞ্চালিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। যুগান্তে কালেন, নিসৃষ্টঃ প্রেরিতো বহ্নিরিব, মহান্ জ্বলনো বহ্নিস্তৎস্বরূপঃ, মম সৈন্যময়ং সৈন্যস্বরূপম্, কক্ষং শুষ্কতৃণরাশিম্, প্রধক্ষ্যতি। অত্র সংশয়ো নাস্তি ॥১০—১১॥

ভারতভাবদীপঃ

পুনরুক্তিদোষাদযুক্তঞ্চ ॥৫—৬॥ অনবরোঽন্যূনঃ ॥৭—৮॥ অস্ত্রবিদুরোঽস্ত্রবিদ্বাংসঃ ॥৯॥

ভীষ্ম ও দ্রোণ অতিরথ এবং কৃপ ও অশ্বত্থামা দুর্জ্জয়; অথচ দুর্য্যোধন সেই মহারথগণকে যুদ্ধে আগেই বরণ করিয়া রাখিয়াছে ॥৮॥

তাঁহারা সকলেই বেদবিৎ, বীর, অস্ত্রনিপুণ ও মহাশক্তিশালী এবং সকলেই অর্জ্জুনের সহিত সর্ব্বদা যুদ্ধাভিলাষী ॥৯॥

সেই সূতপুত্র কর্ণও দিব্যাস্ত্রবিৎ মহারথ, অস্ত্রের বেগ উৎপাদনে বায়ুর তুল্য যাহার বল, বাণই যাহার শিখা, তলত্রাণের শব্দই যাহার শব্দ, ধূলিই যাহার ধূম, অস্ত্রের উপস্থিতিই যাহার উপস্থিতি এবং দুর্য্যোধনরূপ বায়ু যাহার পরিচালক, সেই কর্ণরূপ বিশাল অগ্নি, প্রলয়কালে কালকর্ত্তৃক প্রেরিত অগ্নির ন্যায়ই আমার সৈন্যরূপ শুষ্কতৃণসমূহকে দগ্ধ করিতে থাকিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১০—১১॥

---

(৯)…সর্ব্বেঽস্ত্রবিদুরস্তথা—বা ব কা পি। (১০)…সোঽস্ত্রবেগানিলবলঃ—বা ব কা পি।

সংবৃদ্ধঃ শরধারাভিঃ সুদীপ্তং কর্ণপাবকম্।
উদীর্ণোঽর্জ্জুনমেঘোঽয়ং শমযিষ্যতি সংযুগে ॥১৩॥ (যুগ্মকম্)
স সাক্ষাদেব সর্ব্বাণি শক্রাৎ পরপুরঞ্জয়ঃ।
দিব্যান্যস্ত্রাণি বীভৎসুস্তত্ত্বতঃ প্রতিপৎস্যতে ॥১৪॥
অলং স তেষাং সর্ব্বেষামিতি মে ধীযতে মতিঃ।
নাস্তি ত্বতিক্রিয়া তস্য রণেঽরীণাং প্রতিক্রিয়া ॥১৫॥
তং বয়ং পাণ্ডবং সর্ব্বে গৃহীতাস্ত্রং ধনঞ্জয়ম্।
দ্রষ্টারো নহি বীভৎসুর্ভারমুদ্যম্য সীদতি ॥১৬॥

ভারতকৌমুদী

